# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in | /DigitalJagoBangla | /jagobangladigital | /jago_bangla | www.jagobangla.in


## নিয়োগে কঠোর

পুরসভায় কর্মী নিয়োগে কঠোর সরকার। ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনকে বাদ দিয়ে নিয়োগ নয়। প্রয়োজনে মিউনিসিপ্যাল কমিশনের কাছে আবেদন করতে হবে




## শুষ্ক আবহাওয়া

কলকাতা-সহ দক্ষিণের সব জেলায় বৃষ্টির সম্ভাবনা। উত্তরের কিছু জেলায় বৃষ্টি ও বজ্রপাতের পূর্বাভাস। সোমবার পর্যন্ত তাপপ্রবাহের ইঙ্গিত। আবহাওয়া মূলত শুকনোই থাকবে



## বালুচিস্তানে বাসে গ্রেনেড হামলা, হত ৯০ পাক সেনা



## পথ দুর্ঘটনায় ক্ষতিপূরণ দিতে ‘হিট অ্যান্ড রান’ কমিটি রাজ্যে





বর্ষ - ২০, সংখ্যা ২৯৮ • ১৭ মার্চ, ২০২৫ • ৩ চৈত্র ১৪৩১ • শনিবার • দাম - ৪ টাকা • ১৬ পাতা • Vol. 20, Issue - 298 • JAGO BANGLA • MONDAY • 17 MARCH, 2025 • 16 Pages • Rs-4 • RNI NO. WBBEN/2004/14087 • KOLKATA


# মিথ্যাবাদী বিজেপি, সুইসাইড নোট লিখে আত্মঘাতী কৃষক

**প্রতিবেদন :** ভোটের সময় কৃষক দরদ উথলে পড়ে। ভোট ফুরোলেই আসল চরিত্র প্রকাশ্যে। বিজেপির মহারাষ্ট্র তার সাম্প্রতিক উদাহরণ। বারবার দাবি জানিয়ে, অনশন করে, মিছিল করে, অবরোধ করেও ফড়নবিশ সরকারের ঘুম ভাঙাতে পারেননি কৃষকরা। শেষে আত্মহত্যার পথ বেছে নিলেন তরুণ কৃষক কৈলাস অর্জুন নাগাড়ে। কৈলাসের পকেট থেকে উদ্ধার হয়েছে তিন পাতার সুইসাইড নোট। যা লিখেছেন তাতে বিজেপি সর্বনাশের আগুন দেখতে শুরু করেছে। তিনি লিখেছেন, বিজেপি সরকারের কারণেই আমি মৃত্যু বেছে নিলাম। এরা কৃষক, গরিব মানুষের কথা ভাবে না। ভোটের আগে প্রতিশ্রুতি দিয়েও তা রাখেনি। কৃষকদের উপেক্ষা করেছে, কথাও শোনার ধৈর্য দেখায়নি। আমার মৃত্যুতে যদি টনক নড়ে। যতক্ষণ না দাবি মানা হয়, ততক্ষণ যেন খেত থেকে আমার দেহ সরানো না হয়। কৈলাসের মৃত্যুতে ফুঁসছে বুলঢানা জেলার কৃষকরা।

পরিহাসের বিষয় হল, ২০২০ সালে এই কৈলাসকেই রাজ্যের বিজেপি সরকার ‘ইয়ং ফার্মার অ্যাওয়ার্ড’ দিয়েছিল। সেই বিজেপির আমলেই তাঁকে আত্মহত্যার পথ বেছে নিতে হল। এর থেকে লজ্জার কী থাকতে পারে! বুলঢানা জেলার শিবনি আরমল গ্রাম। শেষ ৭-৮ বছর ধরে গ্রামের মানুষের একটাই দাবি, খড়কপূর্ণ জলাধার থেকে ১৪টি গ্রামের সেচের জলের ব্যবস্থা করে দিক স্থানীয় প্রশাসন। কৈলাস এলাকায় নেতৃত্ব দিতেন। নিজেই দরবার করেছেন বারবার। মিছিল নিয়ে দাবি জানিয়েছেন। টানা ১০ দিন অনশন করেছেন। (এরপর ১২ পাতায়)



মৃত কৃষক কৈলাস অর্জুন নাগাড়ে।

## মুখ্যমন্ত্রী আজ ফুরফুরা শরিফে



**প্রতিবেদন :** ইফতারে যোগ দিতে আজ, সোমবার হুগলির ফুরফুরা শরিফে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই নিয়ে তৎপর পুলিশ ও প্রশাসন। মুখ্যমন্ত্রী ফুরফুরা শরিফের মুশফিরখানাতে ইফতার পার্টিতে মিলিত হবেন। ফুরফুরা শরিফে বিশ্ববিদ্যালয় তৈরি হচ্ছে। সেই বিশ্ববিদ্যালয়টির নামকরণ নিয়েও কথা হবে। এলাকার মানুষ মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাতে তৈরি।

## অসমের ভোটে তৃণমূলের প্রার্থী

**প্রতিবেদন :** অসমের রাভা হাসং অটোনমাস কাউন্সিলের নির্বাচনে ৪ আসনে প্রার্থী দিল তৃণমূল প্রদেশ কংগ্রেস। বন্তাপাড়া কেন্দ্রে শ্যামল রাভা, উত্তর বনগাঁতে প্রতাপকুমার সাহা, দক্ষিণ বনগাঁতে রূপকুমার বড়ো এবং বামুনি গাঁওতে লড়বেন পরাশ দাস। (বিস্তারিত ভিতরে)

## বিজেপিতে শুরু গোষ্ঠীকোন্দল

**প্রতিবেদন :** লাগাতার গোষ্ঠীকোন্দলে জেরবার রাজ্য বিজেপির অন্দরমহল! জেলা ও মণ্ডল সভাপতিদের নাম ঘোষণার হতেই জেলায়-জেলায় দলের মধ্যেই শুরু বিক্ষোভ, প্রতিবাদ, কুৎসা ও পোস্টার রাজনীতি। জেলায় জেলায় শুরু মারামারি-চুলোচুলি। (বিস্তারিত ভিতরে)

## চৈত্রেই দাবদাহ সঙ্গে শিলাবৃষ্টি

**প্রতিবেদন :** রবি ও সোমবার তাপপ্রবাহের সতর্কতা জারি করেছিল হাওয়া অফিস। সন্ধে হতেই বদল আবহাওয়ায়। কলকাতা-সহ সংলগ্ন এলাকায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টি। বাঁকুড়া, বিষ্ণুপুর, কোতুলপুর ও পুরুলিয়ায় ঝমঝমিয়ে শিলাবৃষ্টি শুরু হয়। (বিস্তারিত ভিতরে)

## সংসদে ঝড় তুলতে রণনীতি তৈরি তৃণমূলের

**প্রতিবেদন :** ভোটার পরিচয়পত্রের দুর্নীতি নিয়ে সংসদে ঝড় তুলবে তৃণমূল। যে কোনও মূল্যে সংসদের চলতি অধিবেশনেই ডুপ্লিকেট এপিক ইস্যু নিয়ে আলোচনা করতে হবে সরকারকে, নিজেদের অবস্থান স্পষ্ট করে ফের জানিয়ে দিয়েছে তৃণমূল কংগ্রেস। হোলি এবং দোলযাত্রার কারণে পরপর চারদিন ছুটির পরে সোমবার থেকে ফের শুরু হচ্ছে সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব। এই সপ্তাহেই সরকারকে সংসদে আলোচনা করতে হবে ডুপ্লিকেট এপিক ইস্যু ছাড়াও একাধিক বিষয়ে সংসদে ঝড় তুলবে তৃণমূল কংগ্রেস।

দলের অবস্থান স্পষ্ট করে রবিবার তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন বলেন, আলোচনার ফর্ম যাই হোক না কেন, সংসদে আলোচনা হওয়াটা জরুরি। এই ক্ষেত্রে আমাদের অবস্থানে কোনও পরিবর্তন নেই। সরকারকে এটা বুঝতে হবে। সোমবার আলোচনা করা সম্ভব না হলে মঙ্গলবার সংসদে ডুপ্লিকেট এপিক ইস্যুতে আলোচনা করুক সরকারপক্ষ। (এরপর ১০ পাতায়)

## জেলায় জেলায় কমিটি তৈরির প্রস্তুতি, তৎপরতা দলীয় নেতৃত্বের

**প্রতিবেদন :** ভার্চুয়াল বৈঠকের ২৪ ঘণ্টা কাটতে না কাটতেই তৎপরতা শুরু দলীয় নেতৃত্বের। ভুয়ো ভোটার তালিকা সংশোধনীর কাজে রবিবার সকাল থেকেই জেলায় জেলায় নিজেদের মধ্যে আলোচনা শুরু করে দিয়েছেন নেতা-নেত্রীরা। যেসব জায়গায় জেলা কমিটি প্রায় চূড়ান্ত হয়ে গিয়েছে, সেগুলোকে আর একবার ঝালিয়ে নেওয়া, অঞ্চল কমিটি-বুথ কমিটি তৈরি করা নিয়ে ঘরোয়া আলোচনাও সেরে ফেলছে নেতৃত্ব। বিশেষ করে যেসব জায়গায় বিএলএ-২ নেই, সেখানে অভিষেক বন্দ্যোপাধ্যায় (এরপর ১২ পাতায়)



## বুধেই পৃথিবীতে, প্রশ্নে সুনীতাদের সুস্থতা



**প্রতিবেদন :** প্রায় ন'মাস মহাশূন্যে কাটিয়ে বুধবারই সুনীতা উইলিয়ামসরা ফিরছেন পৃথিবীতে। ইতিমধ্যেই স্পেসএক্সের রকেট ফ্যালকন-৯ তাঁদের ফেরাতে পৌঁছে গিয়েছে আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে। কিন্তু এতদিন পর মাধ্যাকর্ষণে ফিরে তাঁরা কেমন থাকবেন। তাঁদের সুস্থতা নিয়ে উদ্বেগে নাসার মহাকাশ বিজ্ঞানীরা। তাই পৃথিবীতে ফিরেই বাড়ি ফেরা হবে না সুনীতা উইলিয়ামস, বুচ উইলিয়ামসদের। পাঠানো হবে রিহ্যাবে। মহাকাশ বিজ্ঞানীদের আশঙ্কা, দীর্ঘ সময় (এরপর ১২ পাতায়)

## দিনের কবিতা

‘জাগোবাংলা’য় শুরু হয়েছে নতুন সিরিজ— ‘দিনের কবিতা’। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।



### ভয় পেয়ো না

ভয় পেয়ো না মা  
ভয় পেয়ো না মা  
তোমরা করেছো জয়!  
বন্দুক গর্জনকে স্তব্ধ করে  
ভেঙেছো মৃত্যুভয়।।

ঈশান কোণে ওগো অভিমানিনী  
হে মোর ধরণী  
চাঁদিনী যামিনী  
অরণ্যের ছায়ায়  
তুমি তো গরবিনী।।

চোখের তৃষ্ণা, অন্তরের চেতনা  
জয় করেছো সব ব্যথা-বেদনা  
তোমরাই তো আসল মানুষ  
ভয় পেয়ো না মা  
তোমাদের কেউ ভুলবে না।।

মুখ আর মুখোশকে  
বাজেয়াপ্ত করে  
সত্য দেখালে পথ  
তোমরাই তো জন্মদাত্রী  
দেশের ভবিষ্যৎ।।

জন্মভূমির জননী মোদের  
ধন্য মোদের মা  
তোমাদের ছাড়া মুক্তি আসে না  
তুমি তো মোদের মা  
তুমি মাতা, তুমি কন্যা।।

তোমরাই গড়বে শান্তি সকাল  
দুপুরে আনবে স্বস্তি  
ধানের খেতে পড়ন্ত বেলায়  
আনবে তোমরা মুক্তি  
ভয় পেয়ো না ধরিত্রী।।

ভয় পেয়ো না মা  
ভীরু ভয়, ভয় হয় না  
ভয়ে ভয়ে মরা জীবন যন্ত্রণা  
ভয় জীবনের ক্ষয়  
ভয়কে করো গো জয়।।

## তারিখ অভিধান

**১৯২০** **শেখ মুজিবুর রহমান** (১৯২০-১৯৭৫)



এদিন ফরিদপুরে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। বাবা শেখ লুৎফর রহমান, মা সায়েরা। ১৯৪৯ সালে আওয়ামি মুসলিম গঠন করা হলে শেখ মুজিবুর রহমান দলের প্রথম যুগ্ম সাধারণ সম্পাদক, ১৯৫৩-তে সাধারণ সম্পাদকের দায়িত্ব পান। ১৯৫৪ ও ১৯৫৬-তে তৎকালীন প্রাদেশিক সরকারের মন্ত্রিপরিষদের সদস্য ছিলেন। ১৯৬৩-তে হোসেন শহিদ সোহরাওয়ার্দির মৃত্যুর পর আওয়ামি লিগের সভাপতি নির্বাচিত হন শেখ মুজিবুর রহমান। ১৯৬৬-র লাহোরে বিরোধী দলগুলোর জাতীয় সম্মেলনে শেখ মুজিব ছয় দফা দাবি উত্থাপন করেন। ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯-তে ঢাকায় এক সমাবেশে তাঁকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়। ৫ ডিসেম্বর, ১৯৬৯-এর এক জনসভায় বঙ্গবন্ধু পূর্ব বাংলার নামকরণ করেন 'বাংলাদেশ'। ৭ মার্চ, ১৯৭১-এ রেসকোর্স ময়দানে এক ভাষণে বঙ্গবন্ধু স্বাধীনতার ডাক দেন। ঘোষণা করেন 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' তাঁর ডাকে উত্তাল হয়ে ওঠে সারা বাংলা। ২৫ মার্চ গভীর রাতে বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয়। ২৬ মার্চ প্রথম প্রহরে তাঁর নামে স্বাধীনতার ঘোষণা প্রচার করা হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকারের রাষ্ট্রপতি হন শেখ মুজিবুর রহমান।

**১৯৯৬** **অনিল চট্টোপাধ্যায়** (১৯২৯-১৯৯৬) এদিন প্রয়াত হন। ঋত্বিক ঘটকের 'নাগরিক', 'কোমল গান্ধার', 'অযান্ত্রিক', সত্যজিৎ রায়ের 'তিনকন্যা'-র অন্তর্গত 'পোস্টমাস্টার', 'কাঞ্চনজঙ্ঘা', অসিত সেনের 'স্বরলিপি', অগ্রদূতের 'অগ্নিসংস্কার', অরবিন্দ মুখোপাধ্যায়ের 'আহ্বান', যাত্রিকের 'কাঁচের স্বর্গ', পিনাকি মুখার্জির 'রক্ত পলাশ', তপন সিংহের ছবি 'নির্জন সৈকতে' প্রভৃতি ছবিতে অনিল নিজের মহিমা বিকাশ করেছেন। পুরো জীবনটাই ছিল খামখেয়ালি। পঞ্চাশের দশকের শুরুতে যখন জার্মান কোলাবরেশনের একটা কোম্পানিতে চাকরি করতেন, তখন মাইনে ছিল ৭০০-৮০০ টাকা। তখনকার দিনে টাকাটা রীতিমতো বেশি। কিন্তু অনিল চট্টোপাধ্যায় হঠাৎ বলে বসলেন, সেই কাজ তাঁর ভাল লাগছে না। দূরসম্পর্কের আত্মীয় অর্ধেন্দু মুখোপাধ্যায় তখন পরিচালক। তাঁর সহকারী হয়েই ঢুকে গেলেন টলিউডে। মাইনে মাসে ৫০ টাকা! এক ধাক্কায় উপার্জন দাঁড়াল মোটামুটি ৮ শতাংশে। সারা জীবনে



অসংখ্য সিনেমায় কিন্তু তাঁকে বারবার চরিত্রাভিনেতা হিসাবেই পেয়েছি। নায়কের চরিত্রে অভিনয় করতে তেমন পছন্দ করতেন না। আর রোমান্টিক নায়ক হলে তো নয়ই। একবার নাকি এক প্রযোজক তাঁকে নিয়ে রীতিমতো ঝুলোঝুলি শুরু করেছিলেন। অনিল চট্টোপাধ্যায় বলেন, তিনি রোমান্টিক নায়কের চরিত্রে অভিনয় করবেন না। তেমন চরিত্র ওঁর ভাল লাগে না। কিন্তু প্রযোজক ভাবেন, হয়ত পারিশ্রমিকের জন্যই তিনি রাজি হচ্ছেন না। শেষে উত্তমকুমারের চেয়েও বেশি পারিশ্রমিক দিতে রাজি হন প্রযোজক। তখন অনিল চট্টোপাধ্যায় খানিকটা ইতস্তত করে মাথা নেড়ে জানান, তাঁর যা পারিশ্রমিক তাই দিলেই হবে। তবে অভিনয়টা তিনি করে দেবেন।



**২০১৯** **চিন্ময় রায়** (১৯৪০-২০১৯) এদিন প্রয়াত হন। প্রথিতযশা কৌতুক অভিনেতা। রুপোলি পর্দায় কমেডিয়ান হিসেবে জনপ্রিয় হলেও অভিনয় জগতে চিন্ময়বাবুর শুরুটা হয়েছিল থিয়েটারের মঞ্চে। নান্দীকারের মতো গ্রুপ থিয়েটারের দলে। এর পর অভিনয় শুরু রুপোলি পর্দায়। প্রথম ছবি 'গল্প হলেও সত্যি'। তপন সিংহের পরিচালনায় প্রথম ছবিতেই নজর কাড়লেন। এর পর আর থেমে থাকেননি। 'বসন্ত বিলাপ', 'গুপী গাইন বাঘা বাইন', 'শ্রীমান পৃথ্বীরাজ', 'ধন্যি মেয়ে', 'চারমূর্তি', 'মৌচাক', 'হাটে বাজারে', 'ঠগিনী', 'ফুলেশ্বরী', 'সুবর্ণ গোলক', 'ওগো বধূ সুন্দরী'— একের পর ছবিতে তিনি মাতিয়েছেন বাঙালি দর্শককে।



**১৯৬২** **কল্পনা চাওলা** (১৯৬২-২০০৩) এদিন হরিয়ানার কারনালে জন্মগ্রহণ করেন। ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নভোচর। ২০০৩ সালের ১ ফেব্রুয়ারি আকাশেই হারিয়ে গিয়েছেন মহাকাশচারী কল্পনা চাওলা। পৃথিবীতে তাঁর ঘরে ফেরার সময়। তাঁর এই বহু চেনা গ্রহের বায়ুমণ্ডলই সে দিন ঘরে ফিরতে দেয়নি কল্পনা ও তাঁর সঙ্গী আরও ৬ মহাকাশচারীকে। বায়ুমণ্ডলের সঙ্গে সংঘর্ষে পুড়ে ছাই হয়ে গিয়েছিল 'কলম্বিয়া' মহাকাশযান।

## নজরকাড়া ইনস্টা



■ মিমি চক্রবর্তী



■ অঙ্কুশ, সঙ্গে ঐন্দ্রিলা



■ মনামি ঘোষ

## পার্টির কর্মসূচি




সর্বভারতীয় তৃণমূল সভানেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও সর্বভারতীয় তৃণমূল সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে হাড়োয়া বিধানসভার অন্তর্গত দেগঙ্গা ব্লক-২ এর সকল বুথের জনপ্রতিনিধি, বুথ সভাপতি ও দায়িত্বশীল কর্মীদের নিয়ে বুথভিত্তিক ভোটার তালিকা নিরক্ষণ কর্মশালা হল। সেই সঙ্গে চাঁপাতলা অঞ্চল ও দেগঙ্গা-১ নম্বর অঞ্চল থেকে চারজন আইএসএফ থেকে তৃণমূলে যোগদান করেন হাড়োয়ার বিধায়ক রবিউল ইসলামের হাত ধরে।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৩২৪



**পাশাপাশি :** ২. বড়লোক, ধনী ৫. স্বেচ্ছাশ্রম ৬. শূন্যতা ৭. পুরাণে বর্ণিত সপ্তভুবনের অন্যতম ৯. মল্লিকা ফুল ১২. শিরোমাল্য ১৩. বিবরণ, জ্ঞাপন ১৪. ঠক, প্রতারক।

**উপর-নিচ :** ১. না-বলা ২. দারোয়ান ৩. ময়ূর সিংহাসন ৪. হাতি ৮. বিদ্যুৎ ছটাই ৯. প্রতিদিন ১০. কর্মকুশল ১১. ভাল পছন্দ।

■ শুভজ্যোতি রায়

**সমাধান ১৩২৩ : পাশাপাশি :** ১. অস্বাদু ৩. উজাগর ৫. শক্তিরসাধক ৭. পতন ৮. নওশা ১০. কামিনীসুলভ ১২. রমরমা ১৩. নয়ন। **উপর-নিচ :** ১. অভিক্ষেপ ২. দুর্গেশনন্দিনী ৩. উচ্চার ৪. রঞ্জক ৬. সাধনভজন ৯. শামাদান ১০. কাউর ১১. সুষমা।

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও সরস্বতী প্রিন্ট ফ্যাক্টরি প্রাইভেট লিমিটেড ৭৮৯, চৌভাগা ওয়েস্ট, চায়না মন্দিরের কাছে, কলকাতা ৭০০ ১০৫ থেকে মুদ্রিত।
সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Saraswati Print Factory Pvt. Ltd. 789 Chowbhaga West, near China Mandir, Kolkata 700 105 Regd. No. WBBEN / 2004/14087 • Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

ডাকাতির ছক বানচাল। সাত ডাকাতকে গ্রেফতার করল বারুইপুর থানা। তাদের কাছে থেকে মিলেছে চারচাকার গাড়ি, ভুয়ো নম্বর প্লেট, আগ্নেয়াস্ত্র ও তালা ভাঙার যন্ত্র

আমারশহর
17 March, 2025 • Monday • Page 3 || Website - www.jagobangla.in



## রাজ্যের টাকায় চলছে 'জলস্বপ্ন'

# বাংলার মুখ্যমন্ত্রীর প্রকল্পই মডেল, তবু কেন্দ্রীয় বঞ্চনা

**প্রতিবেদন :** রাজ্যের মানুষের কাছে পর্যাপ্ত পানীয় জল পৌঁছে দিতে বদ্ধপরিকর বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। চার মাস আগেই তিনি তার দিশা দেখিয়েছিলেন। এখন গোটা দেশে সেই মমতা-মডেলই অবলম্বন করছেন প্রধানমন্ত্রী। কিন্তু বাংলার ক্ষেত্রে প্রতিহিংসার রাজনীতিতে কেন্দ্রীয় বঞ্চনা অব্যাহতই রেখেছেন। যথারীতি বাংলার প্রাপ্য টাকা দেওয়া বন্ধ রেখেছে কেন্দ্র। জলস্বপ্ন প্রকল্পের কাজ অব্যাহত রাখতে তাই বর্তমানে কাজ চলছে রাজ্যের টাকায়। এই পরিস্থিতিতে সম্প্রতি আরও ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছে নবান্ন।

২০২৪-'২৫ অর্থবর্ষে কেন্দ্র নিজের অংশের ৫ হাজার ৮৯ কোটি টাকার মধ্যে মাত্র ২ হাজার ৫২৮ কোটি টাকা দিয়েছে। আর রাজ্য নিজের অংশের ৪ হাজার ৯৯০ কোটি টাকার মধ্যে দিয়ে দিয়েছে ৪ হাজার ১৫৭ কোটি টাকা। মন্ত্রী পুলক রায় এই মর্মে কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে উষ্মা প্রকাশ করেছেন। তাঁর কথায়, নিয়ম হল কেন্দ্র অর্থ দিলে তার ম্যাচিং গ্রান্ট দিতে হয় রাজ্যকে। কিন্তু বাংলার ক্ষেত্রে সম্পূর্ণ বিপরীত ঘটনা ঘটছে। রাজ্য আগে টাকা দিচ্ছে। তারপর কেন্দ্রের অনুদানের জন্য হা-পিত্যেশ করে বসে থাকতে হচ্ছে। ২০২১-এর নির্বাচনে হারের পর থেকেই রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতে কেন্দ্র এই নির্লজ্জ খেলা চালিয়ে যাচ্ছে।

মন্ত্রী আরও বলেন, আজব ব্যাপার, মুখ্যমন্ত্রীর দেখানো পথকে মডেল করেই কেন্দ্র দেশের সমস্ত রাজ্যকে কাজের গুণমান উন্নয়নের নির্দেশ দিচ্ছে। অথচ বাংলার প্রাপ্য নিয়ে কোনও উচ্চবাচ্য নেই। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাড়ি বাড়ি জলপ্রকল্প নিয়ে বৈঠকে ক্ষোভ প্রকাশ করে পরিষেবা নিরবচ্ছিন্ন করার জন্য সময়সীমা বেঁধে




দিয়েছিলেন। হাতেনাতে সেই ফল পায় রাজ্যবাসী। কিন্তু দেশের অন্যান্য রাজ্যে জল জীবন মিশনের গতি-প্রকৃতি খুব ধীর লয়ে চলছে। বিজেপি-শাসিত রাজ্যগুলিতে বঞ্চনা না থাকলেও সেভাবে অগ্রগতি হয়নি। সেক্ষেত্রে বাংলার জলস্বপ্ন প্রকল্পের অগ্রগতিকে মডেল হিসেবে উপস্থাপনা করা হয়েছে। এবারের বাজেটে বাড়ি বাড়ি জল পৌঁছে দেওয়ার সময়সীমা ২০২৮ পর্যন্ত বাড়িয়েছে কেন্দ্র। জলশক্তি মন্ত্রী সি আর পাটিলের নেতৃত্বাধীন কমিটি প্রতিটি রাজ্যের মুখ্যসচিবদের সঙ্গে বৈঠক করে টাকা দেওয়ার ক্ষেত্রে বেশ কিছু শর্ত আরোপ করেছেন। তুলে ধরা হয়েছে মমতা মডেলের কথা। রাজ্যের তরফে বৈঠকে যোগ দেওয়া জনস্বাস্থ্য কারিগরি আধিকারিকরা জানান, সেখানে রাজ্যের কাজের অগ্রগতি নিয়ে কেন্দ্র প্রশংসা করেছে। বৈঠকে ২০২৫-'২৬ অর্থবর্ষে রাজ্যে মোট ১৫ হাজার কোটি টাকার কাজের প্রস্তাব দেওয়া হয়েছে। এর অর্ধেক দেবে রাজ্য, বাকিটা কেন্দ্র। কিন্তু ২০১৯ থেকে ২০২৪ পর্যন্ত পাঁচ বছরের সম্পূর্ণ টাকা এখনও দেয়নি কেন্দ্র। নতুন অর্থবর্ষে এপ্রিল থেকে নয়াদিল্লি ফের টাকা দেওয়া শুরু করবে বলে বৈঠকে আশ্বাস দেওয়া হয়েছে। কিন্তু আদৌ বাংলা সেই প্রাপ্য পাবে কি না, তা নিয়ে ধন্দই রয়ে গিয়েছে।

# পুরসভায় কর্মী নিয়োগ নিয়ে কড়া বার্তা রাজ্য প্রশাসনের

**প্রতিবেদন :** রাজ্যের পুরসভাগুলিতে কর্মী নিয়োগ নিয়ে কোনও অনিয়ম বরদাস্ত করা হবে না বলে কঠোর বার্তা দিল রাজ্য সরকার। কোনওভাবেই ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনকে বাদ দিয়ে নিয়োগ করা যাবে না বলে জানিয়ে দেওয়া হয়েছে।

দিন কয়েক আগে বাম আমলে পুরসভাগুলিতে নিয়মবহির্ভূত নিয়োগ নিয়ে উষ্মাপ্রকাশ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি স্পষ্ট জানান, একাধিক পুরসভা নিজেদের ইচ্ছেমতো কর্মী নিয়োগ করেছে। যা পরে রাজ্য সরকারের জন্য সমস্যার কারণ হয়ে উঠছে। সম্প্রতি কলকাতা হাইকোর্ট একটি রায়ে জানিয়ে দেয়, বামফ্রন্ট সরকারের সময় রাজ্যের পুরসভাগুলিতে নিয়োগ হওয়া




চুক্তিভিত্তিক কর্মীদের একাংশ পেনশন-সহ অবসরকালীন ভাতা পাওয়ার যোগ্য নন। কারণ, ওই নিয়োগে পুরবোর্ডের অনুমোদন থাকলেও রাজ্য সরকারের অনুমোদন ছিল না। সেদিনই পুরসভায় কর্মী নিয়োগ নিয়ে মুখ্যমন্ত্রী উষ্মাপ্রকাশ করেন।

মুখ্যমন্ত্রীর কড়া বার্তার পর পুরসভাগুলির সঙ্গে রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতর উচ্চপর্যায়ের বৈঠক করেছে। তারপর ৩ মার্চ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে পুর দফতরের পক্ষ থেকে। তাতে বলা হয়েছে, পুরসভায় কর্মী নিয়োগের সমগ্র প্রক্রিয়ার দায়িত্ব থাকবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের। সেসব জায়গায় কর্মী নিয়োগের প্রয়োজন থাকলে পুরসভাগুলিকে মিউনিসিপ্যাল কমিশনের কাছেই আবেদন করতে হবে।

## ভাঙল বাড়ি জখম এক

**প্রতিবেদন :** সংস্কার চলাকালীন হুড়মুড়িয়ে ভেঙে পড়ল পুরনো বাড়ির একাংশ। রবিবার দুপুরে গিরিশ পার্কের মুক্তারামবাবুর স্ট্রিটে কার্যত ধ্বংসস্তূপের চেহারা নিল ভেঙে পড়া বাড়ি। এই ঘটনায় গুরুতর আহত হন এক নির্মাণকর্মী। খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় জোড়াসাঁকো থানার পুলিশ, দমকল ও বিপর্যয় মোকাবিলা বাহিনী। আহত নির্মাণকর্মীকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। জানা গিয়েছে, মুক্তারামবাবু স্ট্রিটের বহু পুরনো ওই বাড়ির সংস্কার চলছিল কয়েকদিন ধরে। এদিন বাড়িটির সামনের অংশ রাস্তার উপর বিপজ্জনকভাবে ভেঙে পড়ে। বাড়ির ভিতরে আর কেউ আটকে রয়েছেন কি না, দীর্ঘক্ষণ ধরে খুঁজে দেখেছেন ডিএমজির কর্মীরা। বাড়িটির চারপাশ ঘিরে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছে পুলিশ। স্থানীয় ২৫ নং ওয়ার্ডের কাউন্সিলর রাজেশ সিনহা জানিয়েছেন, বাড়িটি অনেকদিন ধরে জীর্ণ দশা। সংস্কারের কাজ চলছিল। রাস্তায় প্রচুর খাবারের দোকান রয়েছে। অনেক লোকজন এখানে খাওয়াদাওয়া করতে আসেন। তবে এদিন লোকজন কম থাকায় বড় ক্ষয়ক্ষতি হয়নি।

## আইপ্যাক, বিজেপির ট্রেনি সভাপতিকে জবাব তৃণমূলের

**প্রতিবেদন :** বিজেপির কাজ দ্বিচারিতা আর এজেন্সি ব্যবহার করে পলিটিক্স করা। আই প্যাকের মতো এজেন্সির কাজ কিন্তু সমীক্ষা করা, পলিটিক্স করা নয়। বিজেপি ট্রেনি সভাপতিকে সপাট জবাব দিল তৃণমূল। বিজেপির ট্রেনি সভাপতির শিশু সুলভ কথার পাল্টা দিয়ে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, বিজেপি কিন্তু এই এজেন্সিগুলোকে কাজে লাগিয়ে পলিটিক্স করে। যখন তাঁদের ব্যবহার করে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতে, তখন কোনও দোষ হয় না। তাঁর সাফ কথা, বিজেপির ট্রেনি সভাপতি সুকান্ত মজুমদার দ্বিচারিতা করছেন। শনিবার যখন আইপ্যাকের উপর জোর দিয়েছেন তৃণমূল সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, তখন নিজেদের হালে পানি পাবে না বুঝেই কুৎসা করতে মাঠে নেমেছে বিজেপি। এই প্রসঙ্গে কুণালের স্পষ্ট কথা, আইপ্যাক একটা নিজস্ব এজেন্সি। ওরা নিজেরা নিজেদের মতো কর্মী নিয়োগ করে। আর সবথেকে বড় কথা বিজেপি এই ধরনের কথা যত কম বলবে, ততই মঙ্গল। ওরা নিজেরাও এজেন্সি দিয়ে কাজ করায়। বিজেপি রাজ্য সভাপতির দ্বিচারিতা ধরা পড়ে গিয়েছে।

# বিকেল গড়াতেই ভিজল শহর থেকে জেলা

**প্রতিবেদন :** আবহাওয়ার মুডের তল পাওয়া সত্যিই কঠিন। রবি ও সোমবার তাপপ্রবাহের সতকর্তা জারি করেছিল হাওয়া অফিস। কিন্তু সন্ধে হতেই বদলাল আবহাওয়া। কলকাতা-সহ সংলগ্ন এলাকায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টি। এদিকে বাঁকুড়া পুরুলিয়ায় ঝেঁপে বৃষ্টি এল। বিষ্ণুপুর, কোতুলপুরে ঝমঝমিয়ে শিলাবৃষ্টি শুরু হয়। কিছুক্ষণের মধ্যে শিলার সাদা চাদরে ঢেকে যায় এলাকা। যদিও তাতে গরম কমেনি বিন্দুমাত্র। এদিকে মার্চেই তাপমাত্রা পৌঁছচ্ছে ৪০-এর দোরগোড়ায়। বসন্তেই পুড়ছে গোটা বাংলা। এর মধ্যেই জারি হয়েছে তাপপ্রবাহ। এবার কলকাতায় ৪৫ ডিগ্রি হতে পারে তাপমাত্রা। সোমবার পর্যন্ত এই সতর্কতা জারি থাকবে। তারপর বৃহস্পতিবার অবশ্য বৃষ্টির পূর্বাভাস জারি করেছে আলিপুর আবহাওয়া দফতর। তবে বৃষ্টি হলেও তাপমাত্রা তেমনভাবে কমবে না। হাওয়া অফিস জানাচ্ছে, আগামী ২০ তারিখ দক্ষিণের প্রায় সব জেলাতে বজ্রবিদ্যুৎ-সহ হালকা-মাঝারি বৃষ্টির সম্ভাবনা। কলকাতাতেও ২২ মার্চ পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পূর্ব বর্ধমান, হুগলি এবং উত্তর ২৪ পরগনা, নদিয়াতে হালকা বৃষ্টির সম্ভাবনা। রবিবার কলকাতার তাপমাত্রা ৩৫ ডিগ্রি। দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলায় স্বাভাবিকের তুলনায় ৩ বা ৪ ডিগ্রি বেশি। আগামীতে তা আরও বাড়তে পারে। তাপমাত্রা ধীরে ধীরে দুই থেকে তিন ডিগ্রি কমবে। পশ্চিম বর্ধমান, বাঁকুড়া এবং পুরুলিয়ায় আগামী দু'দিন তাপপ্রবাহের কমলা সতর্কবার্তা। দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরে গরম এবং অস্বস্তিকর পরিবেশ বজায় থাকবে আগামী দু'দিন। বাকি জেলাতেও একই পরিস্থিতি চলবে। আগামী দু'দিন দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, দিনাজপুরে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।



■ রবিবাসরীয় সন্ধ্যায় শহরের আকাশে বজ্রবিদ্যুতের ঝলক ধরা পড়ল সুদীপ্ত বন্দ্যোপাধ্যায়ের ক্যামেরায়।

## যৌথ উদ্যোগে

**প্রতিবেদন :** আইআইটি-জেইই, নিট পরীক্ষার জন্য প্রশিক্ষণ দিতে যৌথ উদ্যোগে পথচলা শুরু করল রাইস বানসাল। রাইস অ্যাডামাস ও বানসাল ক্লাসেস গ্রুপের হাত ধরে এবার ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং প্রবেশিকার প্রশিক্ষণ কলকাতাতেই সুলভে মিলবে।

## ডায়াবেটিস রোধে পুরসভার উদ্যোগে শহরে মিলেট মেলা

**প্রতিবেদন :** সমীক্ষা বলছে, ভাত কিংবা আটা-ময়দার রুটি রক্তে শর্করার পরিমাণ বাড়িয়ে দেয়। আর বাঙালিদের মধ্যে আবার এই ধরনের খাদ্যাভ্যাসই বেশি প্রচলিত। তাই শহর কলকাতার মানুষের মধ্যে মিলেট জাতীয় খাবারের প্রচার বাড়াতে অভিনব উদ্যোগ নিল কলকাতা পুরসভা। বাংলায় প্রথমবার আয়োজিত হতে চলেছে 'মিলেট মেলা'। কলকাতা পুরসভার স্বাস্থ্য বিভাগের আওতাধীন ফুড সেফটি শাখা আগামী বুধবার সার্দার্ন অ্যাভিনিউর বিবেকানন্দ পার্ক উদযাপন কমিউনিটি হলে এই মেলার আয়োজন করেছে। মিলেট জাতীয় খাবার অর্থাৎ জোয়ার, বাজরা, রাগি থেকে যে নানা ধরনের খাবার তৈরি হয়, সেইসব নিয়ে শহরে মানুষের মধ্যে সচেতনতা বাড়াতেই পুরসভার এই প্রচেষ্টা। রাজস্থান, হরিয়ানার মতো রাজ্যগুলিতে এই মিলেট জাতীয় খাবারের বেশ চল আছে। কিন্তু বাংলা তথা পূর্বাঞ্চলে সাধারণত মিশ্র খাদ্যাভ্যাস রয়েছে। পুরসভার এক স্বাস্থ্য আধিকারিক জানিয়েছেন, এই মিলেট জাতীয় খাবার ডায়াবেটিস নিয়ন্ত্রণ করতে সাহায্য করে। আর স্বাস্থ্যের জন্য যথেষ্ট উপকারী। কারণ, মিলেটে গ্লাইসেমিক ইনডেক্স অর্থাৎ যা রক্তের শর্করার পরিমাণ বাড়ায়, তা অনেক কম থাকে। তাই শহর কলকাতার মানুষজনের মধ্যে মিলেট জাতীয় খাবারের গুণাবলি সম্পর্কে প্রচার করতে এই অভিনব মেলার আয়োজন করছে কলকাতা পুরসভা।



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# সম্পাদকীয়

17 March, 2025 • Monday • Page 4 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## শপথ

সাঁইবাড়ি হত্যাকাণ্ড। হাড়হিম করা সেই দিন। আজ তার বর্ষপূর্তি। ৫৫ বছর পার। তবু প্রতাপেশ্বর শিবতলার সেই গলির মানুষগুলোর কাছে আজ নির্ঘাৎ ঘুরে ফিরে আসবেই ১৯৭০-এর ১৭ মার্চের সেই দিনটা। ছেলেকে খুন করার পর তার রক্তমাখা ভাত খাওয়ানো হয় সেদিন তার মাকে। সভ্যতার ইতিহাস থমকে গিয়েছিল মার্চের দুপুরে। এও সম্ভব? এও কোনও সুস্থ মস্তিষ্কের মানুষজন করতে পারে। পেরেছিল সেদিন সিপিএমের হার্মাদরা। পরে তারা নাম পালটে হয়েছিলেন কেউ মন্ত্রী, কেউ কৃষক নেতা, সাংসদ, কেউ বা বিশ্ববিদ্যালয়ের কর্তা। এটাই সিপিএম। এদের ক্ষমতায় আসার পথ রক্তাক্ত। মনুষত্বহীন এক পথ। যেখানে ক্ষমতাই শেষ কথা। আর ক্ষমতা ধরে রাখতে সিঙ্গুর, নন্দীগ্রাম, নেতাই, মরিচঝাঁপি, আনন্দমার্গীদের পুড়িয়ে হত্যা, ২১ জুলাই... একের পর এক লাশের রক্তে লাল করেছে রাজপথ। হয় বশ্যতা স্বীকার করো, নইলে মৃত্যু। সেদিন বামেদের কাছে মাথা নত করেনি সাঁইবাড়ির ভাইয়েরা। মাথা উঁচু করে লড়াইয়ের বার্তা দিয়েছিল। আর তাই মিছিলের জনতাকে ভর করে বাংলায় কলঙ্কের ইতিহাস তৈরি করেছিল। আর স্মৃতি আঁকড়ে বেঁচে আছে একমাত্র বোন স্বর্ণলতাদেবী। আজও দিনটা এলে দোষীদের শাস্তি চান। যদিও অধিকাংশই আজ আর নেই। কিন্তু তৃণমূল কংগ্রেস রক্তাক্ত সেই দিনের কথা ভোলেনি। শপথ নেন প্রত্যেকজন কর্মী। সকালে প্রতাপেশ্বর শিবতলার সাঁইবাঁড়ির সামনে হবে শহিদ স্মরণ অনুষ্ঠান। থাকবেন স্থানীয় নেতৃত্ব। থাকবেন সাঁইবাড়ির পরিজনরাও। তৃণমূল কংগ্রেস নেতৃত্ব তাই ভোলেননি সেদিনের কথা। একটা লড়াইয়ে জয় হয়েছে ২০১১ সালে। কিন্তু লড়াই এখনও বাকি। কারণ, শূন্যয় নেমে আসা রাম-বাম-শ্যাম হাত মিলিয়েছে। ক্ষমতায় আসার জন্য মরিয়া। তাই এই লড়াই হবে অসত্যের বিরুদ্ধে সত্যের, চক্রান্তের বিরুদ্ধে ন্যায় প্রতিষ্ঠার। আসুন আজ সকলে মিলে শপথ নিই, আর স্লোগান তুলি, কে আছ জোয়ান হও আগুয়ান/ হাঁকিছে ভবিষ্যত/ এ তুফান ভারী দিতে হবে পাড়ি/ নিতে হবে তরী পার...




## পরিষ্কার বলছি, কান খাড়া করে শুনুন

ভুতুড়ে ভোটার খুঁজতে রাজ্য জুড়ে লাগাতার কর্মসূচি নিয়েছে তৃণমূল কংগ্রেস। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সেনাপতিত্বে তৃণমূল কংগ্রেসের সৈনিকরা জানপ্রাণ এক করে ভোটার তালিকার স্ক্রুটিনিতে মন দিয়েছেন। এখানে পাঁচটি বিষয় প্রণিধানযোগ্য। (এক) বিধানসভাভিত্তিক প্রত্যেক বুথের ভোটারদের সঙ্গে সংযোগ স্থাপন করে ভোটার তালিকা স্ক্রুটিনি করতে হবে। (দুই) অনলাইন আবেদনের মাধ্যমে যেসব ভোটারের নাম অর্ন্তভুক্ত হয়েছে, তাদের উপর বিশেষ নজর দিতে হবে। (তিন) একই এপিক নম্বরে একাধিক নাম থাকলে সেগুলি নথিভুক্ত করতে হবে আলাদাভাবে। (চার) বাংলায় ভোট দেওয়ার অধিকারী যাঁরা নন, তাঁদের নামগুলিও আলাদাভাবে নথিভুক্ত করা চাই। (পাঁচ) যেসব নাম অন্যায়ভাবে বাদ দেওয়া হয়েছে জোর দিতে হবে সেগুলি ফের নথিভুক্ত করার উপর। ভুয়ো ভোটার নিয়ে শোরগোল পড়তেই নির্বাচন কমিশনের তরফেও নজরদারি শুরু হয়েছে। রাজ্যের ৮১ হাজারের বেশি বুথে প্রত্যেকটি ভোটার লিস্টে বিশেষ স্ক্রুটিনি অভিযান চলবে। জেলায় জেলায় 'ভুতুড়ে' ভোটারের খোঁজ জারি রেখেছে তৃণমূল কংগ্রেস। নানা জায়গায় একই এপিক নম্বরে ভিন্ন ভিন্ন ব্যক্তির নামের হদিশ মিলেছে। তালিকায় এমন প্রচুর নাম মিলেছে, এলাকায় যাঁদের কোনও অস্তিত্বই নেই। আবার একই এপিক নম্বরে একাধিক ব্যক্তির নাম রয়েছে। বিজেপি আর কমিশন মিলেমিশে এ-কাজ করছে। এই ধারণা জোরদার হচ্ছে আরও। যখন সিপিএম রাজ্যে ক্ষমতায় ছিল, তখন এখানে বিভিন্ন রকম ভাবে ভোটার লিস্টে কারচুপি, রিগিং, থ্রেট কালচার করেছে। ঠিক সেইভাবে বিজেপি, আরএসএস-এর মতো সংগঠন কেন্দ্রও নির্বাচন কমিশনকে দিয়ে ভোটার লিস্টে কারচুপি করছে। কোনও এলাকায় কেউ প্রয়াত হলে বা কেউ এলাকা ছেড়ে চলে গেলে কমিশনের দায়িত্ব তালিকা থেকে সেই ব্যক্তির নাম সরানো। কমিশন নিজের কাজ ঠিকমতো করছে না। সে-জন্যই এই পরিস্থিতি তৈরি হচ্ছে। — **শান্তনু ঘোষ, গ্রিন পার্ক, নয়া দিল্লি**

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

# রঙের আমি রঙের তুমি রঙবাজিতে যায় চেনা





কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) রঙের ব্যবহার ও বাজারে ভোক্তা মনস্তত্ত্বের সঠিক রসায়ন নাকি ধরে ফেলেছে। তার প্রায়োগিক ব্যবস্থাপনায় বিপণনজগৎ এখন নয়া বিপ্লবের মুখোমুখি। রঙের উৎসবের আমেজে আমরা যখন মশগুল, তখনই এ-খবর দিচ্ছেন প্রথিতযশা ম্যানেজমেন্ট কনসাল্ট্যান্ট ও এআই স্ট্র্যাটেজিস্ট **ড. দীপ্র ভট্টাচার্য**

রঙের উৎসব জীবনের উচ্ছ্বাস, আনন্দ ও বৈচিত্র্যের প্রতীক। এটি মানুষের মনস্তত্ত্ব ও আচরণে রঙের প্রভাব বোঝার একটি দুর্দান্ত রূপক। আজকের ডিজিটাল বিশ্বে, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) রঙের বৈচিত্র অনুযায়ী উপলব্ধি, ব্যবহার এবং বিপণনের ক্ষেত্রে বিপ্লব ঘটাচ্ছে। মুড-ভিত্তিক রঙের সুপারিশ থেকে শুরু করে ডায়নামিক ব্র্যান্ডিং কৌশল পর্যন্ত, এআই-চালিত রঙের বুদ্ধিমত্তা তাই ব্যবসার জন্য নতুন সম্ভাবনা উন্মোচন করছে, যা ভোক্তাদের আকৃষ্ট করা, অভিজ্ঞতা উন্নত করা এবং শেষ পর্যন্ত খরচ ও মুনাফা বৃদ্ধি করতে সহায়তা করছে।

### ভোক্তা আচরণে রঙের মনস্তত্ত্ব

রঙ মানুষের আবেগ ও সিদ্ধান্ত গ্রহণের উপর গভীর প্রভাব ফেলে। বিভিন্ন রঙ ভিন্ন ভিন্ন প্রতিক্রিয়া সৃষ্টি করে— যেমন লাল রঙ উৎসাহ ও জরুরিমনস্কতা বাড়ায়, নীল রঙ বিশ্বাস ও প্রশান্তি প্রদান করে, হলুদ রঙ সৃজনশীলতা উদ্দীপিত করে, এবং সবুজ রঙ সতেজতা ও স্থায়িত্ব নির্দেশ করে। দীর্ঘদিন ধরেই ব্র্যান্ডগুলো এই অন্তর্দৃষ্টি ব্যবহার করছে, তবে এআই এখন রঙের অ্যাপ্লিকেশন আরও উচ্চতর স্তরে নিয়ে যাচ্ছে, যা ডেটা-চালিত, ব্যক্তিগত এবং অভিযোজনযোগ্য।

এআই-চালিত রঙ বিশ্লেষণ ভোক্তা সম্পৃক্ততার ধরন শনাক্ত করতে পারে, ক্রয় আচরণের পূর্বাভাস দিতে পারে এবং এমনকী বাস্তব-সময়ে রঙ পরিবর্তন করতে পারে, মুড, ডেমোগ্রাফি, আবহাওয়া বা অবস্থানের মতো প্রসঙ্গভিত্তিক ডেটার উপর ভিত্তি করে। এর ফলে বিপণনকারী সংস্থা, পণ্য ডিজাইনার ও বিজ্ঞাপনদাতারা তাদের টার্গেট দর্শকদের সঙ্গে আরও কার্যকরভাবে যোগাযোগ করতে পারেন।

চলুন দেখে নিই, বিপণন ও ব্র্যান্ডিংয়ে এআই কীভাবে রঙ ব্যবহারের বিপ্লব ঘটাচ্ছে।

**১. এআই-এর সাহায্যে রঙের ব্যক্তিকেন্দ্রিকতা**

এআই টেকনোলজি, ব্যবহারকারীর পূর্ববর্তী ইন্টার-অ্যাকশন, সামাজিক মিডিয়া কার্যকলাপ এবং আবেগগত অনুভূতি সংকেত বিশ্লেষণ করে ব্যক্তিকেন্দ্রিক রঙের থিম সুপারিশ করতে পারে। কল্পনা করুন একটি রিটেল ওয়েবসাইট যা গ্রাহকের মুখের অভিব্যক্তি বা অনুভূতির বিশ্লেষণের মাধ্যমে তার সঙ্গে পণ্যের রঙের ডায়নামিকালি সামঞ্জস্য করতে পারে। এই ধরনের কাস্টমাইজেশন, ব্যবহারকারীর সম্পৃক্ততা ও কেনা-বেচার হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে পারে।

**২. বাস্তব-সমন্বিত রঙ সমন্বয়ের মাধ্যমে বিজ্ঞাপন**

ডিজিটাল বিলবোর্ড ও অনলাইন বিজ্ঞাপন এখন বাস্তব-সময়ের সঙ্গে সঙ্গে রঙ পরিবর্তন করতে পারে। এআই-চালিত টুল সময়, জনপ্রিয় রঙ এবং দর্শকদের জনতাত্ত্বিক বিশ্লেষণ করে বিজ্ঞাপনের রঙ পরিবর্তন করতে পারে, যা চাক্ষুস আবেদন ও বার্তার প্রভাব বাড়ায়। উদাহরণস্বরূপ, একটি এআই-চালিত ফ্যাশন ব্র্যান্ড সকালে উদ্দীপক গরম রঙ প্রদর্শন করতে পারে এবং সন্ধ্যায় ঠান্ডা ও শীতল রঙে পরিবর্তন করতে পারে। কোনও ইভেন্ট থাকলে সেই অনুযায়ী রঙের পরিবর্তন ঘটাতে পারে।



**৩. প্যাকেজিং ও পণ্য ডিজাইনে এআই ব্যবহার**

এআই পূর্ববর্তী বিক্রয় ডেটা, সামাজিক মিডিয়া প্রবণতা এবং ভোক্তা প্রতিক্রিয়া বিশ্লেষণ করে নির্ধারণ করতে পারে কোন রঙের প্যাকেজিং নির্দিষ্ট টার্গেট বাজারকে আকৃষ্ট করবে। এর ফলে ব্র্যান্ডগুলো এমন রঙের স্কিম পরীক্ষা ও প্রয়োগ করতে পারে যা শেলফ-অ্যাপিল বৃদ্ধি করে এবং ব্র্যান্ড মেমোরি উন্নত করে। এআই-চালিত প্যাকেজিং বাস্তব-সময়ে কাস্টমাইজেশনও করতে পারে— উদাহরণস্বরূপ, এমন পানীয়ের ক্যান যা তাপমাত্রা বা ব্যবহারকারীর পছন্দ অনুযায়ী রঙ পরিবর্তন করতে পারে। খেলার মাঠে দলের জার্সির কালার অনুযায়ী পরিবর্তন কেনাকাটার হার অনেক বৃদ্ধি করতে পারে।

**৪. ফ্যাশন ও অভ্যন্তরীণ সজ্জার জন্য এআই-জেনারেটেড রঙের প্রবণতা**

ফ্যাশন ও অভ্যন্তরীণ ডিজাইনের ব্র্যান্ডগুলো এআই ব্যবহার করে রঙের প্রবণতা বিশ্লেষণ করে এবং ভোক্তার পছন্দের পূর্বাভাস দেয়। এআই অ্যালগরিদম বিশ্বব্যাপী ফ্যাশন শো, ইনস্টাগ্রাম ফিড, ফেসবুক এবং ক্রেতার ক্রয় ধরন থেকে বিশাল পরিমাণ ডেটা প্রক্রিয়াকরণ করে ট্রেন্ডিং রঙের প্যালেট তৈরি করতে পারে। এর ফলে ব্র্যান্ডগুলো বাজারের প্রবণতায় নিজেকে অন্য ব্র্যান্ডের থেকে এগিয়ে রাখতে পারে এবং ভোক্তার রুচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সংগ্রহ তৈরি করতে পারে।

**৫. বর্ধিত বাস্তবতা (AR) ও এআই-এর মাধ্যমে ভার্চুয়াল ট্রাই-অন**

এআই(AI)-চালিত এআর (AR) অ্যাপ্লিকেশন ভোক্তাদের দেখায় কিভাবে একটি রঙ তাদের ত্বকে, বাড়ির দেয়ালে বা পোশাকে কেমন দেখতে লাগবে, যা সিদ্ধান্ত গ্রহণের দ্বিধা অনেকটাই কমাতে সাহায্য করে এবং সিদ্ধান্তের সম্ভাবনা বাড়ায়। এটি বিশেষ করে প্রসাধনী, আসবাবপত্র এবং পোশাক শিল্পে খুব কার্যকর হতে পারে।

ব্যবসায়িক প্রভাব : কতটা লাভজনক?

ভোক্তা সম্পৃক্ততা যেখানে প্রধান বিষয়, সেখানে এআই-জেনারেটেড রঙের ব্যবহার, ব্যবসার জন্য এক বৈপ্লবিক পরিবর্তন নিয়ে এসেছে। এআই ব্যবহার করে রঙের পছন্দকে ডায়নামিকালি অপ্টিমাইজ করার মাধ্যমে কোম্পানিগুলো অনেক রকম সুবিধা পেতে পারে যেমন—

**ব্র্যান্ড মেমোরি বৃদ্ধি :**
এআই নিশ্চিত করে যে রঙের স্কিম ভোক্তার মনস্তত্ত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ, যা ব্র্যান্ডকে আরও স্মরণীয় করে তোলে।

**সম্পৃক্ততা ও বিক্রয় বৃদ্ধি :**
ব্যক্তিকেন্দ্রিক রঙের ব্যবহার গ্রাহকদের আরও কার্যকরভাবে আকৃষ্ট করে, ফলে বেচাকেনার হার বৃদ্ধি পায়।

**আবেগপূর্ণ ব্র্যান্ডিং এর উন্নতি :**
এআই দৃষ্টিনন্দন ও আবেগপ্রবণ বিপণন ক্যাম্পেইন তৈরি করতে সহায়তা করে।

তাই নিশ্চিত করেই বলা যায় যে, রঙের উজ্জ্বলতা কেবল একটি নান্দনিক পছন্দ নয়— আজকের যুগে, এটি একটি শক্তিশালী বিপণন সরঞ্জামও বটে, যা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করে কাস্টমাইজেশনকে এক নতুন মাত্রায় নিয়ে যাচ্ছে। এআই উন্নত হওয়ার সাথে সাথে, এটি বিভিন্ন প্রসঙ্গ, পরিপ্রেক্ষিত অনুযায়ী রঙের অপ্টিমাইজেশন ও ব্যবহারের ক্ষমতা আরও আধুনিক করবে, যা ভোক্তা ও বিপণনকারীর ইন্টার-অ্যাকশনকে আরও মনোগ্রাহী করে তুলবে বলে বিশেষজ্ঞরা আশা করছেন।

যেসব ব্র্যান্ড, বিপণনকারী এবং এজেন্সি এআই-জেনারেটেড রঙের ব্যবহার গ্রহণ করবে, তারা যে শুধুমাত্র গ্রাহক বা ভোক্তার সঙ্গে শক্তিশালী আবেগগত সংযোগ তৈরি করতে পারবে, তা নয়, বরং উচ্চতর বিক্রয়, লাভ এবং মুনাফা অর্জন করতেও সক্ষম হবে।

রঙের উৎসব আমাদের অভিব্যক্তির আনন্দ শেখায়, আর এআই ব্যবহার, সেই আনন্দের অর্থবহ ব্যবসায়িক প্রভাব তৈরি করতে বিপ্লব আনতে পারে।

হাতে কামড়েছিল বিষধর সাপ। সেই হাতেই সাপকে ধরে বাসন্তীতে হাসপাতালে ছুটলেন বৃদ্ধ। নাম, ইয়াসিন লস্কর। বাড়ি বাসন্তীর সোনাখালি গ্রাম। শেষমেশ ভর্তি গ্রামীণ হাসপাতালে



## প্রতি মাসেই বৈঠক ▪ এপ্রিল থেকেই কাজ শুরুর নির্দেশ

# পথদুর্ঘটনা ঠেকাতে ও ক্ষতিপূরণ প্রক্রিয়ায় গতি আনতে নয়া কমিটি

**প্রতিবেদন :** পথদুর্ঘটনার কারণ বিশ্লেষণ ও তার পুনরাবৃত্তি ঠেকাতে এবং ক্ষতিপূরণের প্রক্রিয়ায় গতি আনতে রাজ্য সরকার বিশেষ কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে। রাজ্য ও জেলাস্তরে এই কমিটি গঠন করা হবে। পূর্ত, স্বাস্থ্য, পরিবহণ, পুলিশ এবং বিমা সংস্থার প্রতিনিধিরা কমিটিতে থাকবেন। প্রতিটি জেলায় জেলাশাসকদের নেতৃত্বে একই রকমের কমিটি গঠিত হবে। কলকাতা পুর এলাকায় কেএমডিএ-র একজন সদস্যকে কমিটিতে রাখার সুপারিশ করা হয়েছে। আগামী আর্থিক বছরের শুরু থেকেই এই কমিটি কাজ করা শুরু করবে বলে পরিবহণ দফতর সূত্রে জানা গিয়েছে। প্রতি মাসে নিয়ম করে এই কমিটিগুলি বৈঠকে বসবে। সংশ্লিষ্ট বিভিন্ন দফতরের সঙ্গে




সমন্বয় বজায় রেখে পথদুর্ঘটনায় আহত কিংবা নিহতদের পরিবারকে যাতে দ্রুত ক্ষতিপূরণ দেওয়া যায়, সেই বিষয়ে উদ্যোগী হবে এই কমিটি।

বৈঠক করে শুধু ক্ষতিপূরণ পাইয়ে দেওয়াই নয়, কোনও দুর্ঘটনা ঘটলে দুর্ঘটনাস্থলে গিয়ে ঘটনার তদন্ত করে দেখবে এই কমিটি। দুর্ঘটনাটি ঠিক কী ভাবে ঘটেছিল, দুর্ঘটনার জন্য কে দায়ী— সেই বিষয়টিগুলিও এই কমিটির আতশকাচের তলায় থাকবে। পূর্ণাঙ্গ কারণ খতিয়ে দেখার পরেই ক্ষতিপূরণের বিষয়ে নিজেদের সিদ্ধান্ত জানাবে 'হিট অ্যান্ড রান' কমিটি। সাধারণত আহতদের ৫০ হাজার এবং নিহতদের পরিবারকে দু'লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নিয়ম রয়েছে। তবে গুরুতর আহতদের ক্ষেত্রে ক্ষতিপূরণের পরিমাণ বাড়ানো যায় কিনা, সেই বিষয়ে কেন্দ্রীয় সরকারকে বিবেচনা করার নির্দেশ দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্ট। 'হিট অ্যান্ড রান' কমিটিও ক্ষতিপূরণের বিষয়টি নিয়েও নিজেদের স্বাধীন মতামত দিতে পারবে।

## বেহালার স্কুলে দুঃসাহসিক চুরি

**প্রতিবেদন :** দোলের জন্য বৃহস্পতিবার থেকে ছুটি ছিল স্কুল। সেই সুযোগেই বেহালার স্কুলে ঢুকে বেলাগাম লুটপাট চালাল চোরের দল। রবিবার সকালে গাছে জল দিতে গিয়ে কুকীর্তি চোখে পড়ে স্কুলের কেয়ারটেকারের। বেহালার বাণীতীর্থ গার্লস হাইস্কুলের ঘটনা। জানা গিয়েছে, স্কুলের অ্যাকাউন্ট ডিপার্টমেন্ট ও প্রধান শিক্ষিকার ঘরে তালা ভেঙে ঢোকে চোরেরা। দুটি ঘর মিলিয়ে থাকা মোট সাতটি আলমারি ভেঙে নগদ প্রায় ১০ হাজার টাকা ও প্রচুর প্রয়োজনীয় নথিপত্র চুরি হয়েছে। লন্ডভন্ড দুটি ঘর। স্কুলের প্রধান শিক্ষিকা শর্মিষ্ঠা চক্রবর্তী বলেন, স্টাফরুম অক্ষত রয়েছে, তবে অফিস রুম ও প্রধান শিক্ষিকার ঘরের তালা ভাঙা। ১০ হাজার টাকা চুরি গিয়েছে। ফাইলপত্র ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে। ঘটনায় পরিচিত কেউ যুক্ত বলে মনে হচ্ছে। অভিযোগ পেয়ে ঘটনার তদন্ত শুরু করেছে পর্ণশ্রী থানার পুলিশ।

## টাকার বিনিময়ে চাকরির টোপ, ধৃত শান্তনু ঠাকুর-ঘনিষ্ঠ বিজেপি নেতা

**প্রতিবেদন :** বিজেপি মানে যেন হয় গোষ্ঠীকোন্দল, নয় দুর্নীতি। অনেকেই দলে থাকতে না পেরে তৃণমূলে যোগ দিচ্ছেন। এর মধ্যেই আবার দুর্নীতির দায়ে গ্রেফতার হলেন এক বিজেপি নেতা। নাম লক্ষ্মণ ঘোষ। বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার কোষাধ্যক্ষ। ইনি আবার বিজেপির মন্ত্রী শান্তনু ঠাকুর ও বনগাঁ সাংগঠনিক জেলা বিজেপি সভাপতি দেবদাস মণ্ডলের খুবই ঘনিষ্ঠ। ওঁর বিরুদ্ধে অভিযোগ, টাকার বিনিময়ে চাকরি দেওয়ার টোপ দেওয়া। বিজেপি বনগাঁ সাংগঠনিক জেলার কোষাধ্যক্ষ লক্ষ্মণের সঙ্গে মন্ত্রী শান্তনু ঠাকুরের পাশাপাশি বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি দেবদাস মণ্ডলেরও ঘনিষ্ঠ যোগাযোগ। সোশ্যাল মিডিয়ায় শান্তনুর সঙ্গে ওঁর ছবি রয়েছে।



▪ শান্তনু ঠাকুরের সঙ্গে ধৃত বিজেপি নেতা লক্ষ্মণ ঘোষ।

অভিযোগ, চাকরি দেওয়ার নামে লক্ষ-লক্ষ টাকা হাতিয়েছিলেন লক্ষ্মণ। অভিযোগ পেয়েই পুলিশ গ্রেফতার করেছে। বনগাঁ তৃণমূল সাংগঠনিক জেলা সভাপতি বিশ্বজিৎ দাসের দাবি, 'অভিযুক্ত লক্ষ্মণ চাকরি দেওয়ার নাম করে লক্ষ-লক্ষ টাকা হাতিয়েছেন। করোনার আগে থেকেই এই ধরনের ছোট-বড় বিজেপি নেতা বাজার থেকে টাকা তুলেছেন। দলটা পুরোটাই দুর্নীতিগ্রস্ত, এটা তার জ্বলন্ত প্রমাণ। ২০২৬-এর বিধানসভা নির্বাচনে রাজ্যের মানুষ দুর্নীতিগ্রস্ত বিজেপিকে একেবারেই মুছে ফেলবে।' ঘটনাটি ২০১৮ সালের। তখন থেকেই লক্ষ্মণ জামিনে মুক্ত। আদালতে হাজিরা না দেওয়ায় গত বৃহস্পতিবার তাঁকে গ্রেফতার করা হয়েছে।

## জয়মাল্যর বেঞ্চেই আরজি কর শুনানি

**প্রতিবেদন:** বিচারপতি হিসেবে শপথ নিয়েই আরজি কর মামলার শুনানি করতে পারেন জয়মাল্য বাগচী। আজ, সোমবার সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নেবেন কলকাতা হাইকোর্ট থেকে সুপ্রিম কোর্টে যাওয়া বিচারপতি জয়মাল্য বাগচী। শপথ নেওয়ার শীর্ষ আদালত সূত্রে খবর, শপথ নেওয়ার পরেই প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের সঙ্গে একই বেঞ্চে আরজি কর মামলা শুনতে পারেন তিনি। প্রায় দেড় মাস পরে সোমবার সুপ্রিম কোর্টে ফের আরজি কর মামলার শুনানি হতে পারে। গত ২৯ জানুয়ারির শুনানিতে সিবিআই তদন্তে অসন্তোষ প্রকাশ করে সুপ্রিম কোর্ট। ঘটনার পুনরায় তদন্তের দাবি তুলেছিল নির্যাতিতার পরিবার।

## বি গার্ডেন-বেলুড় মঠ বাসের প্রস্তাব

**বিধায়কের উদ্যোগ**

**সংবাদদাতা, হাওড়া :** হাওড়া জেলা (সদর) মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী ও বিধায়ক নন্দিতা চৌধুরীর উদ্যোগে এবার বটানিক্যাল গার্ডেন থেকে বেলুড় মঠ সরাসরি সড়ক পথে যুক্ত হচ্ছে। হাওড়ায় অন্যতম গুরুত্বপূর্ণ এই দুই দ্রষ্টব্য স্থানকে একসূত্রে গাঁথা হচ্ছে। এই জন্যে শীঘ্রই বটানিক্যাল গার্ডেন থেকে বেলুড় মঠ পর্যন্ত বাস পরিষেবা চালু হচ্ছে। এই জন্য পরিবহণ দফতরের পক্ষ থেকে পুরো বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। এই উদ্দেশে প্রশাসনের তরফে এ-ব্যাপারে দ্রুত সমীক্ষা করে প্রয়োজনীয় পদক্ষেপের প্রস্তুতি চলছে। সম্প্রতি বি গার্ডেন থেকে বেলুড় মঠ পর্যন্ত বাস রুট চালু করার জন্য বিধানসভার উল্লেখ পর্বে পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে প্রস্তাব দেন দক্ষিণ হাওড়ার বিধায়ক নন্দিতা চৌধুরী। তিনি বলেন, এই বাসরুট চালু হলে উত্তর এবং দক্ষিণ হাওড়ার মধ্যে সড়ক পথে সরাসরি যোগাযোগ তৈরি হবে। এটি চালুর বিষয়ে এলাকাবাসীদেরও দীর্ঘদিনের দাবি ছিল। এর ফলে মানুষ বেলুড় মঠ থেকে বিগার্ডেন সরাসরি বাসে আসা-যাওয়া করতে পারবেন। এই উদ্দেশ্যেই বিধানসভায় স্পিকারের মাধ্যমে সংশ্লিষ্ট দফতরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম। আশা করছি দ্রুত এটি বাস্তবায়িত হবে। এতে এলাকার বহু মানুষের পাশাপাশি ওই দুই দর্শনীয় স্থানে ঘুরতে আসা বহু পর্যটকও উপকৃত হবেন। এদিকে এই ব্যাপারে পরিবহণ দফতরও তৎপর হয়ে উঠেছে। পরিবহণ মন্ত্রীর নির্দেশে দফতরের আধিকারিকরা পুরো বিষয়টি খতিয়ে দেখছেন।



▪ খড়দহ ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে রবিবার বন্দিপুর পঞ্চায়েতের দোপেড়িয়ায় ইফতার পার্টি। ছিলেন স্থানীয় বিধায়ক ও মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, সাংসদ সৌগত রায়, বিধানসভার মুখ্য সচেতক নির্মল ঘোষ, বিধায়ক রফিকুর রহমান, সুকুর আলি পুরকাইত ও একাধিক পুরপ্রধানরা।



▪ রবিবার সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গন চত্বরে অনুষ্ঠিত হল পাঁচ কিলোমিটার হুইল চেয়ার ম্যারাথন। ম্যারাথনে অংশগ্রহণ করেন ২৭ জন প্রতিযোগী। অনুষ্ঠানের আয়োজক ইনস্টিটিউট অফ নিউরো সায়েন্স।




▪ কসবায় মোহনবাগান ফ্যান ক্লাবের অনুষ্ঠানে মেয়র পারিষদ বৈশ্বানর চট্টোপাধ্যায়, কাউন্সিলর চৈতালি চট্টোপাধ্যায়, মোহনবাগান সচিব দেবাশিস দত্ত প্রমুখ। রবিবার।

## ৫ দিন ধরে সেবাশ্রয়ের মেগাক্যাম্প

**প্রতিবেদন :** ডায়মন্ড হারবারের ৭ কেন্দ্রে টানা ১০ দিন করে মোট ৭০ দিনের সেবাশ্রয় শিবির শেষ হয়েছে সম্প্রতি। সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে এবার ৫ দিন ধরে চলবে সেবাশ্রয়ের মেগাক্যাম্প। রবিবার থেকে ডায়মন্ড হারবারের ৭টি বিধানসভা এলাকায় এই মেগাক্যাম্প শুরু হয়েছে। সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্যাম্পগুলি চলবে ২০ মার্চ, বৃহস্পতিবার পর্যন্ত। এতদিন ধরে চলা ক্যাম্পগুলির ফলোআপ হিসেবে এই স্বাস্থ্য শিবির। ৭০ দিনের ক্যাম্প শেষে বৃহস্পতিবার পর্যন্ত রেজিস্ট্রেশন ছাড়িয়েছে ৯ লক্ষ ৬৬ হাজার ২২৬। তারমধ্যে ৭ হাজার ১১৭ জনের দুয়ারে পৌঁছেছে স্বাস্থ্য পরিষেবা। ৬ হাজারের বেশি রোগীর পরীক্ষা হয়েছে। বিনামূল্যে ওষুধ পেয়েছেন ৮ হাজারের বেশি রোগী।



## আজ বৈঠকে বসছেন মলয় রায়

**সংবাদদাতা, বারাকপুর:** সোমবার বোর্ড অব কাউন্সিলরের বৈঠক ডাকলেন পানিহাটি পুরসভার প্রাক্তন চেয়ারম্যান মলয় রায়। নিয়ম মেনেই আজ, সোমবার ইস্তফাপত্র বোর্ড মিটিংয়ে দেবেন বলে জানান তিনি। গত সপ্তাহের মাঝামাঝি সময়ে মলয়বাবু মুখ্যমন্ত্রীর নির্দেশে পদত্যাগ করেন। নিয়ম অনুযায়ী, আগামী সাতদিনের মধ্যে বোর্ড অফ কাউন্সিলরের বৈঠক ডাকতে হবে চেয়ারম্যানকে। সেই বৈঠকে এই পদত্যাগ গৃহীত হওয়ার পরই নতুন চেয়ারম্যান হওয়ার প্রক্রিয়া শুরু হবে। সেই মতো সোমবার বোর্ড অফ কাউন্সিলের সম্ভাব্য বৈঠক ডেকেছেন মলয় রায়।

# রাজ্য




জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

**বাদুড়িয়ার বিধায়ক কাজি আবদুর রহিম ও তৃণমূল মাইনরিটি সেলের উদ্যোগে আগামী ১৯ মার্চ অনুষ্ঠিত হবে ইফতার মজলিস এবং মিলন মেলা**

## বসিরহাটে পোস্টার, পদাধিকারীদের নাম ঘোষণা হতেই বিজেপিতে ক্ষোভ

**সংবাদদাতা, বসিরহাট :** লাগাতার গোষ্ঠীকোন্দলে জেরবার রাজ্য বিজেপির অন্দরমহল! জেলা ও মণ্ডল সভাপতিদের নাম ঘোষণা হতেই জেলায়-জেলায় দলের মধ্যেই শুরু হয়েছে বিক্ষোভ, প্রতিবাদ, কুৎসা ও পোস্টার রাজনীতি। উত্তরে কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ থেকে শুরু করে দক্ষিণে দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুরেও দলের নেতা-কর্মীরা নিজেদের মধ্যেই মারামারি-চুলোচুলি করে মরছে! বসিরহাট সাংগঠনিক জেলাও তার ব্যতিক্রম নয়। সেখানে বিজেপির সাংগঠনিক জেলার সভাপতির নাম ঘোষণার পর থেকেই শুরু হয়েছে বিজেপির অন্তর্কলহ। নবনিযুক্ত জেলা সভাপতির নামে রবিবার বাদুড়িয়ার দলীয় অফিসে পোস্টার লাগাল বিরোধী গোষ্ঠীর কর্মীরা। সেই পোস্টারে দলের কর্মীদের একাংশ নয়া সভাপতিকে ডাকাত, মিথ্যেবাদী বলে উল্লেখ করল। এতদিনে বিজেপি কর্মীরাই তাদের দল সম্পর্কে প্রকাশ্যে সঠিক এবং যথোপযুক্ত বিশেষণ ব্যবহার করল! বিজেপি দলটা যে আসলেই ঠগ, জোচ্চর, মিথ্যেবাদী ও ডাকাতের দল, তা একপ্রকার স্বীকারই করে নিল দলের নেতা-কর্মীরাই।



■ **বসিরহাট সাংগঠনিক জেলায় সভাপতির বিরুদ্ধে বিজেপি কর্মীদের পোস্টার।**

যদিও শাক দিয়ে মাছ ঢাকার মতো এই গোষ্ঠীকোন্দলকেও ধামাচাপা দিতে লাগাতার চেষ্টা চালাচ্ছেন বসিরহাটের নবনিযুক্ত জেলা সভাপতি। পোস্টারে তাঁর নামে ২০২১ সালের ভোটে দলের নামে তোলাবাজিরও অভিযোগ করা হয়েছে। নয়া জেলা সভাপতির নাম নিয়েও চূড়ান্ত মশকরা করা হয় পোস্টারে।

পরিস্থিতি বেগতিক দেখে তড়িঘড়ি সেইসব পোস্টারও ছিঁড়ে ফেলেছে তাঁর অনুগামীরা। তৃণমূলের তরফে বিষয়টিকে হাস্যকর আখ্যা দিয়ে তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন বাদুড়িয়ার বিধায়ক কাজি আবদুল রহিম। বলেন, কর্মীদের মধ্যে বিক্ষোভ, মান-অভিমান থাকতেই পারে। তাই বলে নিজের দলের কর্মীদের অন্য দলের দালাল বলে আখ্যা দেওয়া কোনও জেলা সভাপতি কাজ নয়। বিষয়টা হাস্যকর! আমাকে কেউ পছন্দ না করলে তাকে নোংরা, কুরুচিকর, অশ্লীল কথাবার্তা বলব, এটাই বিজেপির আসল সংস্কৃতি। বাদুড়িয়া ও বসিরহাট তৃণমূল কংগ্রেসের শক্ত ঘাঁটি। তাই বিজেপি দলের অভ্যন্তরে কী হল না হল, তা নিয়ে আমরা কেউই চিন্তিত নই।

## ভুয়ো ভোটার ধরতে বাড়ি বাড়ি বিধায়ক লাভলি মৈত্র



■ **ভোটার তালিকা হাতে স্ক্রুটিনি করছেন বিধায়ক লাভলি মৈত্র।**

**সংবাদদাতা, সোনারপুর :** অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশের পরেই সোনারপুর দক্ষিণ বিধানসভা কেন্দ্রের কালিকাপুর ১ নম্বর অঞ্চলে গ্রামীণ এলাকায় বাড়ি বাড়ি ভোটার তালিকা নিয়ে ঘুরলেন স্থানীয় বিধায়ক লাভলি মৈত্র। এই কাজ নিয়মিতভাবে দলীয় নির্দেশ অনুযায়ী করা হবে বলে জানান তিনি। এছাড়া কালিকাপুর ১ নম্বর পঞ্চায়েতের কালীমন্দির পাড়া এলাকায় জনসংযোগ কর্মসূচিতে যোগ দেন তিনি। সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন ও তাঁদের অভাব-অভিযোগ ও দাবিদাওয়া শোনেন।

## ভাঙড়ে তৃণমূলকর্মীর দেহ উদ্ধার খুনের অভিযোগ শওকত মোল্লার

**সংবাদদাতা, ভাঙড় :** চাষের জমিতে মিলল কৃষকের রক্তাক্ত দেহ! পরিবারের দাবি, পিটিয়ে খুন করা হয়েছে ওই চাষিকে। তিনি দীর্ঘদিন ধরেই তৃণমূল কংগ্রেসের সক্রিয় কর্মী ছিলেন। শনিবার মাঝরাতে ভাঙড় ২ নম্বর ব্লকের পোলেরহাট থানার পাইকান এলাকায় চাষের জমিতে বাবলু মোল্লা নামের ওই তৃণমূলকর্মীকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। রাত ১টা নাগাদ লঙ্কাখেত থেকে তাঁর দেহ উদ্ধার করে পুলিশ। রবিবার সকালে ঘটনাস্থলে যান কলকাতা পুলিশের ভাঙড় ডিভিশনের উচ্চপদস্থ আধিকারিকরা। অভিযোগ, প্রতিবেশীদের সঙ্গে জমি সংক্রান্ত বিবাদ চলছিল দীর্ঘদিন ধরে। সেই বচসার জেরেই বাবলুকে পিটিয়ে খুন করা হয়েছে বলেই প্রাথমিকভাবে অনুমান পুলিশের। এই মৃত্যু নিয়ে বিধায়ক শওকত মোল্লা বলেন, খুবই দুঃখজনক ঘটনা। আমাদের দলের সঙ্গে দীর্ঘদিন যুক্ত ছিলেন বাবলু মোল্লা। যে বা যারা এই খুনের সঙ্গে জড়িত, তাদের কঠিন শাস্তির দাবি জানাচ্ছি। পুলিশের সঙ্গেও কথা হয়েছে। তবে আমরা বিজেপি নই যে আত্মহত্যার ঘটনাকেও তদন্ত ছাড়া খুন বলে চালানোর চেষ্টা করব। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এই মৃত্যুকে রাজনৈতিক হত্যা বলতে পারি না। ইতিমধ্যেই পোলেরহাট থানার পুলিশ দেহ ময়নাতদন্তে পাঠিয়ে তদন্ত শুরু করেছে।

## তারকেশ্বরে বৃদ্ধ খুন

**সংবাদদাতা, হুগলি :** চাষিদের থেকে আলু কিনে ছেলেকে নিয়ে বাড়ি ফিরছিলেন। রাস্তাতেই গাড়ির মধ্যে আলু রাখা নিয়ে বচসা শুরু হয়। আর তার জেরেই পিটিয়ে মারা হল ওই ব্যক্তিকে। নাম রাখালচন্দ্র ঘোষ (৬০)। বাড়ি রামচন্দ্রপুরে। শনিবার হোলির রাতে চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে হুগলির তারকেশ্বর থানার পাঁচগেছিয়া এলাকায়। ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। আততায়ীদের খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি চলছে। পাঁচগেছিয়া থেকে আলু কিনে পিসায়ার দিকে যাচ্ছিলেন ওই ব্যক্তি। ইঞ্জিন ভ্যানে আলুর বস্তা রাখা হয়েছিল। সেই বস্তা রাখা নিয়েই বচসা শুরু হয় পাঁচজন যুবকের সঙ্গে। বচসা চলাকালীন ওই ব্যক্তিকে মারধর করা হয়। বচসা আরও বাড়লে ইঞ্জিন ভ্যানের হ্যান্ডেল দিয়ে রাখালচন্দ্র ঘোষের মাথায় আঘাত করা হয়। উদয়নারায়ণপুর স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। অভিযুক্ত শ্যামল মালিক, উমেশ রুইদাস, উত্তম রুইদাস, বিশ্বজিৎ রুইদাস, মনোহর রুইদাস পলাতক।




■ **সন্দেশখালি বিধানসভার ১ ও ২ নম্বর ব্লকের ধামাখালি মাঠে কর্মিসভায় ভোটার লিস্ট সংক্রান্ত আলোচনাসভা। ছিলেন বসিরহাট সাংগঠনিক জেলার চেয়ারম্যান সরোজ বন্দ্যোপাধ্যায়, বিধায়ক সুকুমার মাহাতো-সহ অন্যরা।**

## আরও দুই শৃঙ্গ জয়ের লক্ষ্যে এভারেস্টজয়ী পিয়ালি

**সুমন করাতি • হুগলি**

আরও দুটি আট হাজারি শৃঙ্গ জয়ে বেরোচ্ছেন এভারেস্টজয়ী পিয়ালি বসাক। কৃত্রিম অক্সিজেন ছাড়াই অভিযান শেষ করতে চান তিনি। এর আগে ২২ মে ২০২২ সালে এভারেস্ট জয় করেন চন্দননগরের পিয়ালি। দু'বছর আগে মাকালু ও অন্নপূর্ণা জয়ের পর এবার লক্ষ্য চৌ ইউ ও শিশাপাংমা।

চৌ ইউ-এর উচ্চতা ২৭,০০০ ফুট। শিশাপাংমার উচ্চতা ২৬,৩০০ ফুট। এর আগে পিয়ালি আট হাজার মিটার উচ্চতার মানাসলু, ধৌলাগিরি, লোৎসে, অন্নপূর্ণা, মাকালু, এভারেস্ট শৃঙ্গ জয় করেছেন। এছাড়া আরও সাতটি শৃঙ্গ জয় করেছেন যেগুলো আট হাজার মিটারের কম উচ্চতার। এখনও পর্যন্ত মোট পনেরোটি অভিযান সাফল্যের সঙ্গে শেষ করেছেন পিয়ালি।

আগে একবার চৌ ইউ পর্বতের দক্ষিণ দিক থেকে চেষ্টা করেছিলেন। তুষার ঝড়ের জন্য তা সফল হয়নি। এবার চিনে গিয়ে উত্তর দিক থেকে উঠবেন। আগামী ৭ এপ্রিল অভিযানে বেরোবেন পিয়ালি। সময় লাগবে দু'মাস। পরিবেশ সচেতনতা ও বিশ্বশান্তির বার্তা নিয়ে তাঁর এবারের অভিযান।




■ **নতুন অভিযানের প্রস্তুতিতে পিয়ালি বসাক।**

এতদিন পর্যন্ত অভিযানের খরচ মূলত ক্রাউড ফান্ডিং করে তুলতে হয়েছে পিয়ালিকে। এবারই প্রথম কর্পোরেট স্পনসর নিয়ে যাচ্ছেন। ব্যাঙ্ক এনডোর্সমেন্ট হিসাবে একটি বেসরকারি ব্যাঙ্ক ২০ লক্ষ টাকা স্পনসর করেছে। দুটো শৃঙ্গে উঠতে চল্লিশ লক্ষ টাকা প্রয়োজন। তার জন্য ক্রাউড ফান্ডিং চলছে। অনেক সংগঠন, সাধারণ মানুষ এগিয়ে এসেছে পিয়ালিকে সাহায্য করতে। পিয়ালির মা স্বপ্না ও বাবা তপন বসাক প্রয়াত হয়েছেন গত এক বছরের মধ্যে। তাঁরা সব সময় পিয়ালিকে উৎসাহ দিয়েছেন। পিয়ালিকে হাত ধরে পাহাড়ে নিয়ে যেতেন তাঁরা। মা-বাবার অনুপস্থিতিতে সব ফাঁকা লাগছে, বলেন পিয়ালি।

তবে তাঁদের জন্যই ফের পর্বতারোহণে বের হতে চান পাহাড় কন্যা পিয়ালি। শেষবার অভিযানে গিয়ে সাক্ষাৎ মৃত্যুমুখ থেকে ফিরতে হয়েছিল। নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে এক মাসেরও বেশি কাঠমান্ডুর হাসপাতালে ভর্তি ছিলেন। এবারের অভিযানও যথেষ্ট কঠিন। তবে ভয় পাচ্ছেন না পিয়ালি।



■ **হাওড়া শহর তৃণমূল কংগ্রেসের উদ্যোগে সোশ্যাল মিডিয়া গ্রুপের সদস্যদের নিয়ে গুরুত্বপূর্ণ সভায় স্থানীয় পুরপ্রধান নারায়ণচন্দ্র সাহা, উপপুরপ্রধান সীতাংশু দাস ও অন্যান্য কাউন্সিলররা।**

## দোকানে আগুন

**সংবাদদাতা, হাবড়া :** হাবড়ায় ঘনবসতিপূর্ণ এলাকায় রেস্টুরেন্টে আগুন। স্থানীয় মানুষ এবং দমকলের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে। ক্ষয়ক্ষতির পরিমাণ লক্ষাধিক টাকা। রবিবার দুপুরে হাবড়া স্টেশন লাগোয়া হাবড়া হাই স্কুল এলাকার ঘটনা। এদিন দুপুরে স্থানীয় লোকজন ও ব্যবসায়ীরা হঠাৎই দেখতে পান একটি দোকানের দোতলার ঘর থেকে ধোঁয়া বেরোচ্ছে। তারপরেই দাউ দাউ করে আগুন দেখা যায়। প্রথমে স্থানীয়রাই আগুন নেভানোর কাজে হাত লাগান। যার ফলে বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পায় অন্যান্য দোকান। পরে দমকলের একটি ইঞ্জিন গিয়ে প্রায় ৩০ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। দমকলের প্রাথমিক অনুমান, শর্ট সার্কিট থেকেই এই আগুন। আগুনের ক্ষতিগ্রস্ত দোকানের উপরতলার ঘর। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসেন হাবড়া থানা ও হাবড়া পুরসভার ভাইস চেয়ারম্যান।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমার বাংলা

17 March, 2025 • Monday • Page 7 || Website - www.jagobangla.in



দোকান ভেঙে মজুত সামগ্রী সাবাড় করল হাতি। কালচিনি ব্লকের সাঁতালি গ্রামের ঘটনা। বন দফতর ক্ষতিগ্রস্ত দোকানের মালিককে ক্ষতিপূরণ দেওয়ার আশ্বাস দিয়েছে

## ইফতার পার্টি



■ দিনহাটার নয়ারহাট তৃণমূল কংগ্রেসের অঞ্চল কমিটির উদ্যোগে হল ইফতার ও বস্ত্র বিতরণ। সকলের হাতে নতুন পোশাক তুলে দেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। জানা গেছে, সকলের হাতে খাবারের প্যাকেট তুলে দেওয়া হয়েছে।

## পুলিশের সাফল্য

■ ব্যবসায়িক গোলমালের জেরেই খুন উত্তর দিনাজপুরের ইটাহারের সান্ধিয়া এলাকায় মাটি খুঁড়ে উদ্ধার করা জাবুল হক। খুন করেছে অভিযুক্ত ফণী সরকার। রবিবার ধৃতকে জিজ্ঞাসাবাদ করে এমনই তথ্য হাতে পেল দক্ষিণ দিনাজপুর পুলিশ প্রশাসন। গঙ্গারামপুর মহকুমার অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিৎ সরকার বলেন, জাবুল হক নিখোঁজের বিষয়ে অভিযোগ করেছিলেন তাঁর ছেলে। তদন্তে নেমে প্রথমে কয়েকজনকে গ্রেফতার করা হলেও কিনারা করা যাচ্ছিল না। এরপর এলাকায় দক্ষিণ দিনাজপুরের পুলিশ প্রশাসনের পক্ষ থেকে ঘটনার সরেজমিন তদন্তে আসেন পুলিশ কর্মীরা। এরপর ফণী সরকার নামে একজনকে গ্রেফতার করা হয়। পেশায় দু'জনই শ্রমিক ঠিকাদার। তাকে জেরা করে জানা যায় জাবুল হকের সঙ্গে ব্যবসায়িক গন্ডগোলের জেরে তাঁকে খুন করে বাড়ির পাশে মাটিতে পুঁতে দেয় অভিযুক্ত। এরপর ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মৃতদেহ তুলে ময়না তদন্তে পাঠানো হয় রায়গঞ্জ হাসপাতালে। পাশাপাশি মৃতের বাড়ির লোকজন দেহ শনাক্ত করে। এই ঘটনায় অভিযুক্ত ফণী সরকার খুনের অভিযোগ স্বীকার করেছে বলে দাবি করেছেন পুলিশ কর্তারা।

## জমি বিবাদে খুন

■ ২০ বছর ধরে দুই পরিবারের মধ্যে জমি নিয়ে বিবাদ। আর সেই জমিতে ছাগল ঢোকাকে কেন্দ্র করে দুই পরিবারের মধ্যে সংঘর্ষ। আর এই সংঘর্ষের ঘটনায় মৃত্যু হল এক ব্যক্তির। ঘটনাটি ঘটেছে মালদহের ভুতনি এলাকায়। ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করার অভিযোগ উঠল ভাইকে। এছাড়াও এই ঘটনায় আহত হয়েছে চারজন। তাদের মধ্যে এক মহিলার অবস্থা গুরুতর। ঘটনাটি ঘটেছে মালদহের ভুতনির গোবর্ধনটোলা গ্রামে। মৃতের নাম কমল মণ্ডল(৪৩)। তিনি ছিলেন ভুতনির দক্ষিণ চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের সম্পাদক তথা তৃণমূলের প্রাক্তন গ্রাম পঞ্চায়েত সদস্য। কমল মণ্ডলের পরিবারের সঙ্গে তাঁর খুড়তুতো দাদা ফেকন মণ্ডলের পরিবারের জমিজমা সংক্রান্ত নানা বিষয় নিয়ে দীর্ঘদিন ধরেই গন্ডগোল চলছিল। শনিবার বিকালে ফেকন মণ্ডলের ছাগল কমল মণ্ডলের জমিতে ঢুকে পড়ে। খবর পেয়ে ভুতনি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। ফেকন মণ্ডল ও তার স্ত্রী অনীতা মণ্ডল, ছেলে প্রবীর মণ্ডলকে আটক করে।

# দিদিকে বলো'য় ফোন, রাস্তা পেল গ্রাম

**সংবাদদাতা, রায়গঞ্জ:** দিদি কে বলো-তে ফোন করেই মিলল সমাধান। পাকা রাস্তা পেল প্রত্যন্ত গ্রাম। উত্তর দিনাজপুরের গোয়ালপোখর ব্লকে নতুন রাস্তার নির্মাণকাজের শিলান্যাস করা হল রবিবার। এদিন স্থানীয় ঝাড়বাড়ি মোড়ে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী গোলাম রব্বানি, জেলা পরিষদের সহ-সভাধিপতি গোলাম রসুল, তৃণমূল নেতা সফিউর রহমান, জয়নুল হক-সহ অন্যরা। রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি জানান, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এই রাস্তা নিয়ে তিনি তদ্বির করেছিলেন। এলাকার মানুষও দিদিকে বলো'তে জানিয়েছিলেন। অবশেষে মুখ্যমন্ত্রীর উদ্যোগে রাস্তা পেল এলাকার মানুষ। ডব্লুবিএসআরডিএ-র প্রায় সাড়ে ৮ কোটি টাকা বরাদ্দে এই রাস্তার কাজ শুরু হল। ব্লকের ফকিরটোলা ঝিলঝিলি থেকে মহম্মদপুর প্রায় ১৫ কিমি রাস্তার নির্মাণ করা হবে। এই রাস্তার বেহাল অবস্থার ফলে যাতায়াতের সমস্যায় পড়তে হচ্ছিল এলাকাবাসীদের। রাস্তা নির্মাণে খুশি স্থানীয়রা।



■ রাস্তার কাজের উদ্বোধন করলেন মন্ত্রী গোলাম রব্বানি।

## রঞ্জনকে হুমকি গ্রেফতার দুই

**সংবাদদাতা, শিলিগুড়ি:** শিলিগুড়ির ডেপুটি মেয়র রঞ্জন সরকারের গাড়ি আটকে হুমকি। ঘটনায় দু'জনকে গ্রেফতার করল পুলিশ। জানা গিয়েছে, অভিযুক্তদের মধ্যে একজনের বাড়ি বাঁকুড়ায়। অন্যজন শিলিগুড়ির বাসিন্দা। ঠিক কী কারণে তারা এহেন হামলা চালাল তা এখনও স্পষ্ট নয়। দু'জনকেই নিজেদের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। ডেপুটি মেয়রের অভিযোগ, ঘটনার দিন প্রায় ২ ঘণ্টা ধরে সেবক রোডে তাণ্ডব চালায় দুষ্কৃতীরা। দীর্ঘ বচসার পর খুনের হুমকিও দেওয়া হয় বলে জানান তিনি। ডেপুটি মেয়রের উপর হামলার ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। এ-ব্যাপারে শিলিগুড়ির মেয়র গৌতম দেব বলেন, রঞ্জন এক আত্মীয়ের বাড়ি থেকে ফিরছিলেন। তখনই হামলার ঘটনা ঘটে। আমরা পুলিশকে বিষয়টি জানিয়েছি। একেবারেই অনভিপ্রেত ঘটনা।

## কিষাণ খেতমজুর সংগঠনের সম্মেলন

# ২৬-র লক্ষ্যে একাধিক কর্মসূচি

**সংবাদদাতা,আলিপুরদুয়ার :** সামনের বছর ২০২৬-এ অনুষ্ঠিত হতে চলেছে এই রাজ্যের বিধানসভা নির্বাচন। তার আগে দলের সমস্ত শাখা সংগঠন নিজেদের আগের চেয়ে শক্তিশালী করতে একের পর এক কর্মসূচি হাতে নিচ্ছে। এই সূত্র ধরেই আলিপুরদুয়ার জেলা কিষাণ খেতমজুর তৃণমূল কংগ্রেসের ১১তম জেলা সম্মেলন অনুষ্ঠিত হল আলিপুরদুয়ার জেলার ফালাকাটায়। এদিন এই সম্মেলনের মঞ্চ থেকে রাজ্য ও জেলা নেতৃত্ব সামনের বছরের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচির কথা আলোচনা করেন। রবিবার ফালাকাটা কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় ওই জেলা সম্মেলন। সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সভাপতি পূর্ণেন্দু বসু ও তৃণমূলের রাজ্য সভার সাংসদ দোলা সেন। ছিলেন জেলা তৃণমূল সভাপতি তথা রাজ্য সভার সাংসদ প্রকাশ চিক বড়াইক। এছাড়াও জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় এক হাজার প্রতিনিধি আজকের এই সম্মেলনে অংশগ্রহণ করেন। রাজ্য নেতৃত্বের পাশাপাশি সংগঠনের জেলা সভাপতি প্রসেনজিৎ রায় ও ফালাকাটা ব্লকের সাংগঠনিক সভাপতি সুনীল রায়ও মঞ্চে উপস্থিত ছিলেন। এদিন মঞ্চে নিজের ব্যক্তব্যে পূর্ণেন্দু বসু বলেন, দলের ভালমন্দ সব কিছুই ঠিক করেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর নির্দেশ পালন করাটাই আমাদের কাজ। নেত্রী যেভাবে ভুতুড়ে ভোটার চিহ্নিত করার নির্দেশ দিয়েছেন, আমাদের সেই পথেই এগোতে হবে। পূর্ণেন্দু বসুর পাশাপাশি দোলা সেনও একই বিষয়ের ওপর জোর দিতে সংগঠনের সদস্যদের আহ্বান জানান।



■ সম্মেলনে উপস্থিত দোলা সেন, পূর্ণেন্দু বসু, প্রকাশ চিক বড়াইক।

# ধূপগুড়ি-কাণ্ডে উদ্বেগ প্রকাশ শিশু সুরক্ষা কমিশনের

**সংবাদদাতা, জলপাইগুড়ি:** বিএসএফ ক্যাম্পে নাবালিকাকে নির্যাতন। অভিযুক্ত জওয়ান-পুত্র। এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন শিশু সুরক্ষা কমিশনের উপদেষ্টা অনন্যা চক্রবর্তী। রবিবার নির্যাতিতা এবং তার পরিবারের সঙ্গে দেখা করেন অনন্যা চক্রবর্তী, অর্পিতা ঘোষ-সহ তিন সদস্য। এদিন সার্কিট হাউসে নাবালিকা ও তার পরিবারের সঙ্গে কথা বলেন কমিশনের সদস্যরা। নির্যাতিতার সঙ্গে কথা বলেন তাঁরা। পাশাপাশি পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলেন। বিএসএফ আবাসনের মধ্যে কীভাবে ঘটল এই ঘটনা? অভিযুক্ত খোদ জওয়ানের ছেলে— এই পুরো বিষয়টি নিয়েই উদ্বেগ প্রকাশ করেন কমিশনের সদস্যরা। তাঁরা প্রশ্ন তোলেন, দেশের নিরাপত্তা যাঁদের হাতে তাঁদেরই আবাসনের মধ্যে যদি এমন ঘটনা ঘটে তাহলে মানুষ কীভাবে ভরসা করবে? ঘটনায় বিএসএফের ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন কমিশনের উপদেস্টা অনন্যা চক্রবর্তী। তিনি বলেন, ''কী করে বিএসএফ ক্যাম্পের ভেতরে ঢুকল, এর আগেও এমন ঘটনা ঘটেছে। ২০২৬-এ ভোট রয়েছে, সেসময় আবার কেন্দ্রীয় বাহিনী আসবে, তারা আবার কী করবে, এখন থেকেই আতঙ্কে আছি।''



■ নির্যাতিতার সঙ্গে দেখা করার পর অনন্যা চক্রবর্তী, অর্পিতা ঘোষ।

## মালদহে গুলি জখম ১, ধৃত ১

**প্রতিবেদন:** ফের মালদহ চলল গুলি। শনিবার রাতে বিধায়ক সাবিত্রী মিত্রের বাড়ির কাছে চলে গুলি। জখম হন এক ব্যক্তি। এই ঘটনায় সুব্রত দাস নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। ঠিক কী ঘটেছিল? শনিবার রাতে ইংরেজবাজার পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের সদরঘাট পুড়াটুলি এলাকায় গুলি চলে। তাতে জখম হন বিপ্লব ঘোষ নামে এক ব্যক্তি। অভিযোগ, হোলির দিন পাড়ার কয়েকজনের মধ্যে অশান্তি মেটাতে গিয়ে জখম হয়েছেন বিপ্লব। ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশবাহিনী। জখম ব্যক্তি জানিয়েছেন, মূল অভিযুক্তের নাম উত্তম। এলাকায় মোতায়েন করা হয়েছে বাহিনী।

## যুবক খুন

**সংবাদদাতা, মালদহ:** মদ্যপের হাতে খুন হল এক যুবক। মদ্যপ ব্যক্তির গালিগালাজের প্রতিবাদ করায় শুরু হয় দুই দলের মধ্যে হাতাহাতি। মৃত্যু হয় এক যুবকের। ঘটনাটি ঘটেছে শনিবার রাতে কালিয়াচকের চরিঅনন্তপুর গ্রামে। মৃত যুবকের নাম বিকাশ ঘোষ(২৮)। ঘটনায় জখম হয়েছে চারজন। এই ঘটনায় পাঁচজনকে আটক করেছে পুলিশ। ঠিক কী ঘটেছিল? রঙের উৎসবের রাতে কালিয়াচক থানার গোলাপগঞ্জের চরিঅনন্তপুর এলাকা দিয়ে মোটরবাইকে করে বিকাশ বাড়ি ফিরছিলেন। সঙ্গে ছিলেন যুবকের এক আত্মীয়। সেই সময় অভিযুক্ত মনোজ ঘোষ মদ্যপ অবস্থায় তাঁকে অকথ্য ভাষায় গালিগালাজ করে। অভিযোগ, তার প্রতিবাদ করলে অভিযুক্ত যুবক হাঁসুয়া নিয়ে বিকাশের উপর হামলা চালায় বলে। তারপর এলোপাথাড়ি কোপ মারতে থাকে বলে অভিযোগ। আহত হন মৃত যুবকের সঙ্গে থাকা তাঁর আত্মীয়। চিৎকার শুনে ছুটে আসেন স্থানীয়রা। হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনায় পাঁচজনকে আটক করেছে কালিয়াচক থানার পুলিশ।

## বিশেষ পুজো

**সংবাদদাতা, কোচবিহার:** বিশেষ পুজো হল মদনমোহন মন্দিরে। রবিবার সকাল থেকেই ওই পুজোর আয়োজন ঘিরে ভক্তদের ভিড় ছিল চোখে পড়ার মতো। প্রতিবছরই দোল উৎসব উপলক্ষে বিশেষ পুজোর আয়োজন করা হয়। এইবছরও পুজোর আয়োজন করা হয়। রবিবার বিশেষ ভোগের আয়োজন করা হয়। তারপরেই বিভিন্ন মন্দির থেকে আনা দেবতাদের তাদের নিজস্ব মন্দিরে পুনরায় নিয়ে যাওয়ার রীতি।

আমার বাংলা

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

17 March, 2025 • Monday • Page 8 || Website - www.jagobangla.in

# চৈত্রের গাত্রদাহ ঘুচিয়ে জেলায় নামল বারিধারা

**প্রতিবেদন :** চৈত্রেই গায়ে জ্বালা ধরানো গরমে অতিষ্ঠ বাংলার মানুষ। কিন্তু হঠাৎ হাওয়াবদল। গতকাল থেকেই কোথাও কোথাও মেঘলা আকাশ হলেও বৃষ্টির দেখা মেলেনি। কিন্তু রবিবার বিকেল হতেই কোথাও হল টুপটাপ বৃষ্টি, কোথাও রীতিমতো শিল পড়ল। রাজ্যের জেলায় জেলায় রবিবার সেই তারতম্য ধরা পড়ল। অল্প বৃষ্টি হয়েছে পুরুলিয়াতে। কিন্তু বাঁকুড়ায় দেখা গেল দাপট। শিলাবৃষ্টি সাদা চাদরে ঢেকে গেল বিষ্ণুপুর, কোতুলপুর ইত্যাদি এলাকা। স্থানীয়রা তো রীতিমতো উৎফুল্ল। তাঁরা কোতুলপুরে বসে গ্যাংটকে থাকার আমেজ পাচ্ছেন।



আলিপুর আবহাওয়া দফতর পূর্বাভাস দিয়েছিল বৃষ্টির। তবে দোলের দিন থেকেই পুরুলিয়া, বাঁকুড়া-সহ চার জেলায় শুরু হয়েছিল তাপপ্রবাহ। রবিবারও অবস্থার তেমন পরিবর্তন হয়নি। বরং সকাল থেকেই ছিল অসহ্য গরম। পুরুলিয়ার সর্বোচ্চ তাপমাত্রা ছাড়িয়েছিল ৪০ ডিগ্রি। কিছুটা কম ছিল বাঁকুড়ায়, ৩৮.৬ ডিগ্রি সেন্টিগ্রেডে। বিকেল হতেই পরিস্থিতি বদলাতে থাকে। ছিটেফোঁটা বৃষ্টি শুরু হয় পুরুলিয়া শহরে। গ্রামীণ এলাকায় বজ্রবিদ্যুৎ-সহ ভালই বৃষ্টি হয়। বৃষ্টির জেরেই কিছুটা ভ্যাপসা গরম। তবে বাঁকুড়ার ছবিটা অন্যরকম। বিষ্ণুপুর, কোতুলপুরে ঝমঝমিয়ে বৃষ্টি নামে। সঙ্গে শিলাবৃষ্টি। সাদা চাদরে ঢেকে যায় এলাকা। পূর্বাভাস ছাড়াই বদলে যায় আবহাওয়া।

## আজ থেকে চারদিন, ১৭-২০ মার্চ বন্ধ

# হলদিয়া-মেচেদা রাজ্য সড়ক এবং তমলুক-দিঘা ট্রেনপথ

**প্রতিবেদন :** রেললাইনে মেরামতির জন্য হলদিয়া-মেচেদা রাজ্য সড়কে যান চলাচল চারদিন বন্ধ থাকবে। সেই সঙ্গে তমলুক-দিঘা লাইনেও চারদিন ট্রেন চলবে না। ১৭ থেকে ২০ মার্চ, রাত ৯টা থেকে ভোর ৬টা পর্যন্ত গাড়িঘোড়া ও ট্রেন চলাচল পুরোপুরি বন্ধ থাকবে। পূর্ব মেদিনীপুর হলদিয়া-মেচেদা রাজ্য সড়কের নন্দকুমার রেলগেটে এই খবরটি বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দিয়েছে দক্ষিণ পূর্ব রেলওয়ে।




রেল সূত্রে খবর, চারদিনের কথা বলা হলেও কাজ হবে দ্রুতগতিতে। ২-৩ দিনের মধ্যেই শেষ করে ফেলার চেষ্টা করা হবে। ফলে ২০ তারিখ শেষ সীমা বলা হলেও কাজ হয়ে গেলে তার আগেই খুলে দেওয়া হবে রেলগেটের রাস্তা। হলদিয়া-মেচেদা রাজ্য সড়ক পূর্ব মেদিনীপুরের ব্যস্ততম রাস্তার একটি। এই পথেই রয়েছে তমলুক-দিঘা রেলপথের লেভেল ক্রসিং।

রাত ৯টার পর হলদিয়া-মেচেদা রাজ্য সড়কে কোনও গাড়ি চলবে না। দিঘা থেকে তমলুকের রেল চলাচল পুরোপুরি বন্ধ থাকার কারণে সমস্যায় পড়বেন যাত্রীরা।

হোলি ও দোল উৎসব এবারের মতো শেষ। দোল উৎসবে বহু পর্যটক ছুটি কাটাতে এসেছিলেন দিঘাতে। রবিবারের মধ্যে তাঁরা না ফিরলে এক সঙ্গে রাজ্য সড়ক ও রেলপথ বন্ধ হওয়ায় বেকায়দায় পড়বেন পর্যটকরা। পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন জানিয়েছে, রাতে যে সমস্ত যাত্রীরা দিঘা থেকে বাড়ি ফিরবেন তমলুকের নারায়ণপুরের রাস্তা ধরে রূপনারায়ণের পাড় বরাবর রাস্তা দিয়ে ফিরতে হবে। হলদিয়া যেতে গেলে ১১৬ নম্বর জাতীয় সড়ক ধরে যেতে হবে।

# দোলের দিন নাবালিকা নিগ্রহ গ্রেফতার এক, তবুও বিক্ষোভ



■ জাতীয় সড়ক অবরোধে আদিবাসী মহিলারা।

**প্রতিবেদন :** দোলের দিন যৌন হেনস্থা করা হয়েছিল এক আদিবাসী নাবালিকাকে। অভিযোগ পাওয়া মাত্র পুলিশ এক অভিযুক্তকে গ্রেফতার করে। তবে বাকিরা পলাতক। তাদের দ্রুত গ্রেফতারের দাবিতে থানা ঘেরাও করে বিক্ষোভ দেখালেন আদিবাসী মহিলারা। দীর্ঘ সময় ধরে তাঁরা বিক্ষোভ দেখান। পুলিশ বাকি অভিযুক্তদের দ্রুত গ্রেফতারের আশ্বাস দেওয়ায় ঘেরাও ওঠে। ঘটনাটি পাঁচগেছিয়া কদমডাঙা এলাকার। দোলের দিন শুক্রবার এক আদিবাসী নাবালিকা মাঠে ছাগল চরাতে গিয়েছিল। ওই মাঠেই চার যুবক বসে মদ্যপান করছিল। নাবালিকা মাঠ থেকে ফেরার সময় ওই যুবকেরা তাকে তাড়া করে। ছুটে পালানোর চেষ্টা করেও পারে না নাবালিকা। তাকে ধরে ফেলে ওই যুবকেরা। এরপর যৌন নিগ্রহ চালানো হয় বলে অভিযোগ। ছাড়া পেয়ে নাবালিকা বাড়ি ফিরে বাড়ির লোকজনকে সব ঘটনা খুলে বলে। তাতেই বাড়ির লোকেরা শনিবার আসানসোল উত্তর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। স্থানীয় দু'জনের নামে প্রথমে অভিযোগ দায়ের হয়েছিল। অভিযোগের ভিত্তিতে জগন্নাথ রুইদাসকে গ্রেফতার করে আসানসোল আদালতে পাঠায় পুলিশ। অন্য অভিযুক্ত বাপি রায়ের খোঁজে তল্লাশি চলছে। কিশোরীর শ্লীলতাহানির খবর ছড়িয়ে পড়তেই প্রবল ক্ষোভ ছড়িয়ে পড়ে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে। রবিবার আসানসোল উত্তর থানার সামনে জড়ো হন আদিবাসী মহিলারা। সঙ্গে ছিল লাঠি, দা, কুড়ুল ইত্যাদি। দীর্ঘক্ষণ রাস্তা আটকে রাখেন তাঁরা। পুলিশ বাকি অভিযুক্তদের দ্রুত পাকড়াও করার আশ্বাস দিলে অবরোধ ওঠে।

# পথ-দুর্ঘটনায় মৃত্যু ২ যুবকের

**প্রতিবেদন :** বাঁকুড়ার গঙ্গাজলঘাটি এলাকা থেকে জোড়া মৃতদেহ উদ্ধার হল রবিবার সকালে। মৃতদেহের পাশেই পড়ে ছিল একটি মোটরবাইক। মৃতদের নাম দেবাশিস মণ্ডল (২২) ও বাপ্পা মাঝি (২৫)। দুর্ঘটনার কারণে ওই মোটরবাইক আরোহীদের মৃত্যু হয়েছে নাকি এর পিছনে অন্য রহস্য আছে, তা খতিয়ে দেখছে পুলিশ। বাঁকুড়ার গঙ্গাজলঘাটি থানার শালবেদিয়া গ্রামের ঘটনা। একটি ইটের পাঁজার পাশে স্থানীয়রা দেহ দুটি পড়ে থাকতে দেখেন। থানায় খবর দিলে পুলিশ মৃতদেহ দুটি অমরকানন গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়।

# দুই বস্তা বোমা মাঠে, আতঙ্ক মোহরুল গ্রামে

**সংবাদদাতা, জঙ্গিপুর :** দুটো বস্তা ভর্তি বোমা উদ্ধার হল রবিবার দুপুরে। মুর্শিদাবাদে নবগ্রাম থানার অন্তর্গত মোহরুল গ্রাম পঞ্চায়েতের অনন্তপুর গ্রামে। দুপুর নাগাদ অনন্তপুর এবং দিগরির মধ্যবর্তী একটি এলাকায় দুটি বস্তায় স্থানীয় বাসিন্দারা বোমা আছে দেখতে পান। তাঁরাই নবগ্রাম থানায় খবর দেন। জেলা পুলিশের বম্ব ডিসপোজাল ইউনিটকেও খবর দেওয়া হয়। তারা বোমাগুলো নিষ্ক্রিয় করে। মেরিনা বিবি নামে ওই গ্রামের এক বাসিন্দা জানান, এর আগে আমাদের গ্রামে কখনও বোমা উদ্ধার হয়নি। ব্যাগের মধ্যে একসঙ্গে এত বোমা দেখে আমাদের আতঙ্ক লাগছে।



গ্রামবাসীরা জানান, যে এলাকায় বোমা উদ্ধার হয়েছে তার আশপাশে প্রত্যেকদিন অনেক বাচ্চা খেলা করে। ভুল করে বাচ্চা ছেলেমেয়েরা যদি বস্তাগুলোয় হাত দিত তাহলে বড়সড় দুর্ঘটনা ঘটতে পারত।

স্থানীয়দের দাবি, বিজেপি এবং বিরোধী রাজনৈতিক দলগুলো এলাকায় অশান্তি সৃষ্টির করতে চাইছে। এত গরমে মাঠের মধ্যে যেভাবে বোমাগুলো পড়েছিল তাতে রোদের তাপেই বোমাগুলো ফেটে যেতে পারত। সেক্ষেত্রে বড়সড় বিপদের আশঙ্কা ছিল।

নবগ্রাম থানার এক আধিকারিক বলেন, প্রাথমিক তদন্তে অনুমান, রাতের অন্ধকারে কেউ বা কারা বোমাগুলোকে মাঠে রেখে গিয়েছিল। সেগুলো নিষ্ক্রিয় করার কাজ শুরু হয়েছে।

# শিশুকন্যাকে খুনের দায়ে স্বামীর ফাঁসি চান স্ত্রী বর্ষা

**প্রতিবেদন :** নৃশংসভাবে মাত্র চার বছরের শিশুসন্তানকে খুন করেছিল স্বামী। সেই স্বামীর ফাঁসি চাইলেন স্ত্রী বর্ষা ঘোষ। নিজের চার বছরের সন্তানকে আছাড় মেরেও ক্ষান্ত হয়নি বুদ্ধদেব ঘোষ, মৃত্যু নিশ্চিত করতে জলঙ্গি নদীতে ছুঁড়ে ফেলে সে। ঘটনার পরই নদিয়ার ধুবুলিয়া থানার পুলিশ বুদ্ধদেবকে গ্রেফতার করে পুলিশ। মেয়ের মৃত্যুতে স্বামীর বিরুদ্ধে খুনের অভিযোগ করেছিলেন স্ত্রী। স্বামীকে গ্রেফতার করার খবর পেয়েই বর্ষা বলেন, "আমি ওঁর ফাঁসি চাই। ও আমাদের উপর অত্যাচার করত।"

বর্ষার অভিযোগ, প্রতিদিন মদ খেয়ে বাড়িতে



■ থানায় গিয়ে স্বামীর ফাঁসি দাবি করলেন বর্ষা ঘোষ।

এসে তুমুল অশান্তি করত বুদ্ধদেব। গায়ে হাতও তুলত। দোলের দিন প্রচুর মদ খেয়ে বাড়িতে ফিরেই স্ত্রীকে মারধর শুরু করে। অতিষ্ঠ হয়ে চার বছরের কন্যাকে নিয়ে বাপের বাড়ির চলে যেতে গেলে স্ত্রীর হাত থেকে তাকে কেড়ে নেয় বুদ্ধদেব। তখন তার কাছে সন্তানকে রেখেই বর্ষা নদিয়ার কোতোয়ালি থানার চরশম্ভুনগর গ্রামে বাপের বাড়ি চলে যান। রাত সাড়ে সাতটা নাগাদ লোকের মুখে খবর পান, মেয়েকে জলঙ্গি নদীতে ফেলে দিয়েছে স্বামী। খবর পেয়েই স্বামী বুদ্ধদেবের বিরুদ্ধে ধুবুলিয়া থানায় অভিযোগ দায়ের করেন। রবিবার হাসপাতালের সামনে দাঁড়িয়ে বর্ষার আফসোস, সেদিন রাগ করে চলে না গিয়ে বাড়িতে থাকলে হয়তো মেয়েটাকে এভাবে মরতে হত না।

**শনিবার রাতে গ্যাস-বোঝাই ট্যাঙ্কার উল্টে বিপত্তি ঘটে নলহাটি থানার পাঁচগ্রাম নাকপুর চেকপোস্টে নোয়াপাড়া হাইস্কুলের কাছ। হলদিয়া থেকে গ্যাসভর্তি ট্যাঙ্কারটি মুর্শিদাবাদ বীরভূম হয়ে মালদহে যাচ্ছিল**

# বন্যপ্রাণ শিকার রুখতে বন দফতরের ফাঁদ গাড়িমালিকদের বাড়ি যাবে আইনি নোটিশ

**সংবাদদাতা, মেদিনীপুর :** মার্চের শেষ সপ্তাহ থেকে জঙ্গলমহলে শুরু হচ্ছে শিকার উৎসব। তাতে বহু বন্যপ্রাণ হত্যা হয়। পুরনো প্রথা অনুসারে আদিবাসীরা এই শিকারে অংশগ্রহণ করে। বিভিন্ন জেলা থেকে তীর-ধনুক, বর্শা-সহ নানা অস্ত্র নিয়ে তারা শিকারের নির্দিষ্ট স্থানে গাড়িতে করে পৌঁছয় রাতের অন্ধকারে। তাদের আটকাতে বিভিন্ন জায়গায় নাকা পয়েন্ট করেন বনকর্মীরা। তাতেও অনেক সময় আটকানো সম্ভব হয় না। অনেকে ঘুরপথে জঙ্গলে প্রবেশ করে। এবার বন দফতরও কৌশল বদলেছে। একদিকে শিকারের নির্দিষ্ট জঙ্গলে বনকর্মী ও পুলিশি টহলের পাশাপাশি নাকা পয়েন্টে গাড়ি আটকানো হবে। অন্যদিকে যেসব গাড়ি শিকারের জন্য ব্যবহৃত হবে তাদের ছবি ও নম্বর সংগ্রহ করে আইনি নোটিশ পাঠানো হবে গাড়ির মালিকের কাছে। অনেক সময় দেখা যায়, শিকারস্থলে গাড়ি আটকালে সমস্ত শিকারি একজোট হয়ে আন্দোলন শুরু করে। ফলে বাধ্য হয়ে সেই গাড়িকে ছেড়ে দিতে হয়। এক বনাধিকারিক জানান, 'বন্যপ্রাণ শিকারকার্যে গাড়ি ব্যবহার করলে সেই গাড়ির মালিকদের এবার আইনি নোটিশ পাঠানো হবে। বন্যপ্রাণ শিকার আটকাতে নানা পদক্ষেপ করছে মেদিনীপুর বনবিভাগ। কোনওভাবেই যাতে শিকারের নামে বন্যপ্রাণ হত্যা না হয় তার জন্য বিভিন্নভাবে সচেতনতার বার্তা দেওয়া হচ্ছে। অনেকেই শিকার উৎসবের আগে জঙ্গলের ভিতর আগুন লাগিয়ে বন্যপ্রাণীদের একত্রিত করে শিকারের চেষ্টা করে। অনেকেই জঙ্গলে আগুন লাগিয়ে গাছ পুড়ে গেলে সেই কাঠ সংগ্রহ করে। এই সব বিষয়েই সাবধান করা হচ্ছে সকলকে। ধরা পড়লেই আইনি ব্যবস্থা নেওয়া হবে।' মেদিনীপুর রেঞ্জের পক্ষে রবিবার সকাল থেকেই মেদিনীপুর স্টেশন, মেদিনীপুর সেন্ট্রাল বাস স্ট্যান্ড, জনবহুল বাজার, জঙ্গলমহলের ধেড়ুয়া, চাঁদড়া, কঙ্কাবতী, মণিদহ এলাকাতে মাইকিং করে প্রচার শুরু করে বন দফতর জানিয়ে দিচ্ছে শিকার উৎসবের নামে কোনওভাবে বন্যপ্রাণ হত্যা চলবে না। এমনকি অস্ত্র নিয়ে জঙ্গলের ভেতর প্রবেশ করে ধরা পড়লেই কড়া আইনি ব্যবস্থা নেওয়া হবে।রাস্তায় বেরিয়েছে ঐরাবত গাড়ি। প্রসঙ্গত, ফি বছর মেদিনীপুর সদরের জামশোল ও চাঁদড়ার জঙ্গল এলাকায় আদিবাসীরা শিকার উৎসবে মেতে ওঠেন। গত কয়েক বছর বন দফতর সেই শিকার থেকে তাঁদের সরিয়ে আনতে বিভিন্ন পদক্ষেপ করে। যা নিয়ে সংঘাতের পরিস্থিতিও তৈরি হয়। তাই আগাম সতর্কতা প্রচারের উদ্যোগ নিয়েছে বন দফতর।



■ মেদিনীপুর রেঞ্জে শিকার উৎসব নিয়ে সতর্ক প্রচার।

## নানুরে শিশুমেলা



■ নানুরের উদয়ণ কল্যাণ কেন্দ্র, তিলুটিয়া আশ্রমের তরফে আয়োজিত ৫৭তম শিশুমেলা, সাহিত্য সম্মেলনে শিশুদের হাতে শংসাপত্র তুলে দিলেন জেলা সভাধিপতি কাজল শেখ।

## ধর্ষণের চেষ্টা, ধৃত

**সংবাদদাতা, রামপুরহাট :** এক গৃহবধূকে ধর্ষণের চেষ্টার অভিযোগে একজনকে গ্রেফতার করল রামপুরহাট থানার পুলিশ। নিগৃহীতা গৃহবধূর শনিবার রাতে বাইরে থেকে কাজ ছেড়ে যখন বাড়ি ফিরছিলেন তখন স্থানীয় এক ব্যক্তি আচমকা তাঁর ঘরে ঢুকে পড়ে পিছন থেকে তাঁকে চেপে ধরে তার মুখে সেলো টেপ লাগিয়ে দেয় যাতে চিৎকার করতে না পারেন। এরপর তাঁকে ধর্ষণের চেষ্টা করে। কিন্তু গৃহবধূ বাইরে ছুটে এসে চিৎকার করলে প্রতিবেশীরা তাকে ধরে ফেলে। রামপুরহাট থানার পুলিশ খবর পেয়ে অভিযুক্তকে গ্রেফতার করে। রামপুরহাট থানায় ওই গৃহবধূ অভিযুক্তের বিরুদ্ধে ধর্ষণের মামলা রুজু করেন।

## ক্রিকেট ও রক্তদান

**সংবাদদাতা, ঝাড়গ্রাম :** বসন্তের শুরুতে শিমুল-পলাশের রঙে রঙিন প্রকৃতি। শীত বিদায় নিয়ে এসেছে বসন্ত। তবে হালকা গরম শুরু হওয়ার আগেই 'মোবাইল' ও 'নেশার দুনিয়া' থেকে যুব সমাজকে মাঠমুখী করতে আয়োজন করা হয় 'শট টু লং ক্রিকেট টুর্নামেন্ট'। এই প্রতিযোগিতার খেলাগুলি বুধবার থেকে শুরু হয়। রবিবার ফাইনাল খেলার মধ্য দিয়ে শেষ হল। রবিবার গোপীবল্লভপুর ১ ব্লকের শাশড়া ৩ নং অঞ্চলের টিকায়েতপুর ক্রিকেট ময়দানে এই শট টু লং ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোপীবল্লভপুর থানার আইসি কার্তিকচন্দ্র রায়-সহ অন্য বিশিষ্টরা। উদ্যোক্তাদের তরফে আশিস বাসুরী, বিশ্বনাথ দোলাইরা জানান, বাংলা, ওড়িশা ও ঝাড়খণ্ডের মোট ৮টি দল প্রতিযোগিতায় অংশ নেয়। পাশাপাশি রক্তের সংকট মেটাতে আয়োজিত রক্তদান শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্ত দেন।

## ছাত্রীকে উত্ত্যক্ত, ধৃত

**সংবাদদাতা, বোলপুর :** বিশ্বভারতীর হিন্দি বিভাগের এক ছাত্রীর পিছনে ধাওয়ার অভিযোগে শান্তিনিকেতন থানার পুলিশের হাতে ধৃত অভিযুক্ত অমিত মুখোপাধ্যায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযুক্তের বাড়ি অন্ডালে। ছাত্রীটির দাবি, কয়েকদিন ধরেই ধৃত অমিত তাঁকে নানাভাবে উত্ত্যক্ত করছিল, বারবার তাঁর পিছু নিচ্ছিল। বারণ করা সত্ত্বেও শোনেনি। অবশেষে শান্তিনিকেতন থানায় তাঁর বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করলে পুলিশ ওই যুবককে রবিবার গ্রেফতার করে।

## বন্দিমৃত্যু সংশোধনাগারে

**সংবাদদাতা, বর্ধমান :** শনিবার দুপুরে বর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগারের শৌচাগার থেকে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দি বিশ্বজিৎ সাঁতরার ঝুলন্ত দেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়ায়। সংশোধনাগার সূত্রে জানা যায়, শনিবার দুপুর নাগাদ কম্বলের ছেড়া অংশ দিয়ে গলায় ফাঁস লাগানো অবস্থায় শৌচাগার থেকে সাজাপ্রাপ্ত ঝুলন্ত ওই বন্দির দেহ উদ্ধার করা হয়। পরে বর্ধমান মেডিক্যালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা। সুইসাইডের তত্ত্ব নস্যাৎ করে মৃত্যুর প্রকৃত কারণ জানতে সঠিক তদন্তের দাবি জানায় মৃতের পরিবার। মৃত বন্দির বাড়ি হুগলি ধনিয়াখালির কুমরুল গ্রামে। সংশোধনাগার ও মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, ২০১৮ সালে গোপীনাথপুর ২ গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান মৃত্যুঞ্জয় বেরা খুনে মৃতের পরিবারের অভিযোগের ভিত্তিতে পুলিশ বেশ কয়েকজনকে গ্রেফতার করে। ওই ঘটনায় আদালত অন্যতম অভিযুক্ত বিশ্বজিৎ সাঁতরা-সহ ১০ জনকে যাবজ্জীবন সাজার নির্দেশ দেয়। সেই থেকেবর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগারে বন্দি ছিল বিশ্বজিৎ ওরফে বুবাই।



■ মৃত বিশ্বজিৎ সাঁতরা।

## জেলা পরিষদের উদ্যোগে শুরু নিকাশি নালার কাজ



■ নালার সূচনায় জেলা পরিষদের কর্তারা।

**সংবাদদাতা, পানাগড় :** এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি মেনে রবিবার পানাগড় বাজারের রেলপাড়ে নিকাশি নালার কাজের সূচনা করলেন পশ্চিম বর্ধমানের জেলা সভাধিপতি বিশ্বনাথ বাউড়ি, কর্মাধ্যক্ষ বৈশাখী বন্দোপাধ্যায়, সারদা পল্লির স্থানীয় বাসিন্দারা-সহ বিশিষ্ট সমাজসেবী পল্লব বন্দোপাধ্যায় প্রমুখ। বৈশাখী বন্দ্যোপাধ্যায় জানান, এই এলাকায় দীর্ঘদিন নিকাশি নালা না থাকায় বর্ষাকালে গোটা এলাকা জলমগ্ন হয়ে যায়। স্থানীয়রা বারবার প্রশাসনকে জানিয়েছেন। আমি জানার পরে জেলা পরিষদের আর্থিক সহযোগিতায় প্রায় ৩০০ মিটারের বেশি নিকাশি নালা নির্মাণকাজের সূচনা করা হল। দ্রুত এই কাজ সম্পন্ন হলে আগামী বর্ষায় এলাকায় নিকাশি সমস্যা অনেকটাই মিটে যাবে বলে দাবি তাঁর।

## দোকানে আগুন

**সংবাদদাতা, আসানসোল :** জামুড়িয়া বাজারে শনিবার রাতে একটি কাপড়ের দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়। রাত ১টা নাগাদ জামুড়িয়া বাজারের ওই কাপড়ার দোকানটির তিনতলায় আগুন দেখতে পায়ে জামুড়িয়া থানার পুলিশ ও দমকলে খবর দেন স্থানীয়রা। ধীরে ধীরে আগুন দাবনলের আকার নেয়। ঘটনাস্থলে এসে পৌঁছয় পুলিশ এবং ৩টি ইঞ্জিন নিয়ে দমকল বাহিনী। যুদ্ধকালীন তৎপরতায় আগুন নেভানোর কাজ শুরু করেন দমকলকর্মীরা। দমকলের তিনটি ইঞ্জিনও শেষ পর্যন্ত সকালে আগুন নিয়ন্ত্রণে আনে। ইদ উপলক্ষে দোকানে প্রচুর কাপড়জামা মজুত ছিল। তবে কীভাবে আগুন লাগে বা ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি। পুলিশ তদন্তে নেমেছে।

# তিনদিনের টানা ছুটি, মানুষের ঢল সৈকতসুন্দরী দিঘায়

**তুহিনশুভ্র আগুয়ান ● হলদিয়া**

একদিকে মাধ্যমিক পরীক্ষা শেষ এবং অন্যদিকে টানা তিনদিনের ছুটি। বছরের শুরু থেকে পর্যটকশূন্য দিঘায় ঢল নামে পর্যটকদের। এই আশাতেই দিন গুনছিলেন পর্যটন ব্যবসার সঙ্গে যুক্ত ব্যবসায়ীরা। অবশেষে তাঁদের মুখে হাসি ফুটেছে। শুক্রবার থেকে টানা তিনদিনের ছুটিতে পর্যটকদের ঢল নামল সৈকতসুন্দরী দিঘায়। এবছর দিঘায় পর্যটকদের অন্যতম আকর্ষণ ছিল বসন্তোৎসব। সেই উপলক্ষে বৃহস্পতিবার বিকেল থেকেই পর্যটকদের আগমন শুরু হয়ে যায়। রবিবার বিকেল পর্যন্ত ভিড়ে টইটুম্বুর ছিল দিঘা। মাধ্যমিক পরীক্ষা শেষে তিনদিনের টানা ছুটি মিলতেই ঘর ছেড়ে কাছেপিঠে বেরিয়ে পড়ে বাঙালি। সেক্ষেত্রে তাদের অন্যতম ডেস্টিনেশন হিসেবে অনেকেই বেছে নিয়েছেন হয়ে ওঠে দিঘা। অধিকাংশ হোটেল এবং রিসর্ট রবিবার পর্যন্ত প্রায় সম্পূর্ণ বুকিং ছিল। পর্যটকদের জন্য বহু হোটেল ব্যবস্থা করে তিনদিনের প্যাকেজের। যেখানে খাওয়াদাওয়ার পাশাপাশি কাছেপিঠে ঘোরানোর ব্যবস্থাও করেন হোটেল কর্তৃপক্ষ। তাতে আরও আগ্রহ দেখা দেয় পর্যটকদের মধ্যে। দিঘা-শঙ্করপুর হোটেলিয়ার্স অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক বিপ্রদাস চক্রবর্তী জানান, 'দুর্গাপুজোর পর থেকে দিঘায় পর্যটকদের সেভাবে ভিড় ছিল না। চলতি বছরের শুরুর দিকে আরও ভাটা পড়ে তাতে। তবে দোলের তিন দিনের ছুটিতে বেশ ভালই পর্যটকদের আগমন ঘটে। এতে হোটেল মালিকেরা কিছুটা হলেও প্রাণখুলে নিঃশ্বাস নিতে পেরেছেন।' দিঘায় অন্যতম আকর্ষণ হল জগন্নাথ মন্দির। মন্দিরের দরজা সাধারণের জন্য খোলা না হলেও গেটের বাইরে থেকে ছবি তোলেন বহু পর্যটক। রেল স্টেশনের কাছেই এই মন্দির হওয়ায় পায়ে হেঁটেই তাঁরা পৌঁছে যান জগন্নাথ মন্দিরের সামনে। এরপর নবনির্মিত নেচার পার্কেও ঘুরে দেখেন তাঁরা। রবিবারের ভিড়ে যাতে কোনওরকম দুর্ঘটনা না ঘটে সেজন্য ওয়াচ টাওয়ার এবং পুলিশি নিরাপত্তা ও নজরদারি ছিল চোখে পড়ার মতো।



■ দিঘার সৈকতে ছুটির বিকেল কাটাতে মানুষের জোয়ার। রবিবার।

আমার বাংলা
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
17 March, 2025 • Monday • Page 10 || Website - www.jagobangla.in

## শাশুড়িকে কুপিয়ে গ্রেফতার হল বউমা

**প্রতিবেদন** : ধারালো অস্ত্র দিয়ে শাশুড়িকে এলোপাথাড়ি কোপাল বউমা। কল্যাণীর সগুনার নবগ্রামের এই ঘটনায় অভিযুক্তকে ইতিমধ্যেই গ্রেফতার করেছে পুলিশ। জানা গিয়েছে, শনিবার সকালে নদিয়ার নবগ্রামের বাসিন্দা প্রিয়সী বারুই স্নান করতে যাওয়ার সময় হঠাৎই তাঁর বউমা উপাসনা ধারালো অস্ত্র নিয়ে তাঁর উপরে চড়াও হয়। এলোপাথাড়ি কোপায় তাঁকে। রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন তিনি। তাঁর চিৎকারে ছুটে এসে প্রতিবেশীরা দেখেন জখম অবস্থায় মাটিতে পড়ে আছেন বৃদ্ধা প্রিয়সী। তাঁকে উদ্ধার করে কল্যাণী জওহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন তিনি। এর পর প্রতিবেশীরা কল্যাণী থানার গয়েশপুর পুলিশ ফাঁড়িতে খবর দিলে পুলিশ এসে গ্রেফতার করে অভিযুক্ত বউমা উপাসনা বারুইকে। আটক করা হয় নাতি দীপঙ্কর বারুইকে। উদ্ধার হয় ধারালো অস্ত্রটি।



■ ধৃত উপাসনা বারুই।

## সংসদে ঝড় তুলতে

(প্রথম পাতার পর)

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেসের দাবির সঙ্গে একমত কংগ্রেস, আরজেডি, সমাজবাদী পার্টি, এনসিপি (শরদ), শিবসেনা (উদ্ধব), আম আদমি পার্টি-সহ গোটা বিরোধী শিবির। সোমবারই সব আলোচনা বন্ধ করে সংসদে ডুপ্লিকেট এপিক ইস্যু নিয়ে আলোচনার দাবি-সহ মুলতুবি প্রস্তাব পেশ করেছে তৃণমূল কংগ্রেস-সহ বিরোধী শিবিরের অন্যান্য দলগুলি। এই প্রসঙ্গেই বিরোধী শিবিরের দাবি, ডুপ্লিকেট এপিক কার্ডের ইস্যুর মতো গুরুত্বপূর্ণ ইস্যু জাল আধার কার্ড দিয়ে ভোটার কার্ড তৈরির বিষয় নিয়েও সংসদে আলোচনা করতে হবে। এই বিষয় নিয়ে ট্রেজারি বেঞ্চের উপরে লাগাতার চাপ তৈরি করছে বিরোধী দলগুলি। এই অবস্থায় কিছুটা হলেও সুর নরম করতে বাধ্য হচ্ছে শাসক শিবির। সরকারি ভাবে বিরোধীদের দাবি মানা নিয়ে এখনও কোনও মন্তব্য না করা হলেও শাসক শিবিরের একাধিক প্রভাবশালী নেতা-নেত্রী জনান্তিকে স্বীকার করতে বাধ্য হচ্ছেন যে বিরোধী শিবিরের দাবি পুরোপুরি যুক্তিসঙ্গত।

এসবের মাঝেই আগামী সপ্তাহের সংসদীয় অধিবেশনে ফের বিরোধী দলগুলির আক্রমণের মুখে পড়তে পারে শাসক শিবির। এই সপ্তাহে লোকসভায় কৃষি, রেল ও জলশক্তি মন্ত্রকের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হবে। এর পাশাপাশি আলোচনা করা হতে পারে সামাজিক ন্যায়বিচার, বিদেশ ও প্রতিরক্ষা মন্ত্রকের মধ্যে যে কোনও একটি মন্ত্রক নিয়ে। সোমবার রাজ্যসভায় জবাবি ভাষণ দিতে পারেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। মঙ্গলবার রাজ্যসভায় স্বাস্থ্য এবং বুধবার মণিপুর, স্বরাষ্ট্রমন্ত্রকের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হতে পারে। স্বাস্থ্য ও স্বরাষ্ট্রমন্ত্রক সংক্রান্ত আলোচনায় মোদি সরকারের তথাকথিত জনবিরোধী নীতির বিরোধিতা করে তীব্র সমালোচনা করা হতে পারে তৃণমূল কংগ্রেসের তরফে, রবিবার এমনই দাবি দলীয় সূত্রের।

## ভগবানপুর ও মহিষাদলে বিজেপি শিবিরে ঘটল বড়সড় ভাঙন

# পঞ্চায়েত সদস্য, কর্মীদের যোগ তৃণমূলে

**সংবাদদাতা, ভগবানপুর** : বিধানসভা নির্বাচনের আগে ভগবানপুর এলাকায় নিজেদের শক্তি বাড়িয়ে নিল তৃণমূল শিবির। বিজেপি শিবির ছেড়ে তৃণমূলে যোগ দিলেন প্রায় শতাধিক কর্মী-সমর্থক। এঁদের মধ্যে রয়েছেন একজন পঞ্চায়েত সদস্যও। ফলে পূর্ব মেদিনীপুরের ভগবানপুর ব্লকে তৃণমূলের এটা বড়সড় সাফল্য বলে মনে করছেন দলের নেতারা। জানা গিয়েছে, ওই এলাকায় রবিবার সকালে প্রায় ৪১টি পরিবারের ২০০-র বেশি বিজেপির কর্মী-সমর্থক দল বেঁধে তৃণমূলের ঝান্ডা হাতে তুলে নিলেন। এঁদের মধ্যে অন্যতম ভগবানপুর ১ পঞ্চায়েত সমিতির অন্তর্গত খাগা বুথের সুবুদপুরের বিজেপির পঞ্চায়েত সদস্য কালীকিঙ্কর মাইতি। রবিবার এই যোগদান অনুষ্ঠান হয় ব্লক তৃণমূল কার্যালয়ে। উপস্থিত ছিলেন স্থানীয় ব্লক তৃণমূল সভাপতি রবিন মণ্ডল, পঞ্চায়েত সমিতির সভাপতি অরূপসুন্দর পন্ডা, ব্লক যুব তৃণমূল সভাপতি সৌরভকান্তি বেরা-সহ অন্যরা। উল্লেখ্য, এই বিধানসভায় গত লোকসভা এবং বিধানসভা নির্বাচনেও এগিয়ে ছিল বিজেপি। সেই জায়গায় রবিবারের এই মেগা যোগদানে বাড়তি অক্সিজেন পেয়ে গেল শাসক শিবির। ব্লক তৃণমূল সভাপতি রবিন মণ্ডল জানান, মানুষ আসতে আসতে বিজেপির স্বরূপ বুঝতে পারছে। তাই ক্রমশ ওদের থেকে দূরে সরে আসছে। আগামী নির্বাচনে বিজেপিকে আর কোথাও খুঁজেই পাওয়া যাবে না।



■ ভগবানপুরে তৃণমূলে যোগদানপর্ব। রবিবার।

# বিজেপি প্রধানের পর দলে পঞ্চায়েত সদস্য

**সংবাদদাতা, মহিষাদল** : বিধানসভা ভোটের আগে মহিষাদলে আরও চাঙ্গা হয়ে উঠল তৃণমূল। রবিবার রাতে বিধায়ক তিলক চক্রবর্তীর হাত ধরে দলে যোগ দিলেন মহিষাদল ব্লকের বেতকুণ্ড গ্রাম পঞ্চায়েতের ২৫ নম্বর বুথের পঞ্চায়েত সদস্য বিজেপির চিত্তরঞ্জন মান্না। তৃণমূল থেকে তাঁকে ভুল বুঝিয়ে বিজেপিতে নিয়ে যাওয়া হয়েছিল বলে তৃণমূলের দাবি। এই পরিস্থিতিতে রবিবার রাতে তিলক চক্রবর্তীর হাত ধরে ফের তৃণমূলে ফিরলেন বিজেপির টিকিটে জেতা পঞ্চায়েত সদস্য চিত্তরঞ্জন। তিনি ছাড়াও আরও বেশ কয়েকজন এদিন তৃণমূলে যোগ দেন। উল্লেখ্য, কয়েকদিন আগেই এই গ্রাম পঞ্চায়েতের বিজেপি প্রধানও তৃণমূলে যোগ দিয়েছেন। ফলে এখন ওই গ্রাম পঞ্চায়েতটি তৃণমূলের হাতেই চলে এল বলে মত তৃণমূল নেতাদের। যোগদানে তৃণমূল বিধায়ক ছাড়াও ছিলেন মহিষাদল ব্লক তৃণমূল সভাপতি সুদর্শন মাইতি, পঞ্চায়েত সমিতির সভাপতি শিউলি দাস প্রমুখ। বিধায়ক জানান, বিজেপি যেভাবে ধর্মের নামে রাজনীতি করছে তাতে কোনও মানুষ বিজেপিতে থাকতে চাইছেন না। তাই বিধায়ক থেকে পঞ্চায়েত সদস্য সকলেই তৃণমূলে যোগ দিচ্ছেন। আগামী দিনে মহিষাদল ব্লকে আর বিজেপি বলে কিছুই থাকবে না। মানুষ এখন তৃণমূলের উন্নয়ন ছাড়া আর কিছুতেই ভরসা করেন না।





■ পতাকা দিচ্ছেন বিধায়ক তিলক চক্রবর্তী।

## খেত মজদুর তৃণমূল কর্মিসভা



■ শালবনি ব্লকে কর্মিসভায় মন্ত্রী শ্রীকান্ত মাহাত-সহ তৃণমূল নেতৃত্ব।

**সংবাদদাতা, শালবনি** : রবিবার পশ্চিম মেদিনীপুরের পিড়াকাটা কমিউনিটি হলে শালবনি ব্লক কিষাণ খেত মজদুর তৃণমূল কংগ্রেসের কর্মিসভার আয়োজন হয়। উপস্থিত ছিলেন রাষ্ট্রমন্ত্রী শ্রীকান্ত মাহাত, শালবনি পঞ্চায়েত সমিতির সভাপতি নেপাল সিংহ, রাজ্য যুব তৃণমূল সাধারণ সম্পাদক সন্দীপ সিংহ, জেলা পরিষদের জ্যোতিপ্রসাদ মাহাত ও গৌতম মাহাত, ব্লক কিষাণ খেত মজদুর তৃণমূল কংগ্রেসের সভাপতি সনৎ মাহাত-সহ অন্যান্য নেতৃত্ব।

## ক্যানেলে ডুবে গেল উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী

**সংবাদদাতা, জঙ্গিপুর** : শনিবার সন্ধ্যায় সুতি থানার আহিরণ ব্রিজ সংলগ্ন ফিডার ক্যানেলে হোলির রং তুলতে স্নান করতে নেমে তলিয়ে গেল উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী সুব্রত দাস (১৮)। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সুব্রতর বাড়ি সুতির সাদিকপুর-নাপিতপাড়ায়। নিখোঁজ ওই ছাত্রের সন্ধানে রবিবার সকাল থেকে আহিরণ ফিডার ক্যানেল এলাকায় ডুবুরি এবং স্পিড বোট নামিয়ে তল্লাশি চালানো হয়। স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার সুব্রত কয়েকজন বন্ধুর সঙ্গে নিজেদের গ্রামে রং খেলার পর সন্ধে নাগাদ দুই বন্ধুকে নিয়ে আহিরণ ব্রিজ সংলগ্ন ফিডার ক্যানেল ঘাটে স্নান করতে যায় রং তোলার জন্য। কিন্তু ক্যানেলে স্নান করতে নেমে তিন বন্ধুই একে একে তলিয়ে যেতে থাকে। সেই সময় ঘাটের কাছে উপস্থিত এক ব্যক্তি কোনওক্রমে দু'জনকে উদ্ধার করতে পারলেও সুব্রতকে উদ্ধার করতে পারেননি। সুব্রতর পরিবারের এক সদস্য বলেন, ''এবছর সাদিকপুর বিকে হাই স্কুল থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষা দিচ্ছে সুব্রত। সোমবার তার রাষ্ট্রবিজ্ঞানের পরীক্ষা রয়েছে। তার দুই বন্ধুকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে তারা সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। কিন্তু সুব্রতর খোঁজ রবিবার বিকেল পর্যন্ত পাওয়া যায়নি।''



■ আহিরণ ব্রিজ সংলগ্ন ঘাটে তলিয়ে যায় ছাত্র।

# পুলিশের বড় সাফল্য, কোটি টাকার মাদক-সহ ধৃত পাচারকারী

**সংবাদদাতা, জঙ্গিপুর** : প্রায় ৩ কোটি টাকা মূল্যের হেরোইন-সহ এক ই-রিকশাচালককে গ্রেফতার করল রঘুনাথগঞ্জ থানার পুলিশ। রবিবার বিকেলে গোপন সূত্রে খবর পেয়ে তালাই বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় তাকে আটক করে পুলিশ। তার সঙ্গে থাকা ট্রাভেল ব্যাগে তল্লাশি চালিয়ে উদ্ধার হয় প্রায় ৩ কেজি হেরোইন। পুলিশ সূত্রে জানা যায় ধৃত যুবক কুরবান শেখের (২৩) বাড়ি রঘুনাথগঞ্জ থানার খড়কাঠি এলাকায়। জঙ্গিপুর পুলিশ জেলার সুপার আনন্দ রায় বলেন, ''ধৃত যুবকের হেফাজতে থাকা ৬টি প্যাকেট থেকে উন্নত মানের প্রায় তিন কেজি হেরোইন উদ্ধার হয়। কোথা থেকে ওই যুবক এত পরিমাণ হেরোইন পেয়েছে এবং কোথায় নিয়ে যাচ্ছিল তা তদন্ত করে দেখা হচ্ছে।'' তালাই বাসস্ট্যান্ড থেকে বাস বদলে অন্যত্র পাচারের পরিকল্পনা ছিল তার। জেলা পুলিশের এক আধিকারিক জানান, সাম্প্রতিক সময়ে মুর্শিদাবাদের কোনও থানা এলাকায় একসঙ্গে এত পরিমাণ হেরোইন উদ্ধার হয়নি। প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, উদ্ধার হওয়া হেরোইন লালগোলা থানা এলাকার একটি মাদক কারখানায় তৈরি হয়েছিল। ধৃত ওই যুবক সেখান থেকে মাদক নিয়ে রঘুনাথগঞ্জ থানার তালাই মোড় সংলগ্ন এলাকায় পৌঁছায়। সেখান থেকে বাস বদল করে অন্যত্র এই মাদক পৌঁছে দেওয়ার কথা ছিল তার। কিন্তু তার আগেই পুলিশের জালে পড়ে যায় কুরবান শেখ।



■ উদ্ধার হওয়া হেরোইনের প্যাকেট।

**রঘুনাথগঞ্জ**

গেরুয়া মধ্যপ্রদেশের গোয়ালিয়রে একটি সরকারি হাসপাতালে রবিবার সকালে আগুন লাগে। আইসিইউয়ের জানালা ভেঙে উদ্ধার করা হয় রোগীদের। ১৯০ জনকে সরিয়ে নিয়ে যাওয়া হয় অন্যত্র। হতাহতের খবর নেই



## ত্রিপুরায় বিজেপি-সিপিএম ছেড়ে তৃণমূলে



মোহভঙ্গ। রবিবার ত্রিপুরায় মোট ৫২ জন বিজেপি এবং সিপিএম সমর্থক যোগ দিলেন তৃণমূলে। তৃণমূল কংগ্রেস ভবনে তাঁদের স্বাগত জানাতে উপস্থিত ছিলেন ত্রিপুরা যুব তৃণমূল সভাপতি শান্তনু সাহা ও রাজ্য নেতারা।

## অসমে নতুন কমিটি হতেই ভোটের লড়াইয়ে তৃণমূল, প্রার্থী দিল রাভা কাউন্সিল ভোটে

**প্রতিবেদন:** বঞ্চনা থেকে মুক্তির পথ দেখাবে তৃণমূল। দীর্ঘ কয়েক বছর ধরে বিজেপি শাসিত অসমে জনজাতির গোষ্ঠীগুলিকে অবহেলিত করে রাখা হয়েছে। সেই পরিস্থিতি থেকে মুক্তি দিতেই অসমে ভোটের ময়দানে তৃণমূল। উত্তরবঙ্গের একাধিক জনজাতির উন্নয়নে দিশা দেখিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায় পরিচালিত বাংলার সরকার। এবার অসমের রাভা হাসং স্বশাসিত সংসদের নির্বাচনে অংশ নিয়ে বাংলার মত সেখানেও উন্নয়ন ছড়িয়ে দিতে বদ্ধপরিকর তৃণমূল।

অসমের রাভা জনজাতি অধ্যুষিত এলাকার উন্নয়নের জন্য রয়েছে পৃথক রাভা হাসং স্বশাসিত সংসদ। এই সংসদের নির্বাচিত কাউন্সিলর সংখ্যা ৩৬। রাভা হাসং যৌথ মঞ্চ এই সংসদ পরিচালনা করে নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতার জেরে। এবার সেই নির্বাচনে প্রাথমিক পর্যায়ে চার প্রার্থীর নাম ঘোষণা করল তৃণমূল। ৩৬ আসনের সংসদে বোঁদাপাড়ার প্রার্থী শ্যামল রাভা, উত্তর বনগাঁ-র প্রার্থী প্রতাপ সাহা, দক্ষিণ বনগাঁ-র প্রার্থী রূপকুমার বোরো এবং বামুনিগাঁওয়ের প্রার্থী হিসেবে পরশ দাসের নাম ঘোষণা করা হল। একদিকে বিজেপি জোট, অন্যদিকে কংগ্রেস। লড়াই হবে ত্রিমুখী। রীতিমতো উদ্দীপনা নিয়ে ভোটের লড়াইয়ে নেমে পড়েছেন তৃণমূলের নেতা-কর্মীরা।

### হোলির সন্ধ্যায় তারস্বরে ডিজের প্রতিবাদ করায়

## যোগীরাজ্যে প্রকাশ্যে নগ্ন করে পেটানো হল বিধবাকে

**প্রতিবেদন:** ভয়ঙ্কর ঘটনা যোগীরাজ্যে। অন্যায়ের প্রতিবাদ করার অধিকারটা পর্যন্ত কেড়ে নেওয়া হচ্ছে সাধারণ মানুষের কাছ থেকে। তারস্বরে ডিজে বাজানোর প্রতিবাদ করায় এক বিধবা মহিলাকে নগ্ন করে বেধড়ক পেটাল একদল যুবক। মাটিতে ফেলে প্রকাশ্যেই বেল্ট এবং লাঠি দিয়ে প্রহার করা হল ওই মহিলাকে। নির্যাতিতার কান্না আর আর্তচিৎকারেও তাঁকে রক্ষা করতে এগিয়ে এল না কেউই। ভিড় জমে গেল, কিন্তু মধ্যযুগীয় বর্বরতার নীরব দর্শকের ভূমিকায় সকলেই। হোলির সন্ধ্যায় এই ন্যক্কারজনক ঘটনার সাক্ষী হয়ে রইল আগ্রার খন্ডৌলি। সবচেয়ে আশ্চর্যজনক ঘটনা হল, পুলিশও ছোটখাটো ঘটনা বলে এড়িয়ে যেতে চাইল প্রথমে। থানায় গেলেও নেওয়া হয়নি অভিযোগ। ব্যবস্থা নেওয়া তো দূরের কথা। এমনকী পুলিশের গাড়ি সামনে দিয়ে ঘুরে গেলেও সেদিকে ফিরেও তাকায়নি। স্বাভাবিকভাবেই অভিযোগ ওঠে, অপরাধীদের আড়াল করতে চাইছে পুলিশ। ছড়িয়ে পড়ে ব্যাপক উত্তেজনা। শেষ পর্যন্ত পুলিশ



নড়েচড়ে বসে পুরো ঘটনার ভিডিও সমাজমাধ্যমে ভাইরাল হওয়ার পরে। এফআইআর করে তদন্ত শুরু করতে বাধ্য হয়। কিন্তু এমন ভয়ঙ্কর ঘটনার ৪৮ ঘণ্টা পরেও কেন একজনকেও গ্রেফতার করল না পুলিশ, রহস্যটা সেখানেই।

আসলে খুন, ধর্ষণ, নাবালিকা নির্যাতন, তন্ত্রসাধনার নামে বুজরুকির মতো ভয়াবহ সব ঘটনা একের পর এক ঘটেই চলেছে যোগীরাজ্যে। প্রমাণিত হচ্ছে, যোগীর প্রশাসন কতটা নিষ্কর্মা। এবার হোলির সন্ধ্যায় প্রতিবাদী মহিলাকে নগ্ন করে প্রহার। স্তম্ভিত সভ্যসমাজ।

আসল ঘটনাটা কী? তখন হোলির রংখেলা শেষ। কিন্তু তারপরেও গ্রামে তারস্বরে ডিজে বাজিয়ে উদ্দাম নৃত্য করছিল একদল উন্মত্ত যুবক। প্রচণ্ড আওয়াজে রীতিমতো ছটফট করছিল বাড়ির মোষগুলো। দুধ দোয়ানোও সম্ভব হচ্ছিল না কিছুতেই। এই সমস্যার কথা জানিয়ে ডিজের শব্দ কমানোর জন্য ওই যুবকদের অনুরোধ জানান বিধবা মহিলা। এতেই খেপে উঠে উন্মত্ত যুবকরা চড়াও হয় মহিলার উপর। জামাকাপড় ছিঁড়ে দিয়ে প্রহার করতে শুরু করে।

## রাজনৈতিক জীবনে কঠিন পরিস্থিতি জননেত্রীর পরামর্শের প্রতীক্ষায় কেজরি

**প্রতিবেদন:** রাজনীতিতে পূর্ণচ্ছেদ বলে কিছুই হয় না— জানেন পোড়খাওয়া সব রাজনীতিক। আজ সিঁড়ি দিয়ে উপরে উঠলে কালের নিয়মে একদিন নিচে নামতেই হবে— এটাও তাঁদের অজানা নয়। এর পরেও রাজনৈতিক ক্ষমতার বৃত্ত থেকে দূরে থাকা অনেকের পক্ষেই অস্তিত্ব সংকট ডেকে আনতে পারে। ঠিক এই ঘটনাই ঘটছে দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে। একযুগের বেশি সময় ধরে দিল্লির মুখ্যমন্ত্রী পদে থাকা অরবিন্দ কেজরিওয়াল এখন বাস্তবিকই ‘আম নাগরিক’। কোনও সাংবিধানিক পদ নেই তাঁর, বিধানসভা ভোটে হারার পরে জনপ্রতিনিধিও তিনি নন। এমনকী পাঞ্জাবে আপ সরকারের অবস্থা তেমন ভাল নয়। এই পরিস্থিতিতে নিজের রাজনৈতিক ভবিষ্যতের দিশা নির্দেশের জন্য এবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের থেকে পরামর্শ নিতে পারেন অরবিন্দ কেজরিওয়াল, এমনই দাবি আম আদমি পার্টি সূত্রের। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় লন্ডন সফর থেকে ফিরলে এপ্রিল মাসেই কলকাতায় গিয়ে তাঁর সঙ্গে একান্ত বৈঠক করতে পারেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী। এই বৈঠকেই ‘শ্রদ্ধেয়া দিদি’-র থেকে ‘ভাই’ কেজরিওয়াল নিতে পারেন প্রয়োজনীয় পরামর্শ, দাবি সূত্রের।

তাৎপর্যপূর্ণ হল, এর আগেও বহুবার

### একান্ত বৈঠকের ইচ্ছা

রাজনৈতিক শলাপরামর্শ করার জন্য ‘দিদি’ মমতার দ্বারস্থ হয়েছেন অরবিন্দ কেজরিওয়াল। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখনই দিল্লি সফরে গেছেন, তখনই তাঁর কাছে ছুটে গিয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে শলাপরামর্শ করেছেন দিল্লির তৎকালীন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল নিজে। বিগত প্রেক্ষাপটের সঙ্গে এবারের ছবির কিছুটা হলেও ফারাক দেখতে পাচ্ছেন রাজনৈতিক বিশ্লেষকরা। এবার কেজরিওয়ালের পায়ের তলার মাটিটাই নেই। বাস্তবিকই অস্তিত্ব সংকটে ভুগছেন আপ সুপ্রিমো। এই পরিস্থিতিতে মরিয়া হয়ে নিজের রাজনৈতিক অস্তিত্ব টিকিয়ে রাখার জন্যই আবার মমতা বন্দ্যোপাধ্যায়ের মতো পোড়খাওয়া রাজনৈতিক ব্যক্তিত্বের শরণাপন্ন হওয়ার কথা ভাবতে বাধ্য হচ্ছেন কেজরিওয়াল, দাবি সূত্রের। কেজরির ভাবনার মূলে বেশ কয়েকটি ফ্যাক্টর কাজ করছে। প্রথমত, মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর সুদীর্ঘ রাজনৈতিক জীবনে এমন বহু কঠিন অধ্যায় পেরিয়ে এসেছেন। তিনি জানেন কীভাবে কঠিন পরিস্থিতিকে নিজের নিয়ন্ত্রণে আনতে হয়। দ্বিতীয়ত, বিজেপি বিরোধিতায় এই মুহূর্তে সারা দেশে মমতা বন্দ্যোপাধ্যায়ের কোনও বিকল্প নেই। যে কোনও বড় গণআন্দোলনে তিনিই শেষ কথা। তৃতীয়ত, নিজের সুদীর্ঘ রাজনৈতিক জীবনে কোনওদিন কোনও কেলেঙ্কারি তৃণমূল সুপ্রিমোকে স্পর্শ করতে পারেনি। তাঁর সততা, নিষ্ঠা, রাজনৈতিক বুৎপত্তিকে সমীহ করতে বাধ্য হয়েছে প্রবল শক্তিধর প্রতিপক্ষও। এই অবস্থায় এপ্রিলে কলকাতায় মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে অরবিন্দ কেজরিওয়ালের বৈঠক হলে কোথাকার জল কোথায় গড়ায় সেদিকে লক্ষ রাখবে গোটা দেশ।

## হোলিতে মহিলাকে কটূক্তি, বেঙ্গালুরুতে সংঘর্ষে মৃত ৩

**প্রতিবেদন:** এক মহিলাকে অশ্লীল মন্তব্য এবং তারই পরিণতিতে মত্ত অবস্থায় দু’পক্ষের মধ্যে বেধে গেল খণ্ডযুদ্ধ। প্রাণ গেল ৩ জনের। দোলের দিন ঘটনাটি ঘটেছে বেঙ্গালুরুর একটি নির্মীয়মাণ আবাসনে। দোলের উৎসবে মেতেছিলেন শ্রমিকরা। আচমকাই ছন্দপতন। কেউ একজন আপত্তিকর মন্তব্য ছুঁড়ে দেয় এক মহিলার দিকে। নিমেষের মধ্যে উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। প্রতিবাদ করে একদল। অভিযুক্তদের পক্ষ নেয় আর একপক্ষ। হাতাহাতি থেকে লাঠালাঠি। লোহার রড নিয়েও প্রতিপক্ষের উপর ঝাঁপিয়ে পড়ে কয়েকজন। শ্রমিকরা সকলেই বিহার থেকে বেঙ্গালুরুতে কাজ করতে এসেছিলেন বলে জানা গিয়েছে। খবর পেয়ে ছুটে আসে পুলিশ। আবাসনের গলি, সামনের চত্বর এবং ঘরের ভেতর থেকে পুলিশ উদ্ধার করে ৩ জনের রক্তাক্ত মৃতদেহ। মৃতদের নাম, অংশু(২২), রাধেশ্যাম(২৩)। তৃতীয়জনের পরিচয় অবশ্য এখনও অজানা। কিন্তু ২ অভিযুক্তই এখনও পুলিশের খাতায় ফেরার।

## সুস্থই আছেন সুরকার বাড়ি ফিরলেন রহমান



**প্রতিবেদন :** ঘুম থেকে উঠেই খারাপ খবর এ আর রহমানের অনুরাগীদের। হাসপাতালে ভর্তি করানো হয় অস্কার জয়ী সঙ্গীত শিল্পীকে। খবর রটে যায় বুকে ব্যথা নিয়ে চিকিৎসাধীন তিনি। কিন্তু পরে গায়কের মুখপাত্র জানান, রহমান হাসপাতালে গিয়েছিলেন কারণ তিনি ডিহাইড্রেটেড হয়ে পড়েছিলেন। তিনি শনিবার লন্ডন থেকে ফিরেছেন এবং দীর্ঘ ভ্রমণের কারণে তাঁর ঘাড়ে ব্যথা শুরু হয়। আর রোজা রাখার কারণে তিনি ডিহাইড্রেটেড হয়ে পড়েন। তবে হাসপাতালের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, সুস্থ রয়েছেন শিল্পী। তাঁকে ইতিমধ্যেই ছেড়ে দেওয়া হয়েছে। আগামী কয়েকদিন ডাক্তারি পরামর্শ মেনে চলতে হবে তাঁকে।

## ৭৫ কোটির মাদক-সহ ধৃত ২ নাইজেরীয় মহিলা

**প্রতিবেদন:** বেঙ্গালুরু বিমানবন্দরে ৭৫ কোটি টাকার মাদক-সহ ধরা পড়লেন দুই নাইজেরীয় মহিলা। কর্নাটকের ইতিহাসে এখনও পর্যন্ত সবচেয়ে বড় মাদক পাচারের ঘটনা এটি বলে ধারণা পুলিশের। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত দুই নাইজেরিয়ানের নাম বাম্বা ফান্টা (৩১) এবং অ্যাবিগেল অ্যাডোমিস (৩০) দিল্লি থেকে বেঙ্গালুরু আসছিলেন এই দুই বিদেশিনি। সন্দেহ হওয়ায় তাঁদের ট্রলিব্যাগ তল্লাশি চালান নিরাপত্তারক্ষীরা। উদ্ধার করা হয় ৩৬ কেজি এনডিএমএ মাদক। গ্রেফতার করা হয় দু’জনকেই। জিজ্ঞাসাবাদে তাঁরা জানিয়েছেন, ১ বছরে ৩৬ বার মুম্বইয়ে এবং ২২ বার বেঙ্গালুরুতে যাতায়াত করেছেন তাঁরা।

১২
১৭ মার্চ
২০২৫
সোমবার

# দেশ বিদেশ

17 March, 2025 • Monday • Page 12 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

দু'মাস পরে ধরা পড়ে গেল স্বামী। স্ত্রী উৎপলাকে শ্বাসরোধ করে খুন করে নির্জন জায়গায় নিয়ে গিয়ে দা দিয়ে দেহ-মাথা আলাদা করে দেয় স্বামী হরিশ। তারপরে ব্যাগে ভরে খালে ফেলে দেয় সে। মহারাষ্ট্রের পালঘরের ঘটনা। খুনি স্বামীকে গ্রেফতার করেছে পুলিশ

# আবার হামলা বালুচ বিদ্রোহীদের
# মৃত্যু অন্তত ৯০ পাকিস্তানি সেনার

**প্রতিবেদন:** ট্রেন হাইজ্যাকের পরে এবারে পাকিস্তানি সেনার কনভয়ে মারাত্মক হামলা চালাল বালুচ বিদ্রোহীরা। রবিবার বিস্ফোরক বোঝাই গাড়ি নিয়ে কনভয়ের একটি বাসে ধাক্কা মারে বিদ্রোহীরা। আর একটি বাসকে লক্ষ্য করে গ্রেনেড ছোঁড়ে। বালুচ বিদ্রোহীদের হাতে খতম হয়েছে সবমিলিয়ে প্রায় ৯০ পাকিস্তানি সেনা। বিদ্রোহীদের দাবি অন্তত সেটাই। ঘটনার দায় স্বীকার করেছে বালুচ লিবারেশন আর্মি। আত্মঘাতী হামলা। রবিবার কোয়েটা থেকে তাফতান যাচ্ছিল সেনা বাহিনীর কনভয়। হামলা হয়েছে সেই কনভয়কে লক্ষ্য করে। পাকসেনার পক্ষ থেকে অবশ্য দাবি করা হয়েছে, এদিনের হামলায় মৃত্যু হয়েছে অন্তত ৭ জনের। জখম প্রায় ২১। শুধু রবিবারই নয়, শনিবারও



তুরবত শহরে সেনার কনভয়ে আইডি বিস্ফোরণ ঘটানো হয়। জখম হয় কয়েকজন জওয়ান। হাসপাতালে প্রত্যেকের অবস্থাই অত্যন্ত সংকটজনক বলে জানা গিয়েছে। বালুচ বিদ্রোহীরা অবশ্য এই হামলার দায় স্বীকার করেনি। লক্ষণীয়, ট্রেন অপহরণের পরেই বালুচ বিদ্রোহীরা হুঁশিয়ারি দিয়েছিল, পাকসেনা তাদের উপরে হামলা চালালে তারাও এবার টার্গেট করবে ইসলামাবাদকে।

ঠিক কী হয়েছিল ঘটনাটা? বালুচ বিদ্রোহীরাই বিবৃতি দিয়ে জানিয়েছে বিস্তারিতভাবে। নোশকির আরসিডি জাতীয় সড়কে রাখশান কারখানার কাছে পাকিস্তানি সেনার কনভয় লক্ষ্য করে আত্মঘাতী হামলা চালিয়েছে বালুচ লিবারেশন আর্মির ফিদায়েঁ বিভাগ মজিদ ব্রিগেড। কনভয়ের মোট ৮টি বাসের মধ্যে একটিকে পুরোপুরি ধ্বংস করে দেওয়া হয়েছে। কয়েক মুহূর্তের মধ্যেই পাকিস্তানি সেনার আরও একটি বাসকে ঘিরে ফেলে বালুচ বিদ্রোহীরা। গ্রেনেড ছুঁড়ে গুলি করে মারে বাসের আরোহী সব পাকসেনাকে।

যত দিন যাচ্ছে নিজেদের লক্ষ্যের দিকে এগোতে ততই বেপরোয়া হয়ে উঠছে বালুচ বিদ্রোহীরা। গত মঙ্গলবারই বালুচিস্তানের বোলানে মাশকাফ সুড়ঙ্গে জাফর এক্সপ্রেস হাইজ্যাক করে বালুচ বিদ্রোহীরা। বিদ্রোহীদের দাবি, মৃত্যু হয়েছে ৩০ পাকসেনার।

# হাউথি ঘাঁটিতে হানা আমেরিকার, নিহত ৩১



**প্রতিবেদন:** ট্রাম্পের নির্দেশে লোহিত সাগরের তীরে বোমাবৃষ্টি করল আমেরিকান সেনা। ইয়েমেনে এই হামলায় শনিবার মহিলা ও শিশু-সহ কমপক্ষে ৩১ জন সাধারণ নাগরিকের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে সংবাদ সংস্থা সূত্রে। মার্কিন সামরিক বাহিনী গত ২৪ ঘণ্টায় হাউথি নিয়ন্ত্রিত ইয়েমেনের লক্ষ্যবস্তুতে হামলা চালিয়ে দুটি ড্রোন, একটি হাউথি গ্রাউন্ড কন্ট্রোল স্টেশন এবং তিনটি জাহাজ বিধ্বংসী ক্রুজ ক্ষেপণাস্ত্র ধ্বংস করেছে বলে জানিয়েছে মার্কিন সেন্ট্রাল কমান্ড। আন্তর্জাতিক বিশেষজ্ঞদের মতে, এই হামলার মধ্যে দিয়ে ইরানকেও কড়াবার্তা দিয়েছেন ট্রাম্প। অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভাষায় তাঁর হুঁশিয়ারি, আপনারা থামুন, না হলে আকাশ থেকে নরকবর্ষণ হবে।

কিন্তু কেন এই হামলা? তার আগে দেখে নেওয়া যাক ইয়েমেনের ভৌগোলিক অবস্থান। পশ্চিম এশিয়ার একপ্রান্তে সৌদি আরবের দক্ষিণে এই ইয়েমেন। বলা যেতে পারে ছোট্ট একটা দেশ। একদিকে লোহিত সাগর, অন্যদিকে এডেন উপসাগর। জলপথে যাতায়াত করা বাণিজ্যতরীগুলোর আতঙ্ক হয়ে দাঁড়িয়েছে ইয়েমেনের হুথিরা। জাহাজ আক্রমণ করে বাণিজ্যে বাধা দেয় তারা। সেই কারণেই হুথিদের সমঝে দিলেন ট্রাম্প। ইরানকে মার্কিন প্রেসিডেন্টের হুঁশিয়ারি, এখনই বন্ধ করুন হুথিদের সমর্থন করা। ইরান থেকে আমেরিকায় কোনও হুমকি এলে ফল ভাল হবে না। দায়ী থাকবেন আপনারাই। এর আগে, ইরান-সমর্থিত হাউথি আন্দোলন জানিয়েছে, তারা বুধবার লোহিত সাগরে একটি কন্টেনার জাহাজ এবং এডেন উপসাগরে দুটি মার্কিন ডেস্ট্রয়ারে আক্রমণ করেছে। হাউথির সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি এর আগে বলেছিলেন যে হাউথি বিমানবাহিনী বুধবার মার্কিন ডেস্ট্রয়ার কোলের বিরুদ্ধে ড্রোন হামলা চালিয়েছে এবং মার্কিন ডেস্ট্রয়ার লাবুনে বেশ কয়েকটি ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে।

# পাকিস্তানে গুলিতে ঝাঁঝরা লস্কর-ই-তৈবার শীর্ষ কম্যান্ডার আবু কাতাল

**প্রতিবেদন:** আততায়ীর গুলিতে ঝাঁঝরা লস্করের মুখ্য অপারেশন কমান্ডার আবু কাতালের। হাফিজ সইদের সরাসরি নির্দেশে সে অপারেশন চালাত মূলত কাশ্মীর-সহ ভারতের বিভিন্ন জায়গায়। পাকিস্তানের মাটিতে কে বা কারা কুখ্যাত জঙ্গিকে খতম করল তা নিয়ে পাকিস্তান সরকারের তরফে কোনও বিবৃতি দেওয়া হয়নি। সূত্রের খবর, শনিবার রাতেই খুন হয়েছে লস্কর-ই-তৈবার শীর্ষ কমান্ডার। এমন এক ভয়ঙ্কর জঙ্গি এভাবে খুন হয়ে যাওয়াকে কেন্দ্র করে ঘনিয়েছে গভীর রহস্য। কাতালের মৃত্যু নিঃসন্দেহে বড় ক্ষতি লস্করের দীর্ঘদিন ধরে ভারতের নিরাপত্তা



আধিকারিকদের র‍্যাডারেও ছিল কাতাল। ভারতীয় গোয়েন্দা সংস্থা 'র' এর কাছে খবর ছিল কাশ্মীরে বহু হামলার নেপথ্যের মূলচক্রী এই জঙ্গি। খোদ মুম্বই হামলার মাস্টারমাইন্ড হাফিজ সইদ কাতালকে লস্করের সঙ্গে যুক্ত করে এবং হাফিজের নির্দেশেই সে কাজ করত। হাফিজেরই পরিকল্পনা অনুযায়ী হামলার ছক কষা এবং প্রশিক্ষিত জঙ্গিদের দিয়ে সেই নাশকতা ঘটানোর কাজ করতো এই কাতাল। পাশাপাশি পাকিস্তানে বসে এই কাশ্মীর থেকে জঙ্গি নিয়োগ করার দায়িত্ব ছিল তার উপর। ২০২৩ সালে আমজনতাকে টার্গেট করে রাজৌরিতে যে জঙ্গি হামলা হয়েছিল, সেই ঘটনায় এনআইএর চার্জশিটেও নাম ছিল আবু কাতালের।

# তৎপরতা দলীয় নেতৃত্বের

(প্রথম পাতার পর)
শনিবারের বৈঠকে যেভাবে নির্দেশ দিয়েছেন সেভাবে বিএলএ ১-এর প্রস্তাব নেওয়ার জন্য আলোচনা শুরু হয়েছে। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও রাজ্য সভাপতি সুব্রত বক্সি নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুমতিক্রমে যেসব নির্দেশ কার্যকর করতে বলেছেন, তা দ্রুত বাস্তবায়িত করতে তৎপর হয়েছেন সর্বস্তরের নেতা-নেত্রীরা।

বিশেষ করে বৈঠক থেকে যেসব জেলা এবং বুথ ধরে অভিষেক বন্দ্যোপাধ্যায় দলের ফলাফল নিয়ে কড়া বার্তা দিয়েছেন, সেইসব অঞ্চলের তৃণমূল নেতৃত্ব নিজেদের মধ্যে রবিবার সকাল থেকেই আলোচনা শুরু করে দিয়েছেন। রানাঘাট সাংগঠনিক জেলা, মালদহ, উত্তর দিনাজপুর, আসানসোলের দু-একটি জায়গা, আলিপুরদুয়ার— এইসব জেলা-সহ যেসব জায়গায় বা বুথে ৫০টির বেশি ভোটে দল হেরেছে সেখানে পরিস্থিতি খতিয়ে দেখতে ইতিমধ্যে কাজ শুরু হয়েছে। ওই বুথগুলিতে কীভাবে ভোটারদের ফেরানো যায়, তার পর্যালোচনা করতে দ্রুত মিটিং ডাকার প্রস্তুতি নেওয়া হচ্ছে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশমতো যেহেতু অঞ্চল সভাপতিরা শনিবারের ভার্চুয়াল বৈঠকে ছিলেন না, ওই বৈঠকের নির্যাস এবং নির্দেশাবলি তাঁদের পুঙ্খানুপুঙ্খভাবে বুঝিয়ে দেওয়ার কাজ শুরু করেছেন দলীয় নেতৃত্ব। শনিবারের বৈঠক থেকে একেবারে দিন নির্দিষ্ট করে দেওয়া হয়েছে কমিটি গঠনের জন্য। দলীয় নির্দেশ, রবিবার থেকেই কমিটি গঠনের কাজ শুরু করে দিতে হবে। সেই অনুযায়ী কাজ শুরু হয়ে গিয়েছে। আগামী ১৬ এপ্রিল থেকে রাজ্যের সর্বত্র ভোটার তালিকা হাতে আরও জোরালোভাবে চেক করতে এবং পরিচ্ছন্ন ভোটার তালিকা তৈরি করতে মাঠে থাকবে তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীরা। সেইসঙ্গে প্রতিটি বিধানসভায় হবে প্রশিক্ষণ শিবিরও।

২৭ ফেব্রুয়ারি নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভুয়ো ভোটার নিয়ে বিজেপির কারচুপি ও ষড়যন্ত্র ফাঁস করে দেওয়ার পর থেকেই মাঠে রয়েছেন তৃণমূলের নেতা-কর্মীরা। এবার দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় একেবারে টেকনিক্যালি দলকে বুঝিয়ে দিয়েছেন এই তালিকা সংশোধনে কী করণীয়। বিইআরএস (ব্লক ইলেক্টোরাল রোল সুপারভাইজার) ও টিইআরএস (টাউন ইলেক্টোরাল রোল সুপারভাইজার) নামের দুটি নতুন সাংগঠনিক পদ তৈরি করে দিয়েছে দল। এর সঙ্গে থাকবে পিইআরএস (পঞ্চায়েত ইলেক্টোরাল রোল সুপারভাইজার) এবং ডব্লুইআরএস (ওয়ার্ড ইলেক্টোরাল রুল সুপারভাইজার)। এরা নিরবচ্ছিন্নভাবে সারা বছর ধরে ভোটার তালিকা সংশোধনের কাজের সঙ্গে যুক্ত থাকবে। কোথাও কোনও সন্দেহজনক কিছু মনে হলে সঙ্গে সঙ্গে প্রশাসনিকভাবে তার ব্যবস্থা নেওয়ার জন্য পদক্ষেপ করবে। দলের এই নিয়মাবলি মেনেই কোচবিহার থেকে কাকদ্বীপ সাংগঠনিক নেতৃত্ব ঝাঁপিয়ে পড়েছেন ভোটার তালিকা সংশোধনের জন্য দলের দেখানো পথেই।

# প্রশ্নে সুনীতাদের সুস্থতা

(প্রথম পাতার পর)
ভরশূন্য অবস্থায় কাটানোর ফলে তাঁদের শরীরে একাধিক পরিবর্তন আসবে, যা পৃথিবীতে তাঁদের অঙ্গ-প্রত্যঙ্গ চালনায় হতে পারে সমস্যা। সেক্ষেত্রে ফের পৃথিবীতে স্বাভাবিক জীবনযাপন শুরুর আগে দীর্ঘ সময় রিহ্যাবে কাটাতে হবে তাঁদের। বুধবারই তাঁরা ফিরছেন দুই মহাকাশচারী। তাঁদের রিহ্যাবে পাঠানোর প্রস্তুতি ইতিমধ্যেই নিয়ে ফেলেছে নাসা। গবেষকরা জানাচ্ছেন, দীর্ঘ সময় ভরশূন্য থাকার ফলে সবার আগে যে সমস্যার সম্মুখীন হবেন সুনীতা ও বুচ তা হল বেবি ফিট। সাধারণ অবস্থায় হাঁটাচলার জন্য পায়ে যে পরিমাণ চাপ দেওয়ার প্রয়োজন হয়, মহাকাশে তার প্রয়োজন হয় না। ভেসে ভেসে হাতের ব্যালান্সে চলাচল করার ফলে পা দিয়ে চলাচলের অভ্যাস চলে যায়। ফলে পায়ের তলার অপেক্ষাকৃত মোটা চামড়া আবার নরম হয়ে যায়। শিশুরা প্রথম হাঁটার সময় যে সমস্যার সম্মুখীন হয়, এক্ষেত্রেও সেই সমস্যা হবে তাঁদের। পৃথিবীতে হাঁটার সময় সেই নরম চামড়ায় চাপ দিয়ে হাঁটা তাঁদের পক্ষে সম্ভব হবে না। এই পরিস্থিতিকেই 'বেবি ফিট সমস্যা' বলা হয়। এ ছাড়াও ভরহীনতার সমস্যার সঙ্গেও লড়াই করতে হবে দুই মহাকাশচারীকে। প্রায় ন'মাস ভরশূন্য দুনিয়ায় থাকায় প্রাথমিকভাবে সব অঙ্গ-প্রত্যঙ্গ চালনায় তাঁদের সমস্যা হবে। অনেক অনুভূতি তীব্র হয়ে সমস্যা তৈরি করবে। মূলত হাত-পায়ের হাড়ের ভারসাম্য ফিরিয়ে এনে, পৃথিবীতে স্বাভাবিক চলাফেরার জন্যই তাঁদের দীর্ঘ রিহ্যাবের সাহায্য নিতে হবে।

# সুইসাইড নোট লিখে আত্মঘাতী কৃষক

(প্রথম পাতার পর) তাতেও ঘুম ভাঙেনি। শেষে আত্মহত্যার কঠোর সিদ্ধান্ত।

এই ঘটনায় মহারাষ্ট্র জুড়ে প্রতিবাদের ঢেউ। বিরোধীরা সোচ্চার। সকলের বক্তব্য, বিজেপি কৃষক-বিরোধী। ব্যবসায়ীদের স্বার্থ দেখে। আর কৃষকরা বলছেন, স্বাধীনতা দিবস, সাধারণতন্ত্র দিবসে কত কথা প্রধানমন্ত্রী বলেন কৃষকদের নিয়ে। আসলে যে সবটাই মিথ্যাচার তা প্রমাণিত হয়েছে। আবার আমরা সংগঠিত হচ্ছি। কৈলাসের মৃত্যুর বদলা নেবই।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

১০-১৩ মার্চ, কলকাতার তৃপ্তি মিত্র নাট্যগৃহ, বাংলা আকাদেমি সভাঘর, নলিনী গুহ সভাঘরে অনুষ্ঠিত হল বাংলা কবিতা পার্বণ। উদ্বোধন করেন রুদ্রপ্রসাদ সেনগুপ্ত

# খোলা হাওয়া





## দীক্ষা মঞ্জরির বসন্ত উৎসব

বিগত কয়েক বছরে দীক্ষা মঞ্জরির বসন্ত উৎসব শহরের এক উল্লেখযোগ্য অনুষ্ঠানে পরিণত হয়েছে। এ বছরেও জাঁকজমকের কোনও কমতি ছিল না। নৃত্য পরিবেশন করেন পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রী। বাংলায় দোলের আর অন্যান্য প্রদেশের হোলির গানে-নাচে আর আবিরের রঙে ভরে ওঠে ভারতীয় জাদুঘরের প্রাঙ্গণ। ১৩ মার্চ, ভারতীয় জাদুঘর, দীক্ষা মঞ্জরি ও প্রভা খৈতান ফাউন্ডেশনের উদ্যোগে অনুষ্ঠিত হয় এই বসন্ত উৎসব। ছিলেন বিভিন্ন দেশের কনস্যুলেট জেনারেল ও বিশিষ্ট অতিথিরা। ভাষ্য পাঠ করেন সন্দীপ ভুতোরিয়া। নৃত্য পরিচালনা ও পরিকল্পনায় বিশিষ্ট ওড়িশি নৃত্যশিল্পী ডোনা গঙ্গোপাধ্যায়। নৃত্য পরিবেশন করেন তিনি এবং তাঁর দল দীক্ষা মঞ্জরি। শাস্ত্রীয় সঙ্গীত, বাংলা এবং হিন্দি লোকপ্রিয় গানে রঙের উৎসব উদযাপন করা হয়। ডোনা গঙ্গোপাধ্যায় জানালেন, আগে বাড়িতেই এই অনুষ্ঠান হত। এখন বাড়িতে জায়গা হয় না। অনেক ছাত্রছাত্রী। ভাল লাগে বহু গুণী মানুষ এই অনুষ্ঠানে সমবেত হন। বাড়ির অনুষ্ঠান বড় হতে হতে এই জায়গায় এসেছে। নাচ-গানের মাঝে আবির মাখা হয়। পায়ে আবির দিয়ে প্রণাম করা হয় গুরুজনদের। সবমিলিয়ে ভালই লাগে।

## রঙ দাও হে রঙিলা



প্রকাশ পেল গায়িকা ও সুরকার প্রিয়স্মিতা ঘোষের নতুন সংগীত ভিডিও 'রঙ দাও হে রঙিলা'। গানটি তাঁর মা অনুশীলা ঘোষ-এর লেখা কবিতা থেকে অনুপ্রাণিত। সংগীত পরিচালনা করেছেন সৌরভ বাবাই চক্রবর্তী। এই গানের মধ্যে দিয়ে তুলে ধরা হয়েছে হোলি উৎসব, রাধা-কৃষ্ণের প্রেম। দেখানো হয়েছে ভারতীয় শাস্ত্রীয় শিল্পের সৌন্দর্য। ১১ মার্চ, কলকাতার রোটারি সদনে আয়োজিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগীতশিল্পী স্বাগতালক্ষ্মী দাশগুপ্ত এবং সংগীতজ্ঞ নবদীপ চক্রবর্তী। গানের ভিডিওয় রাধার ভূমিকায় অভিনয় করেছেন প্রিয়স্মিতা নিজেই। এতে কথক নৃত্যের অপূর্ব প্রকাশ ঘটেছে, যা নৃত্যশিল্পী বিদুষী অনুরেখা ঘোষের কোরিওগ্রাফিতে নির্মিত।



## আন্তর্জাতিক প্রযুক্তি সম্মেলন

সম্প্রতি কলকাতায় আন্তর্জাতিক ওয়েব ৬.০ ও ইন্ডাস্ট্রি ৬.০ সম্মেলন আয়োজিত হয়, যা প্রযুক্তি দুনিয়ার গুরুত্বপূর্ণ বিশেষজ্ঞ, উদ্ভাবক ও গবেষকদের একত্রিত করে। আইইএম সল্টলেক-এর সিএসই (এআইএমএল) এবং সিএসবিএস বিভাগ, কার্ডিফ মেট্রোপলিটন ইউনিভার্সিটির সহযোগিতায় ২১-২২ ফেব্রুয়ারি কলকাতার সফটওয়্যার টেকনোলজি পার্কস অফ ইন্ডিয়াতে এই সম্মেলন আয়োজিত হয়। সম্মেলনের কর্ণধার ছিলেন আইইএম ডিরেক্টর ড. সত্যজিৎ চক্রবর্তী, প্রফেসর অমর্ত্য মুখার্জি, ড. অয়ন পাঁজা, ড. ইন্দ্রজিৎ দে। মূল আলোচ্য বিষয় ছিল ফাইভ-জি, ইন্টারনেট অফ থিংস (আইওটি), ব্লকচেইন, কৃত্রিম বুদ্ধিমত্তা-সহ ওয়েব ৬.০-এর ভবিষ্যৎ ও ইন্ডাস্ট্রি ৬.০-তে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) এবং মেশিন লার্নিং-এর ভূমিকা। প্রধান বক্তাদের মধ্যে ছিলেন ড. রাজকুমার বুইয়া, প্রফেসর অমিত কোনার, ড. সন্দীপ সিং সেনগার প্রমুখ। এছাড়া, গুগল, ইউএস ব্যাঙ্ক এবং সেলসফোর্স-এর মতো প্রযুক্তি সংস্থাগুলোর বিশেষজ্ঞরাও গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন।

## রাঙিয়ে দিয়ে যাও

বসন্তের রং শহরকে প্রাণবন্ত করে তোলার সঙ্গে সঙ্গে সুলগ্না একাডেমি ট্রাস্ট বার্ষিক বসন্ত উৎসব 'রাঙিয়ে দিয়ে যাও' সিজন ছয় মঞ্চস্থ করল। এটা ছিল ভারতীয় ধ্রুপদী এবং লোকনৃত্য উদযাপনের জন্য নিবেদিত একটি সন্ধ্যা। এই বছর অনুষ্ঠানটি আরও আবেগঘন ও তাৎপর্যপূর্ণ, কারণ অ্যাকাডেমি ট্রাস্টের প্রতিষ্ঠাতা এবং ওড়িশি নৃত্যশিল্পী সুলগ্না ভট্টাচার্যের গুরু প্রয়াত পৌষালী মুখোপাধ্যায়ের প্রতি ছিল বিশেষ শ্রদ্ধাঞ্জলি। ৮ মার্চ, হাওড়ার নেতাজি সংঘ ক্লাবের প্রাঙ্গণে আয়োজিত হয়। ওড়িশি, ভরতনাট্যম, কথক, মণিপুরী, কুচিপুড়ি, মোহিনীয়াট্টম থেকে শুরু করে প্রাণবন্ত লোক এবং সমসাময়িক ভারতীয় নৃত্যের বিভিন্ন ধারার বিশিষ্ট শিল্পীদের পাশাপাশি তাঁদের নৃত্যদলগুলিও অংশগ্রহণ করে।






## নারীদিবস উদযাপন

নারীশক্তির প্রতি শ্রদ্ধা জানাতে আই কমিউনিকেশনস ৬ মার্চ, কলকাতা প্রেস ক্লাবে আয়োজন করে বিশেষ অনুষ্ঠান 'সপ্তসতী'। সমাজে গুরুত্বপূর্ণ অবদান রাখা নয়জন মহীয়সী নারীকে 'নবদুর্গা' আখ্যা দিয়ে সম্মানিত করা হয়। অলোকানন্দা রায়, মানসী রায়চৌধুরী, ঋদ্ধি বন্দ্যোপাধ্যায়, ড. সায়নী পালিত, ঝর্ণা ভট্টাচার্য-সহ বিশিষ্টজনেরা পুরস্কৃত হন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পণ্ডিত তেজেন্দ্রনারায়ণ মজুমদার, গ্র্যান্ডমাস্টার দিব্যেন্দু বড়ুয়া প্রমুখ। 'সপ্তসতী' শুধুমাত্র একটি সংবর্ধনা অনুষ্ঠান নয়, বরং এটি নারীদের আত্মশক্তি, সংগ্রাম ও অবদানের প্রতি শ্রদ্ধা জানানোর একটি মঞ্চ। বিশিষ্ট অতিথিদের সহযোগিতা ও আই কমিউনিকেশনস-এর আন্তরিক প্রচেষ্টায়, এই উদ্যোগ নারীশক্তির জয়গান গাইতে ও সমাজের পরিবর্তনসাধকদের উদযাপন করতে এক শক্তিশালী বার্তা পৌঁছে দেয়।

## অভিনব উদ্যোগ



সারা বছর সরকারি হাসপাতালের বাইরে বিনামূল্যে খাবার দেন কলকাতার হসপিটাল ম্যান। এবার দেখা গেল তাঁর এক অভিনব উদ্যোগ। ক্যানসার হাসপাতালের সংখ্যালঘু রোগী ও তাঁদের পরিবারের জন্য ইফতার। পবিত্র ঈদের আগে একমাসব্যাপী রোজা চলে। তারপর বিকেলে হয় ইফতার। কিন্তু হাসপাতালে মাসের পর মাস থাকা মানুষগুলোর ইফতারের সুযোগ হয় না। তাই তাঁর এই উদ্যোগ। এই মাসের ৪ সপ্তাহে ৪টি ইফতার তিনি ব্যবস্থা করেছেন। গত শুক্রবার ছিল তার দ্বিতীয় দিন।

## শব্দরেণু সাহিত্য উৎসব





শব্দরেণু সাহিত্যপত্র আয়োজিত ২৫তম সাহিত্য উৎসব ও কবি সম্মান অনুষ্ঠান হল পূর্ব মেদিনীপুরের রামনগর ২ পঞ্চায়েত সমিতির সভাকক্ষে। অনুষ্ঠানের সূচনা করেন শিশুসাহিত্যিক সুখেন্দু মজুমদার। সভাপতি ছড়াশিল্পী বৃন্দাবন গিরি, প্রধান অতিথি রামনগর ১ পঞ্চায়েত সমিতির সদস্য দীপক সার ছাড়াও অতিথি হিসেবে ছিলেন কবি বিমান নায়ক, গল্পকার মণিভূষণ দুয়ারি, পদ্মলোচন করণ, অলোকনাথ মিশ্র প্রমুখ। অনুষ্ঠানে শব্দরেণু সম্মান পেলেন প্রাবন্ধিক নির্মলকুমার বর্মন। প্রয়াত কবি ও লোকসখা পত্রিকার সম্পাদক মৃত্যুঞ্জয় সেন স্মৃতি পুরস্কার তুলে দেওয়া হয় কবি অনীশ ঘোষের হাতে। এছাড়া গৌরহরি সার স্মৃতি পুরস্কার দেওয়া হয় বিশিষ্ট শিশু সাহিত্যিক স্বপনকুমার রায় এবং কার্তিক মাইতি স্মৃতি সম্মান পান কবি চিরঞ্জীব হালদার। রমা পট্টনায়ক স্মৃতি পুরস্কার পান কবি সঙ্গীতা সার। স্রোত পত্রিকার সম্পাদক প্রয়াত রাজকুমার আচার্য স্মৃতি সম্মান দেওয়া হয় গল্পকার বীরকুমার শীকে। অনুষ্ঠানে গোটা রাজ্যের শতাধিক কবি কবিতা পড়েন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন সম্পাদক গৌতম পাত্র। তিনি বলেন, শহর ও গ্রামের মধ্যে কবিতার মেলবন্ধন ঘটানো ছাড়াও নতুন কবি-গল্পকারদের তুলে ধরাই সাহিত্যপ্রেমী হিসাবে আমার আসল কাজ।

মাঠে ময়দানে
17 March, 2025 • Monday • Page 14 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



সেরা ফর্মের হরমনপ্রীত বিশ্বের সেরা, প্রশংসা মুম্বই ইন্ডিয়ান্সের কোচ শার্লট এডওয়ার্ডসের

# ছিটকে গেলেন আলকারেজ



**ইন্ডিয়ান ওয়েলস, ১৬ মার্চ :** রজার ফেডেরার ও নোভাক জকোভিচের পর, তৃতীয় খেলোয়াড় হিসাবে ইন্ডিয়ান ওয়েলস খেতাব জয়ের হ্যাটট্রিকের নজির গড়া অধরাই রইল কার্লোস আলকারেজের। রবিবার পুরুষদের সিঙ্গলসের সেমিফাইনালে বিশ্বের ১৪ নম্বর গ্রেট ব্রিটেনের জ্যাক ড্রিপারের কাছে হেরে টুর্নামেন্ট থেকেই ছিটকে গেলেন আলকারেজ। তিন সেটের লড়াইয়ের পর, ৬-১, ০-৬, ৬-৪ ব্যবধানে জিতে, কেরিয়ারের প্রথমবার কোনও এটিপি ১০০০ ইভেন্টের ফাইনালে উঠলেন ড্রিপার। ফাইনালে ড্রিপারের প্রতিপক্ষ ডেনমার্কের হোলগার রুনে। যিনি অপর সেমিফাইনালে ৭-৫, ৬-৪ স্ট্রেট সেটে হারিয়েছেন বিশ্বের ছয় নম্বর দানিল মেদভেদেভকে। এদিকে, এভাবে ছিটকে যাবেন আশা করেননি আলকারেজ। হতাশ স্প্যানিশ তারকার বক্তব্য, ''এই হার সহজে ভুলতে পারব না। আত্মবিশ্বাসের সঙ্গেই কোর্টে নেমেছিলাম। কিন্তু আমার প্রতিদ্বন্দ্বী অসাধারণ খেলল। ওকে অভিনন্দন।''

# নজির থিসারার

**উদয়পুর:** আবারও ৬ বলে ৬ ছক্কা হাঁকালেন শ্রীলঙ্কার প্রাক্তন অলরাউন্ডার থিসারা পেরেরা। এশিয়ান লেজেন্ডস লিগের এলিমিনেটরে আফগানিস্তান পাঠানস দলের স্পিনার আয়ান খানের করা ইনিংসের শেষ ওভারে পরপর ছ'টি ছক্কা মারেন থিসারা। এর আগে ২০২১ সালে লিস্ট 'এ' ক্রিকেটে শ্রীলঙ্কা আর্মি স্পোর্টস ক্লাবের হয়ে ৬ বলে ৬ ছক্কা মেরেছিলেন এই অলরাউন্ডার। প্রথম ক্রিকেটার হিসেবে প্রতিযোগিতামূলক ক্রিকেটে দু'বার ৬ বলে ৬ ছক্কা মারার বিরল নজির গড়লেন থিসারা। শুধু ওভারে ছয় ছক্কাই নয়, ম্যাচে সেঞ্চুরিও করেন লঙ্কা অলরাউন্ডার। শ্রীলঙ্কা লায়ন্সের হয়ে খেলেন ৩৬ বলে অপরাজিত ১০৮ রানের ইনিংস।

# এমবাপের জোড়া গোলে লা লিগার শীর্ষে রিয়াল

## সূচি নিয়ে তোপ আনচেলোত্তির



গোলের পর এমবাপের উচ্ছ্বাস।

**মাদ্রিদ, ১৬ মার্চ :** ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে লা লিগার শীর্ষে উঠে এল রিয়াল মাদ্রিদ। জোড়া গোল করে ম্যাচের নায়ক কিলিয়ান এমবাপে। এই জয়ের সুবাদে ২৮ ম্যাচে রিয়ালের পয়েন্ট ৬০। দু'ম্যাচ কম খেলে ৫৭ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে বার্সেলোনা। ২৭ ম্যাচে ৫৬ পয়েন্ট নিয়ে তিন নম্বরে অ্যাটলেটিকো মাদ্রিদ।

বিপক্ষের মাঠে অবশ্য শুরুতেই পিছিয়ে পড়েছিল রিয়াল। ৭ মিনিটে কর্নার থেকে বল পেয়ে জটলার মধ্যে থেকে গোল করে ঋআন ভিয়ারিয়ালের জুয়ান ফয়েথ। যদিও ১৭ মিনিটেই ১-১ করে দিয়েছিলেন এমবাপে। সতীর্থ ব্রাহিম দিয়াজের শট বিপক্ষ গোলকিপার আংশিক সেভ করলে, ফিরতি বল জোরালো শটে জালে জড়ান এমবাপে। এরপর ২৩ মিনিটে ফের গোল করে দলের জয় নিশ্চিত করেন ফরাসি স্ট্রাইকার। দ্বিতীয়ার্ধে উভয় দলের কাছেই সুযোগ এসেছিল। যদিও কোনও গোল হয়নি।

এদিকে, ম্যাচের পর সূচি নিয়ে তোপ দেগেছেন কার্লো আনচেলোত্তি। বুধবার রাতে চ্যাম্পিয়ন্স লিগে অ্যাটলেটিকো মাদ্রিদের সঙ্গে খেলার তিন দিনের মধ্যেই মাঠে নামতে হয়েছে এমবাপেদের। ক্ষুব্ধ আনচেলোত্তি বলছেন, ''আজই শেষবারের মতো ৭২ ঘণ্টার মধ্যে খেলতে নামলাম। সূচি বদলের জন্য আমরা লা লিগা কর্তৃপক্ষকে দু'বার অনুরোধ করেছিলাম। কিন্তু তারা কিছুই করেনি। এরপর ৭২ ঘণ্টা বিশ্রাম না পেলে আমি দল মাঠে নামাব না।'' রিয়াল কোচ আরও যোগ করেছেন, ''সবাইকে বুঝতে হবে, ফুটবলাররা রোবট নয় মানুষ। এভাবে টানা ম্যাচ খেললে চোট-আঘাত পেতেই পারে। আবারও বলছি, এটাই শেষবার। ভবিষ্যতে ৭২ ঘণ্টার বিশ্রাম না পেলে আমরা খেলব না।''

# শেষ ৯টা ম্যাচ সিটির কাছে ফাইনাল : পেপ

**ম্যাঞ্চেস্টার, ১৬ মার্চ :** টানা পঞ্চমবার প্রিমিয়ার লিগ খেতাব জয়ের সম্ভাবনা আগেই শেষ হয়ে গিয়েছে। ম্যাঞ্চেস্টার সিটির লক্ষ্য এখন যেভাবেই হোক প্রথম চারে থেকে লিগ শেষ করা। যাতে আগামী মরশুমে চ্যাম্পিয়ন্স লিগে জায়গা করে নেওয়া যায়।

ব্রাইটনের বিরুদ্ধে ২-২ ড্র করার পর, ২৯ ম্যাচে ৪৮ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের পাঁচে রয়েছে ম্যান সিটি। সমান ম্যাচে ৪৯ পয়েন্ট নিয়ে চারে চেলসি। তিন থাকা নটিংহ্যাম ফরেস্ট ২৯ ম্যাচে ৫৪ পয়েন্ট পেয়েছে। সিটির হাতে রয়েছে আরও ৯টি ম্যাচ। কোচ পেপ গুয়ার্দিওলা কোনও রাখঢাক না করেই বলছেন, ''আমি ইতিবাচক মানসিকতায় বিশ্বাস করি। আমাদের হাতে এখনও লিগের ৯টি ম্যাচ রয়েছে। এই ৯টি ম্যাচই আমাদের কাছে ফাইনাল।''

পরিসংখ্যান বলছে, শেষ ৯টি ম্যাচের মধ্যে লেস্টার সিটি, ক্রিস্টাল প্যালেস, অ্যাস্টন ভিলা, উলভারহ্যাম্পটন ও বোর্নমাউথের বিরুদ্ধে ঘরের মাঠে খেলবে ম্যান সিটি। গুয়ার্দিওলার দলকে যে চারটি অ্যাওয়ে ম্যাচ খেলতে হবে, সেগুলো হল, ম্যাঞ্চেস্টার ইউনাইটেড, ফুলহ্যাম, এভার্টন ও সাউদাম্পটনের বিরুদ্ধে। গুয়ার্দিওলা বলছেন, ''আমাদের পিঠ দেওয়ালে ঠেকে গিয়েছে। আর পিছনোর জায়গা নেই। হোম না অ্যাওয়ে ম্যাচ ভাবলে চলবে না। এই প্রত্যেকটা ম্যাচই আমাদের জিততে হবে। এই মুহূর্তে আমাদের দলের মোটিভেশন একটাই, প্রথম চারে শেষ করে চ্যাম্পিয়ন্স লিগে জায়গা করে নেওয়া।''



## সংবর্ধিত '৭৫-এর বিশ্বজয়ীরা

# হকি মঞ্চে একাকার অতীত ও বর্তমান




পুরস্কার মঞ্চে ১৯৭৫ সালের বিশ্বকাপজয়ী হকি তারকারা।


**নয়াদিল্লি, ১৬ মার্চ :** এক মঞ্চে ভারতীয় হকির অতীত ও বর্তমান মিলেমিশে একাকার। বর্ণাঢ্য অনুষ্ঠানে হকি ইন্ডিয়া যেমন ১৯৭৫-এর বিশ্বকাপ জয়ীদের সম্বর্ধনা দিল, তেমনই সংবর্ধিত হলেন দুই বর্ষসেরা খেলোয়াড় হরমন প্রীত সিং ও সবিতা পুনিয়া। দুজনেই জাতীয় দলের অধিনায়ক।

হরমনপ্রীত প্যারিস অলিম্পিকে ভারতীয় দলকে নেতৃত্ব দিয়েছেন। ভারত টোকিওর পর প্যারিসেও ব্রোঞ্জ জিতেছিল। আর সবিতা এই নিয়ে তৃতীয়বার মেয়েদের বিভাগে বর্ষসেরার পুরস্কার পেলেন। অনুষ্ঠানে ১৯৭৫-এর বিশ্বকাপ চ্যাম্পিয়ন ভারতীয় হকি দলের সদস্যদেরও সংবর্ধনা দেওয়া হয়েছে। হকি ইন্ডিয়া যা নিয়ে লিখেছে, আমাদের বিশ্বকাপ চ্যাম্পিয়নদের সম্মান জানাই।

বর্ষসেরা হরমনপ্রীত বলবীর সিং সিনিয়র অ্যাওয়ার্ড পেয়েছেন। ২০২৪-এর সেরা গোলকিপার সবিতা পান বলজিৎ সিং অ্যাওয়ার্ড। সবিতা কয়েকদিন আগে ৩০০ ম্যাচের কীর্তি স্থাপন করেছেন। হরমনপ্রীত অনুষ্ঠানে দুটি খেতাবের জন্য যথাক্রমে ১০ ও ১ লক্ষ্য টাকা আর্থিক পুরস্কার পেয়েছেন। তিনি বলেন, ১৯৭৫-এর কীর্তি ছুয়ে তাঁদেরও বিশ্বকাপ জিততে হবে। সবিতা ধন্যবাদ দেন সতীর্থ, পরিবার, ফ্যান ও কোচেদের।

১৯৭৫-এর বিশ্বকাপ জয়ীদের দেওয়া হয়েছে মেজর ধ্যান চাঁদ লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড। বিশ্বকাপ জয়ের ৭৫ বছর পূর্তিতে দেওয়া হয় ৫০ লক্ষ্য টাকার আর্থিক পুরস্কারও।

# আইপিএলকে টেক্কা দিতে গ্লোবাল টি-২০



**রিয়াধ, ১৬ মার্চ :** জনপ্রিয়তায় বিশ্বের বাকি টি-২০ লিগকে ১০ গোল দেবে আইপিএল। এবার আইপিএলের সঙ্গে টক্কর দিতে আসছে সৌদি আরবের গ্লোবাল টি-২০ ক্রিকেট লিগ। ভারতীয় মুদ্রায় প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে এই টি-২০ লিগে! সৌদি আরবের সংস্থা এসআরজে স্পোর্টস ইনভেস্টমেন্টস এই ক্রিকেট লিগের প্রধান বিনিয়োগকারী। অস্ট্রেলীয় ক্রিকেটারদের সংস্থার প্রাক্তন প্রধান নিল ম্যাক্সওয়েল রয়েছেন উপদেষ্টা হিসাবে। দাবি করা হচ্ছে, এই লিগ থেকে প্রাপ্ত অর্থ টেস্ট ক্রিকেট বাঁচাতে এবং আর্থিকভাবে দুর্বল ক্রিকেট বোর্ডগুলিকে সাহায্য করতে ব্যবহার করা হবে।

জানা গিয়েছে, বছরের চারটি সময়ে চারটি আলাদা আলাদা দেশে এই টি-২০ লিগের আসর বসব। পুরুষদের পাশাপাশি মহিলাদেরও লিগ হবে। সৌদি আরবে হবে ফাইনাল। তবে কোন দেশের কতগুলি দল থাকবে, সেটা এখনও জানা যায়নি। এই ক্রিকেট লিগের আয়োজনের জন্য আইসিসির অনুমোদন পাওয়া এখনও বাকি।

প্রসঙ্গত, আইপিএলের ব্র্যান্ড ভ্যালু প্রায় ২৮ হাজার কোটি টাকা। তার তুলনায় এই নতুন লিগে বিনিয়োগ অনেকটাই কম। এছাড়া বিদেশি লিগে ভারতীয় ক্রিকেটারদের খেলার অনুমতি দেয় না বিসিসিআই। ফলে শেষ পর্যন্ত শুরু হলেও, এই নতুন লিগ কতটা জনপ্রিয়তা পাবে, তা নিয়ে সংশয় থাকছে।



পথচলা শুরু হল আইএফএ-র রেফারি অ্যাকাডেমির। দশজন শিক্ষার্থীকে রেফারিংয়ের পাঠ দেন বিশিষ্ট রেফারিরা

# ভরা ইডেন তাতাচ্ছে নরখিয়াকে

## আজ আসছেন বরুণ-হর্ষিত, উমরানের বদলি শাকারিয়া

**প্রতিবেদন :** ছ'বছর পর তিনি আবার কেকেআরে। বলা ভুল হল, এটাই নাইটদের সংসারে প্রথম বছর আনরিখ নরখিয়ার। ২০১৯-এ তিনি কলকাতা নাইট রাইডার্সে নাম লেখালেও খেলতে পারেননি কোনও ম্যাচ। কাঁধের চোট টুর্নামেন্ট থেকে ছিটকে দিয়েছিল এই ফাস্ট বোলারকে।

৩১ বছর বয়সি নরখিয়া তাই ভীষণ উত্তেজিত। প্রথমবার ইডেনে নাইটদের হয়ে আইপিএল খেলবেন বলে। তিনি বলছিলেন, ইডেনে ৬৫ হাজার লোক খেলা দেখে। আমি ভীষণ উত্তেজিত সেটা ভেবে। দারুণ মাঠ। চমৎকার পরিবেশ। বলতে পারেন প্রথম ম্যাচে মাঠে নামার জন্য আমার আর তর সইছে না।

২০১৯-এর অভিজ্ঞতা ভাল নয়। কিন্তু নরখিয়া সেসব পিছনে ফেলে সামনে তাকাতে চাইছেন। একটা দারুণ আইপিএল মরশুম কেকেআরের জন্য শেষ করতে চান তিনি। নাইটদের পোস্ট করা ভিডিওতে নরখিয়া সমর্থকদের উদ্দেশে বলেন, আপনারা বেশি করে মাঠে আসুন। ট্রেনিংয়েও ভক্তদের ভিড় দেখতে পাচ্ছি। যা দেখে আমি আরও বেশি উৎসাহিত। ২০১৯-এর মার্চে দক্ষিণ আফ্রিকার হয়ে আন্তজাতিক অভিষেক হয়েছিল নরখিয়ার। প্রথম টেস্ট খেলেন সেই বছর অক্টোবরে। বর্তমানে বিভিন্ন দেশ ঘুরে টি-২০ লিগ খেলে বেড়ান। খেলেছেন ইস্টার্ন প্রভিন্স, ওয়ারিয়র্স, কেপটাউন ব্লিজ, দিল্লি ক্যাপিটালস, প্রিটোরিয়া, ওয়াশিংটন ফ্রিডম, সেন্ট কিটসের হয়ে। এবার তালিকায় যুক্ত হল কেকেআর। নাইটদের থিম স্লোগানও ইতিমধ্যেই মুখস্থ। নরখিয়া বলে গেলেন, করব, লড়ব, জিতব।

রবিবার ছিল কেকেআরের ঐচ্ছিক অনুশীলন। সল্টলেকে যাদবপুর ক্যাম্পাসের মাঠে নাইটদের প্র্যাকটিস দেখতে ভিড় জমিয়েছিলেন ভক্তরা। সুনীল নারিন, রোভমান পাওয়েল ও অঙ্গকৃশ রঘুবংশীরা প্র্যাকটিস করলেন। তবে সবার নজর কাড়লেন নারিন। সোমবার কেকেআর শিবিরে যোগ দিচ্ছেন চ্যাম্পিয়ন্স ট্রফিজয়ী ভারতীয় দলের দুই সদস্য বরুণ চক্রবর্তী ও হর্ষিত রানা। এদিকে, চোটের জন্য এবারের আইপিএল থেকে ছিটকে গেলেন উমরান মালিক। তাঁর পরিবর্ত হিসাবে চেতন শাকারিয়ার নাম ঘোষণা করেছে কেকেআর।





অধিনায়ক রাহানের সঙ্গে নরখিয়া। নেটে ছয় মারছেন নারিন। —ছবি সুদীপ্ত বন্দ্যোপাধ্যায়।

# ফেরার লড়াইয়ে আগ্রাসী ঈশান

**হায়দরাবাদ, ১৬ মার্চ:** গত বছরও কমলা জার্সির বিস্ফোরণ দেখেছে আইপিএল। এবারও পূর্বাভাস তেমনই। আন্তঃদলীয় প্রস্তুতি ম্যাচে ঝড় বইয়ে দিল সানরাইজার্স হায়দরাবাদ। আতঙ্কে থাকতে পারে বাকি দলগুলো। প্যাট কামিন্সের নেতৃত্বে হায়দরাবাদ গতবার ফাইনাল খেলেছিল। তবে কেকেআরের কাছে ট্রফি হারাতে হয়। এবার খেতাব জয়ের লক্ষ্যে নতুন লড়াইয়ে নামার আগে টগবগিয়ে ফুটছে কমলা ব্রিগেড।

'এ' বনাম 'বি' দলের ম্যাচ ছিল হায়দরাবাদে। নজরে ছিলেন বিশেষ একজন। বোর্ডের 'অবাধ্য' তারকার তকমা মুছে ফেলার লড়াইয়ে রয়েছেন তিনি। তিনি আর কেউ নন, মুম্বই ইন্ডিয়ান্স থেকে সানরাইজার্সে পা রাখা ঈশান কিশান। প্রস্তুতি ম্যাচে অভিষেক শর্মার সঙ্গে ওপেন করতে নেমে ঝাড়খণ্ডের তরুণ আগুনে মেজাজে ব্যাট করলেন। পরপর চার-ছয় হাঁকিয়ে মাত্র ১৬ বলে হাফসেঞ্চুরি করেন। শেষ পর্যন্ত ২৩ বলে ৬৪ রান করে আউট হন। বোলাররা শুরুর পাওয়ার প্লে-তে ঈশানকে থামানোর চেষ্টা করেও পারেননি।

এবারের আইপিএল ঈশানের জন্য খুবই গুরুত্বপূর্ণ। জাতীয় দল থেকে বাদ পড়ার পর আর মূলস্রোতে থাকতে পারেননি। ওয়াকিবহাল মহলের ধারণা, ভারতীয় দলে প্রত্যাবর্তনের রাস্তা মসৃণ করতে এটাই শেষ সুযোগ ঈশানের কাছে। বিশেষ করে রোহিত শর্মা অবসর নেওয়ার পর ভারতীয় টি-২০ দলে ওপেনিং স্লটটা এখনও তাঁর জন্য খোলা থাকছে।



বিধ্বংসী ঈশান।

## নতুন এক বিদেশি নেওয়ার ভাবনা

# মেহতাব, অভিষেকে নজর মোহনবাগানের





**প্রতিবেদন :** আইএসএল লিগ-শিল্ড জিতে আবারও ভারতসেরা হলেও কাজ শেষ হয়নি মোহনবাগানের। প্লে-অফের সূচি নির্ধারিত হয়েছে। আইএসএল কাপ ঘরে তুলে দ্বিমুকুট জেতাই লক্ষ্য এখন জেসন কামিন্সদের। মঙ্গলবার থেকে তার প্রস্তুতিও শুরু হয়ে যাচ্ছে। এরপর মরশুম শেষের সুপার কাপ থাকলেও মোহনবাগানের লক্ষ্য থাকবে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-এ ভাল ফল করা। তার জন্য দুর্দান্ত ভারসাম্যযুক্ত সেট টিম ধরে রাখার পাশাপাশি কয়েকটি জায়গায় বিকল্প নিতে চাইছে ম্যানেজমেন্ট। প্রাথমিক সিদ্ধান্ত, দু'একজন ভারতীয় ডিফেন্ডার সই করানো হতে পারে।

অধিনায়ক শুভাশিস বসু সবুজ-মেরুন রক্ষণে এবার ভরসা দিয়েছেন। দুর্গ আগলানোর পাশাপাশি উপরে উঠে ছ'টি গোলও করেছেন আইএসএলে। একজন স্ট্রাইকারকে লজ্জায় ফেলবে বঙ্গ ডিফেন্ডারের পারফরম্যান্স। কিন্তু ৩০ বছরের লেফট ব্যাকের উপযুক্ত বিকল্প তৈরি রাখতে চান মোহনবাগান কোচ জোসে মোলিনা। স্প্যানিশ কোচ এখনও নতুন মরশুম নিয়ে তাঁর পরিকল্পনা ক্লাবকে জানাননি। আইএসএল শেষে আলোচনায় বসবেন। নিজের সম্ভাব্য চুক্তিবৃদ্ধির বিষয়টি চূড়ান্ত হলেই নতুন ফুটবলার রিক্রুটমেন্ট নিয়ে মতামত দেবেন মোলিনা।

সূত্রের খবর, লেফট ব্যাক পজিশনে শুভাশিসের ব্যাক আপ হিসেবে পাঞ্জাবের টেকচাম অভিষেক সিংকে পছন্দ কোচের। অভিষেক মূলত রাইট ব্যাকে খেললেও বাঁ-দিকেও সমান স্বচ্ছন্দ মণিপুরী তরুণ। একইসঙ্গে উইং ব্যাকেও সমান কার্যকরী। তবে অভিষেকের সঙ্গে পাঞ্জাবের আরও এক মরশুম চুক্তি থাকায় তাঁকে দলে নিতে হলে ট্রান্সফার ফি দিতে হবে মোহনবাগানকে। একইভাবে মোহনবাগানের নজরে রয়েছে মুম্বই সিটি এফসি-র সেন্টার ব্যাক মেহতাব সিংও। মুম্বইয়ের সঙ্গেও আরও এক বছরের চুক্তি রয়েছে মেহতাবের। ফলে ট্রান্সফার ফি দিয়েই মেহতাব, অভিষেককে নিতে হবে। কিন্তু বড় অঙ্কের ট্রান্সফার ফি দিয়ে কাউকে দলে নিতে আগ্রহী নয় মোহনবাগান। প্রয়োজনে রিজার্ভ দল থেকেও ডিফেন্ডার পছন্দ করতে পারেন মোলিনা। আপাতত ধীরে চলো নীতি ম্যানেজমেন্টের। বিদেশিদের মধ্যে টম অলড্রেড ও গ্রেগ স্টুয়ার্টের চুক্তি শেষ হচ্ছে। সব কিছু ঠিক থাকলে টমের সঙ্গে নতুন চুক্তি হবে। তবে স্টুয়ার্টকে নিয়ে ধোঁয়াশা রয়েছে। তাঁর চোট প্রবণতাই ভাবাচ্ছে বাগান ম্যানেজমেন্টকে। স্কটিশ প্লে-মেকার না থাকলে একজন নামী বিদেশি অ্যাটাকিং মিডিও নেওয়ার ভাবনা রয়েছে ক্লাবের।

## মে মাসে শিল্ড

**প্রতিবেদন:** কলকাতা লিগ নিয়ে আইনি লড়াইয়ের মধ্যেই ঐতিহ্যের শিল্ড আয়োজন করতে মরিয়া আইএফএ। মে মাসে শিল্ড আয়োজনের সিদ্ধান্ত আইএফএ-র। তিন প্রধান-সহ আইএসএলের রিজার্ভ দলগুলোকে নিয়েই এবারের মতো শিল্ড আয়োজন করতে চাইছে আইএফএ। তবে তার আগে সংস্থার মার্কেটিং পার্টনার শ্রাচী স্পোর্টসের অনুমতিও নিতে হবে তাদের। আইএফএ সচিব অনির্বাণ দত্ত বলেন, ''এবার জুনিয়রদের নিয়ে শিল্ড আয়োজন করা ছাড়া উপায় নেই। রিজার্ভ দলকে নিয়ে শিল্ড হলে মাঠে দর্শক হবে না। তাই জেলায় ম্যাচ করা যায় কি না, তা নিয়ে ভাবতে হচ্ছে।'' এদিকে, কলকাতা লিগ নিয়ে ডায়মন্ড হারবারের মামলার শুনানি হতে পারে সোমবার।

## বালার হ্যাটট্রিক

**প্রতিবেদন:** মেয়েদের জাতীয় লিগে এগিয়ে চলেছে শ্রীভূমি স্পোর্টিং ক্লাব। জাতীয় দলের তারকা বালা দেবীর হ্যাটট্রিকের সৌজন্যে রবিবার কেরলের সেতু এফসি-কে ৩-২ গোলে হারাল শ্রীভূমি। কলকাতার দলটি পয়েন্ট টেবলে রয়েছে তৃতীয় স্থানে।

## আইপিএলে প্রথম বাঙালি আম্পায়ার

# স্বপ্নপূরণের নতুন লড়াই অভিজিতের



**প্রতিবেদন:** তিনি বাংলার আম্পায়ারদের মধ্যে সাম্প্রতিককালের সেরা পারফর্মার। বোর্ডের সেরা ২০ আম্পায়ারের এলিট তালিকায় রয়েছেন। গত বছর উইমেন্স প্রিমিয়ার লিগের ফাইনাল খেলিয়েছেন। গতবার আইপিএলে ছিলেন চতুর্থ আম্পায়ার। এবার তিনি আরও বড় দায়িত্বে। প্রথম বাঙালি ফিল্ড আম্পায়ার হিসেবে আসন্ন আইপিএলে ছ'টি ম্যাচ পরিচালনা করবেন চন্দননগরের অভিজিৎ ভট্টাচার্য। আগাম প্রস্তুতিও শুরু করে দিয়েছেন তিনি। সোমবার মুম্বই যাচ্ছেন। সেখানে মঙ্গল ও বুধবার আইপিএলের আম্পায়ারদের নিয়ে ওয়ার্কশপে প্লেয়িং কন্ডিশন বুঝে নেবেন।

গত কয়েক বছর ধরেই রঞ্জি, বিজয় হাজারে, সৈয়দ মুস্তাক আলি ট্রফির গুরুত্বপূর্ণ ম্যাচ খেলিয়েছেন। বাঙালি আম্পায়ারদের নিয়ে নেতিবাচক ধারণা বদলে দিয়েছেন অভিজিৎ। ভিনরাজ্যের ক্রিকেটাররাও তাঁর সিদ্ধান্তের প্রশংসায় পঞ্চমুখ। কিন্তু বাংলা থেকে সুব্রত পোড়েল, সুব্রত বন্দ্যোপাধ্যায়, অলোক ভট্টাচার্যদের মতো এখনও আন্তজাতিক আম্পায়ার হতে পারেননি অভিজিৎ। আইপিএলের ছ'টি ম্যাচ তাঁর সামনে খুলে দিতে পারে স্বপ্নপূরণের দরজা।

অভিজিৎ বলছেন, ''স্বপ্ন তো আমার অনেক বড় ছিল এবং এখনও আছে। বোর্ডের অলিখিত নিয়ম, ৪৫ বছরের বেশি হয়ে গেলে তাকে সেভাবে প্রোমোট করা হয় না। আমার ক্ষেত্রে অবশ্য এটা ব্যতিক্রম। ঘরোয়া ক্রিকেটে গুরুত্বপূর্ণ ম্যাচ পাচ্ছি। এবার আইপিএলেও পেলাম। ভাগ্যবান হলে আন্তজাতিক ম্যাচ পাব। না পেলেও ক্ষতি নেই। শেষ দিন পর্যন্ত একই রকম আত্মবিশ্বাস নিয়ে এবং দায়বদ্ধতার সঙ্গে আম্পায়ারিং করে যাব। যাতে কেউ আমার দিকে আঙুল তুলতে না পারে।''

মাঠে ময়দানে
17 March, 2025 • Monday • Page 16 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



মেন্টর জাহির খানের অনুরোধে লখনউ সুপার জায়ান্টসের অনুষ্ঠানে গান গাইলেন অধিনায়ক ঋষভ পন্থ

## শ্রীকান্তের বাজি ধোনির সিএসকে



**চেন্নাই, ১৬ মার্চ :** পাঁচবারের চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংসের গত আইপিএল মরশুমটা খুব একটা ভাল কাটেনি। রাউন্ড রবিন লিগে পাঁচ নম্বরে শেষ করাতে প্লে-অফের যোগ্যতা অর্জন করতে ব্যর্থ হয়েছিলেন মহেন্দ্র সিং ধোনিরা। প্রাক্তন ভারত অধিনায়ক কৃষ্ণমাচারী শ্রীকান্ত যদিও বিশ্বাস করেন, এবারের আইপিএলে দারুণ ফল করবে সিএসকে। আগামী রবিবার (২৩ মার্চ) মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ম্যাচ দিয়ে এবারের আইপিএল অভিযান শুরু করবে চেন্নাই। শ্রীকান্ত বলছেন, ‘‘এবারের আইপিএলে আমার বাজি চেন্নাই সুপার কিংস। গতবার ওরা খুব একটা ভাল রেজাল্ট করতে পারেনি। কিন্তু এবার খুব ভাল খেলবে বলেই আমার বিশ্বাস। মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ওদের প্রথম ম্যাচটা তো দারুণ উত্তেজক হতে চলেছে। একটা দুর্দান্ত ম্যাচের সাক্ষী হতে চলেছি আমরা। আর এবারের আইপিএলও দারুণ রোমাঞ্চকর হবে বলেই বিশ্বাস করি। অসাধারণ একটা মরশুম শুরু হতে চলেছে। আমার তো তর সইছে না।’’

## খারাপ দিনে কেউ একা বসে থাকতে চায় না

# পরিবার নিয়ে বোর্ডের ফরমান ওড়ালেন বিরাট

**বেঙ্গালুরু, ১৬ মার্চ :** আগে খুব মাথা গরম করতাম। তা নিয়ে লোকের আপত্তি ছিল। এখন মাথা অনেক ঠান্ডা করে ফেলেছি। তাতেও সমস্যা। বিরাট কোহলি অতঃপর বলছেন, সত্যি কথা বলতে কি আমি বুঝতে পারি না আমার কী করা উচিত। তাই আমি এখন আর এসব নিয়ে বেশি মাথা ঘামাই না।

বেঙ্গালুরুতে আরসিবির ইন্ডিয়ান স্পোর্টস সামিট-এ নানা বিষয়ে কথা বলেছেন বিরাট। তার মধ্যে উঠে এসেছে বর্ডার-গাভাসকর সিরিজের উদ্ভূত বিতর্কও। যেখানে বিরাটের বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে অভিষেক ম্যাচে খেলতে নামা স্যাম কনস্টাসকে কাঁধের ধাক্কা দেওয়ার অভিযোগ ছিল। এমনকি ‘স্যান্ডপেপার গেট’ নিয়ে গ্যালারির সঙ্গেও সংঘাতে জড়িয়ে পড়েছিলেন তিনি।

বিরাট বলেন, আমি এমন একজন, যে ঘটনার সঙ্গে জড়িয়ে যাই। এটা আমি আড়াল করতে চাই না। তবে মাঠে আমি যা-ই করি না কেন, সেটা আমি করি দলকে জেতাতে। কঠিন পরিস্থিতিতে বিপক্ষের উইকেট নিলে তাই আমি এভাবে সেলিব্রেট করি। আমার তখন মনে হয়, হ্যাঁ, এটাই আমাদের দরকার ছিল। আমরা পেরেছি। স্বাভাবিকভাবেই তাঁর মধ্যে গনগনে উত্তাপ এখন অনেক কমে এসেছে বলে জানিয়েছেন বিরাট।




বর্ডার-গাভাসকর সিরিজে কনস্টাস বনাম বিরাট। —ফাইল চিত্র

এর সঙ্গেই বিরাট যোগ করেন, কিন্তু আমার মধ্যে লড়াই কমে যায়নি। অনেকে ভাবে আগ্রাসন না থাকলে লড়াইয়ের তাগিদ আসবে কী করে। কিন্তু বাইরে সেটা প্রকাশ না করেও লড়াকু মনোভাব নিয়ে চলা যায়। এরপর বিরাট জানান, হতাশা থেকে সম্প্রতি কিছু মাথা গরমের ঘটনা তিনি ঘটিয়ে ফেলেছেন। পরে তাঁর মনে হয়েছে এসব না হলেই ভাল হত।

বিরাট আরও বলেছেন, কঠিন সফরে পরিবার পাশে থাকলে তিনি স্বাভাবিক থাকেন। তাঁর মধ্যে একটা ব্যালান্স কাজ করে। লোকের ধারণা নেই পরিবার কাছে থাকলে কত সুবিধা হয়। মাঠে একটা খারাপ দিন কাটানোর পর কোনও প্লেয়ার সেটা নিয়ে একা ভাবতে বসতে চায় না। আমার কথা হল মাঠে দায়িত্ব পালন করে এসে পরিবারের সঙ্গে সময় কাটানোয় কোনও ভুল নেই।

অন্য প্রসঙ্গে গিয়ে বিরাট বলেছেন, ২০১৪-এর ইংল্যান্ড সফর ও সাম্প্রতিক অস্ট্রেলিয়া সফর তাঁকে হতাশায় ঠেলে দিয়েছিল। চার বছর পর আর যেহেতু অস্ট্রেলিয়ায় গিয়ে এবারের ভুল ঝেড়ে ফেলতে পারবেন না, তাই ওদেশে যেটুকু করেছেন তা থেকেই বিরাট শান্তি খুঁজে পেতে চান।

## করুণের চোখ আইপিএলে



**নয়াদিল্লি, ১৬ মার্চ :** ঘরোয়া ক্রিকেটে রানের বন্যা বইয়েও ভারতীয় দলে ব্রাত্য করুণ নায়ার। নির্বাচকদের নজরে থাকতে আসন্ন আইপিএলকে পাখির চোখ করছেন বিদর্ভ রঞ্জি দলের তারকা ব্যাটার। দিল্লি ক্যাপিটালসের হয়ে খেলবেন করুণ। ঘরোয়া ক্রিকেটের ফর্ম আইপিএলে ধরে রাখতে চান করুণ। দিল্লিতে ফের কে এল রাহুলের সঙ্গে জুটি বাঁধছেন তিনি। করুণের কেরিয়ারের শুরুর দিন থেকে কর্নাটক দলে তাঁর সতীর্থ ছিলেন রাহুল। পুরনো বন্ধুর সঙ্গে জুটি বাঁধতে পেরে উচ্ছ্বসিত করুণ বলেন, ‘‘ফের একসঙ্গে আমরা খেলব ভেবে উত্তেজিত। প্রথম দিন থেকে কে এল আমার সতীর্থ ছিল।’’ যোগ করেন, ‘‘দিল্লি ক্যাপিটালস দলে ফিরতে পেরে ভাল লাগছে। আইপিএলের প্রতিটি ম্যাচ আমার জন্য গুরুত্বপূর্ণ। শুরুটা ভাল করতে চাই। পরিস্থিতি অনুযায়ী কিছু শট খেলে আত্মবিশ্বাস বাড়িয়ে টুর্নামেন্টে এগোতে চাই। নিজের উপর চাপ নিচ্ছি না।’’

# ইডেন টেস্ট সারাজীবন উপভোগ করব : লক্ষ্মণ

**নয়াদিল্লি, ১৬ মার্চ :** ২৪ বছর আগের ঘটনা। ভিভিএস লক্ষ্মণ বলছেন, ইডেনের সেই ম্যাচ ভোলা দূরে থাক, সারা জীবন তিনি উপভোগ করবেন।

২০০১-এর ইডেন টেস্টে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ঐতিহাসিক জয় তুলে নিয়েছিল ভারত। ক্রিকেটের অন্যতম সেরা আইকনিক ম্যাচ ছিল সেটা। পিছিয়ে পড়েও ঘুরে দাঁড়ানোর আশ্চর্য উদাহরণ সেই টেস্ট। সেই ম্যাচে ২৮১ রানের মহাকাব্যিক ইনিংস খেলে লক্ষ্মণ ক্রিকেট ইতিহাসে চিরস্থায়ী জায়গা করে নিয়েছিলেন। ইডেনে টেস্টের ২৪তম বর্ষ পূর্তিতে পোস্ট করেছেন দীর্ঘকায় হায়দরাবাদি।

লক্ষ্মণ লিখেছেন, ২৪ বছর আগের টেস্ট। যা সারাজীবন মনে রাখব। উপভোগ করব। একসঙ্গে দলের সবাই মিলে লড়াইয়ের এক অসাধারণ উদাহরণ। জীবনের জন্য বড় শিক্ষাও। সেটা এই যে, যতই প্রতিকূল পরিস্থিতির সামনে পড়ো না কেন, হাল ছাড়লে হবে না। এই অসাধারণ জয়ে দলের একজন সদস্য থাকতে পেরে ও জয়ে অবদান রাখতে পারে আমি গর্বিত।



০-১ পিছিয়ে থেকে ইডেন টেস্টে নেমেছিল সৌরভ গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বাধীন দল। প্রথম ইনিংসে ১৭১ রানে গুটিয়ে যাওয়ার পর অস্ট্রেলিয়া ৪৪৫ রান করায় ভারত পিছিয়ে ছিল বিশাল রানে। ফলো অন করতে হয়েছিল। ম্যাচের চতুর্থ দিন লক্ষ্মণ ও রাহুল দ্রাবিড়ের জুটি অবিচ্ছেদ্য থেকে যায়। লক্ষ্মণ প্রথমবার তিনে নেমে করেছিলেন ২৮১ রান। দ্রাবিড় করেন ১৮০। জুটিতে উঠেছিল ৩৭৬ রান। ভারত ৬৫৭/৭ তুলে ডিক্লেয়ার করে দেওয়ার পর হরভজন সিংয়ের বলে অস্ট্রেলিয়া ২১২ রানে অল আউট হয়ে হেরে যায় ১৭১ রানে। ভাজ্জি হ্যাটট্রিক করেন।

অস্ট্রেলিয়ার টানা ১৬ টেস্টে জয়ের রথ থেমে গিয়েছিল ইডেনে। আর এই জয়ে সৌরভের নেতৃত্বে ভারতীয় দল দারুণভাবে উঠে এসেছিল ক্রিকেট দুনিয়ায়।

## লজ্জার হার পাকিস্তানের

**ক্রাইস্টচার্চ, ১৬ মার্চ :** পাক ক্রিকেটের দুর্দশা অব্যাহত। দেশের মাটিতে আয়োজিত চ্যাম্পিয়ন্স ট্রফির ব্যর্থতার পর এবার নিউজিল্যান্ড সফরের শুরুতেই লজ্জার হার পাকিস্তানের। রবিবার ক্রাইস্টচার্চে আয়োজিত প্রথম টি-২০ ম্যাচে কিউয়িদের কাছে ৯ উইকেটে বিধ্বস্ত হয়েছেন সলমন আগারা। প্রথমে ব্যাট করতে নেমে, ১৮.৪ ওভারে মাত্র ৯১ রানেই গুটিয়ে গিয়েছিল পাক ইনিংস। যা টি-২০ ফরম্যাটে পাকিস্তানের সর্বনিম্ন রানের নজির। জবাবে মাত্র ১০.১ ওভারে ১ উইকেটে ৯২ রান তুলে ম্যাচ জিতে নেয় নিউজিল্যান্ড। জ্যাকব ডাফি ৪টি ও কাইল জেমিসন ৩টি উইকেট নেন। রান তাড়া করতে নেমে টিম সাইফার্ট ৪৪ করে আউট হলেও, ফিন অ্যালেন (অপরাজিত ২৯) ও টিম রবিনসন (অপরাজিত ১৮) নিউজিল্যান্ডকে জয় এনে দেন।

# কুলদীপ বিশ্বের সেরা রিস্ট স্পিনার : চাহাল

## দেশের হয়ে খেলার কথা ভাবি না

**নয়াদিল্লি, ১৬ মার্চ :** প্রিয় বন্ধু কুলদীপ যাদবের সাফল্যে উচ্ছ্বসিত। কিন্তু দেশের হয়ে খেলার কথা আর ভাবেন না। সাফ জানালেন যুজবেন্দ্র চাহাল।



ভারতের জার্সিতে কুলচা জুটি।

একটা সময়ে কুলদীপ-চাহালের স্পিন জুটি বিপক্ষ ব্যাটারদের রাতের ঘুম কেড়ে নিয়েছিল। ক্রিকেটপ্রেমীরা ভালবেসে এই জুটির নামকরণ করেছিলেন ‘কুলচা’। টিম ইন্ডিয়ার জার্সিতে দু’জনে ৩৭টি একদিনের ম্যাচে ১৩০টি উইকেট নিয়েছেন। চাহাল বলছেন, ‘‘কুলদীপ এই মুহূর্তে বিশ্বের সেরা রিস্ট স্পিনার। আইপিএল ও আন্তর্জাতিক ক্রিকেটে ধারাবাহিকভাবে নিজের যোগ্যতা প্রমাণ করে চলেছে।’’

ভারতের হয়ে ৭২টি একদিনের ম্যাচ এবং ৮০টি টি-২০ ম্যাচ খেলা চাহাল আরও বলেছেন, ‘‘কুলদীপের সঙ্গে বোলিং সব সময় উপভোগ করেছি। আমাদের মধ্যে দারুণ বোঝাপড়া রয়েছে। আমরা দু’জনেই ব্যাটারদের আক্রমণ করতে পছন্দ করি। ফলে দু’জনের জুটিটা খুব কার্যকর হয়।’’ ৩৪ বছর বয়সি চাহাল গত বছর টি-২০ বিশ্বকাপ স্কোয়াডে থাকলেও, একটিও ম্যাচে মাঠে নামার সুযোগ পাননি। জাতীয় দলে ফেরার স্বপ্ন আর দেখছেন না চাহাল। তিনি বলছেন, ‘‘যেটা আমার হাতে নেই, তা নিয়ে ভেবে সময় নষ্ট করতে চাই না।’’